

নিউইয়র্ক সিটির বাস চলাচল দ্রুত করতে

‘নেক্সট স্টপ’ পরিকল্পনায় ৮৮২ মিলিয়ন ডলার বরাদ্দ

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্ক সিটির বাসযাত্রীদের দীর্ঘদিনের ধীরগতির ভোগান্তি কমাতে নতুন উদ্যোগ ৭-এর পৃষ্ঠায় দেখুন



শেখ হাসিনার দেশে ফেরার ঘোষণা, কৌশল নাকি বাস্তবতা?

বাংলা পত্রিকা ডেস্ক রিপোর্ট: ভারতে অবস্থানরত বাংলাদেশের ক্ষমতাচ্যুত সাবেক প্রধানমন্ত্রী ও কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা চলতি বছরের ডিসেম্বরের দিকে দেশে ফিরে আদালতে ৬-এর পৃষ্ঠায় দেখুন

পথচলায় ৩০ বছর

The Weekly Bangla Patrika

বাংলা পত্রিকা

■ Vol. 30 ‖ Issue 42 / July 13, 2026, USA. Free in NY, Other State $1

বর্ষ ৩০ ‖ সংখ্যা ৪২ ‖ সোমবার, জুলাই ১৩, ২০২৬, আষাঢ় ২৯, ১৪৩৩ ‖ মহররম ২৭, ১৪৪৮

মেডিকেইডের কর্মঘণ্টার শর্ত: মামলা করলো ২৬ স্টেট

বাংলা পত্রিকা রিপোর্ট: যুক্তরাষ্ট্রে নিম্ন আয়ের মানুষের স্বাস্থ্যবিমা কর্মসূচি মেডিকেইড এর নতুন কর্মঘণ্টার শর্তের নীতির বিরুদ্ধে মামলা করেছে ওয়াশিংটন ডিসি সহ ২৫ টি স্টেট। মেডিকেইড সুবিধা অব্যাহত রাখতে প্রতি মাসে নির্দিষ্ট সময় কাজ বা প্রশিক্ষণে অংশগ্রহণ বাধ্যতামূলক করার ট্রাম্প প্রশাসনের নতুন নিয়মের বিরুদ্ধে অভিযোগ এনে ২৫টি অঙ্গরাজ্য ও ওয়াশিংটন ডিসি ফেডারেল আদালতের দ্বারস্থ হয়েছে। মামলা অভিযোগ করা হয়, নতুন বিধিমালা কার্যকর হলে লাখো যোগ্য ব্যক্তি শুধু প্রশাসনিক জটিলতা ও অতিরিক্ত কাগজপত্রের কারণে স্বাস্থ্যসেবা হারানোর ঝুঁকিতে পড়বেন।

নিউজউইকের প্রতিবেদনে বলা হয়, গত জুন মাসে যুক্তরাষ্ট্রের সেন্টারস ফর মেডিকেয়ার অ্যান্ড মেডিকেইড সার্ভিসেস (সিএমএস) একটি অন্তর্বর্তী চূড়ান্ত বিধিমালা প্রকাশ করে। এতে বলা হয়, মেডিকেইড এক্সপ্যানশন কর্মসূচির আওতায় থাকা অনেক প্রাপ্তবয়স্ককে স্বাস্থ্যবিমা চালিয়ে যেতে হলে প্রতি মাসে অন্তত ৮০ ঘণ্টা কাজ, চাকরির প্রশিক্ষণ, পড়াশোনা, স্বেচ্ছাসেবা বা সরকার অনুমোদিত অন্য কোনো কার্যক্রমে অংশ নেওয়ার প্রমাণ দিতে হবে।



নতুন নিয়মের বিরুদ্ধে গত ২৯ জুন ম্যাসাচুসেটসের একটি ফেডারেল আদালতে মামলা করে ২৫টি অঙ্গরাজ্য ও ওয়াশিংটন ডিসি। মামলার নেতৃত্ব দিচ্ছেন ক্যালিফোর্নিয়ার অ্যাটর্নি জেনারেল রব বন্টা, ম্যাসাচুসেটসের অ্যাটর্নি জেনারেল অ্যান্ড্রিয়া জয় ক্যাম্পবেল এবং নিউ জার্সির অ্যাটর্নি জেনারেল জেনিফার ড্যাভেনপোর্ট।

মামলায় অংশ নেওয়া অঙ্গরাজ্যগুলোর মধ্যে রয়েছে নিউইয়র্ক, ক্যালিফোর্নিয়া, নিউ জার্সি, ম্যাসাচুসেটস, মিশিগান, পেনসিলভানিয়া, অ্যারিজোনা, নেভাডা, নর্থ ক্যারোলাইনাসহ মোট ২৫টি অঙ্গরাজ্য এবং ওয়াশিংটন ডিসি।

বর্তমানে যুক্তরাষ্ট্রে ৬ কোটি ৭০ লাখের বেশি মানুষ মেডিকেইড সুবিধা পাচ্ছেন। তবে নতুন কর্মঘণ্টার নিয়ম সবার জন্য নয়। এটি মূলত অ্যাফোর্ডেবল কেয়ার অ্যাক্ট (ওবামাকেয়ার)-এর আওতায় মেডিকেইড সম্প্রসারণ কর্মসূচিতে অন্তর্ভুক্ত ১৯ থেকে ৬৪ বছর বয়সী প্রাপ্তবয়স্কদের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

নিয়ম অনুযায়ী, আবেদন করার সময় এবং সুবিধা নবায়নের সময় সংশ্লিষ্ট ব্যক্তিকে প্রতি মাসে অন্তত ৮০ ঘণ্টা অনুমোদিত কার্যক্রমে অংশ নেওয়ার প্রমাণ দিতে হবে। প্রয়োজনীয় তথ্য যাচাই করা না গেলে সুবিধাভোগীকে ৩০ দিনের সময় দেওয়া হবে। এরপরও তথ্য দিতে ব্যর্থ হলে তার স্বাস্থ্যবিমা বাতিল হতে পারে।

তবে গর্ভবতী নারী, সন্তান জন্মের পর বিশেষ সুবিধাপ্রাপ্ত মা, প্রতিবন্ধী ব্যক্তির পরিচর্যাকারী, গুরুতর অসুস্থ ব্যক্তি, শতভাগ অক্ষম ভেটেরান, ১৩ বছর বা তার কম বয়সী সন্তানের অভিভাবক, আমেরিকান ইন্ডিয়ান ও আলাস্কার আদিবাসী, মাদক বা অ্যালকোহল পুনর্বাসন কর্মসূচিতে থাকা ব্যক্তি এবং কিছু অন্যান্য শ্রেণির মানুষ এই কর্মঘণ্টার শর্ত থেকে অব্যাহতি পাবেন।

মামলায় অঙ্গরাজ্যগুলো বলেছে, নতুন নিয়মের কারণে অনেক যোগ্য মানুষ শুধুমাত্র অতিরিক্ত কাগজপত্র, অনলাইন যাচাই বা প্রশাসনিক জটিলতার কারণে স্বাস্থ্যবিমা হারাতে পারেন। বিশেষ করে ক্যানসার রোগী, প্রতিবন্ধী ব্যক্তি এবং জটিল স্বাস্থ্য সমস্যায় আক্রান্ত মানুষের জন্য এটি বড় ঝুঁকি তৈরি করবে।

অঙ্গরাজ্যগুলোর আরও দাবি, অতীতে বিভিন্ন রাজ্যে ৭-এর পৃষ্ঠায় দেখুন

নিউইয়র্ক সিটির ত্রি-কে প্রোগ্রামে নতুন আসন যুক্ত

বাসার কাছে প্রিস্কুলে সুযোগ পাবে শিক্ষার্থীরা

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্ক সিটির বিনামূল্যের ৩-কে (৩ বছর বয়সী শিশুদের প্রাক-প্রাথমিক শিক্ষা) কর্মসূচিতে নতুন করে ৭০০-এর বেশি আসন যুক্ত করার ফলে আরও প্রায় ১,৭০০ পরিবার তাদের বাসার কাছাকাছি চাহিদামতে প্রিস্কুলে সন্তানদের ভর্তি করার সুযোগ পেয়েছে। সিটি প্রশাসনের দাবি, শিশুদের জন্য মানসম্মত ও সহজে পৌঁছানো যায় এমন সেবাই নিশ্চিত করাই এই উদ্যোগের মূল লক্ষ্য। ওই কর্মসূচিতে আবেদনকারী পরিবারগুলোকে আগস্ট মাসে আসন বরাদ্দের তথ্য জানিয়ে দেওয়া হবে।



গোথামিস্টের প্রতিবেদনে বলা হয়, আবেদন প্রক্রিয়া শেষ হওয়ার পরও বাড়তি চাহিদা মেটাতে মেয়র জোহরান মামদানি প্রশাসন ৩-কে কর্মসূচিতে ৭০০টিরও বেশি নতুন আসন যোগ করে। এর ফলে আগে দূরের কেন্দ্রে আসন ৭-এর পৃষ্ঠায় দেখুন

সমালোচনার মুখে

নিউইয়র্ক সিটির অভিবাসী অধ্যুষিত এলাকার মানচিত্রে যুক্ত হচ্ছে ‘লিটল ইতালি’

বাংলা পত্রিকা ডেস্ক: নিউইয়র্ক সিটির অভিবাসী অধ্যুষিত এলাকাগুলোর সরকারি মানচিত্রে ‘লিটল ইতালি’র নাম না থাকায় ব্যাপক সমালোচনার মুখে পড়েছে মেয়র জোহরান মামদানির প্রশাসন। সমালোচনার পর মেয়র ঘোষণা দিয়েছেন, মানচিত্রটি সংশোধন করে ‘লিটল ইতালি’সহ আরও কয়েকটি সম্প্রদায়ের এলাকা এতে যুক্ত করা হবে। ৭-এর পৃষ্ঠায় দেখুন

টিপিএসধারীদের কর্মরত না রাখার নির্দেশনা জারি ডিএইচএস’র

চাকরি হারাচ্ছেন লাখো অভিবাসী!

বাংলা পত্রিকা ডেস্ক রিপোর্ট: যুক্তরাষ্ট্রে টেম্পোরারি প্রোটেক্টেড স্ট্যাটাস (টিপিএস) কর্মসূচির আওতায় কাজ করা কয়েক লাখ অভিবাসী কর্মীর চাকরি আগামী সপ্তাহের মধ্যে শেষ করতে নিয়োগদাতাদের নির্দেশ দিয়েছে দেশটির হোমল্যান্ড সিকিউরিটি বিভাগ। আর এতে চাকরি হারানোর ঝুঁকিতে কয়েক লাখ টিপিএসধারী অভিবাসী। ট্রাম্প প্রশাসনের টিপিএস কর্মসূচি বাতিলের উদ্যোগের অংশ হিসেবে এই নির্দেশনা জারি করা হয়েছে।



দ্য নিউইয়র্ক টাইমসের প্রতিবেদনে বলা হয়, শুক্রবার ১০ জুলাই ডিপার্টমেন্ট অব হোমল্যান্ড সিকিউরিটি নির্দেশনায় নিয়োগদাতাদের জানিয়েছে, যেসব কর্মীর টিপিএসভিত্তিক কাজের অনুমতি ৭-এর পৃষ্ঠায় দেখুন

স্বল্প আয়ের পরিবারকে মাসে অতিরিক্ত ৬০ ডলার দেওয়ার বিল কংগ্রেসে

বাংলা পত্রিকা ডেস্ক রিপোর্ট: যুক্তরাষ্ট্রে স্বল্প আয়ের পরিবারগুলোর পুষ্টিকর খাবারে প্রবেশাধিকার বাড়াতে নতুন একটি বিল কংগ্রেসে উত্থাপন করা হয়েছে। প্রস্তাবিত আইনে যোগ্য পরিবারগুলোকে প্রতি মাসে অতিরিক্ত ৬০ ডলার দেওয়ার কথা বলা হয়েছে, যা শুধু তাজা ফল ও সবজি কেনার জন্য ব্যবহার করা যাবে। স্ন্যাপ সুবিধাভোগীদের পাশাপাশি নির্দিষ্ট আয়ের অন্য পরিবারও এই সুবিধার আওতায় আসতে পারে। তথ্যমতে, গত ২ জুলাই ডেমোক্র্যাট কংগ্রেস সদস্য প্রমিলা জয়াপাল এবং তার দলের কয়েকজন সহকর্মী ‘ফ্রেশ বাকস ফর ফ্রেশ প্রোডিউস অ্যাক্ট’ নামে বিলটি ৭-এর পৃষ্ঠায় দেখুন

নিউ জার্সির বাসিন্দারা পাবেন চাইল্ড ট্যাক্স ক্রেডিট

আবেদন সহজ করতে চালু ‘সিম্পলফাইল’

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউ জার্সির নিম্ন ও মধ্যম আয়ের পরিবারগুলোর যোগ্য অভিভাবকরা চলতি বছরে সর্বোচ্চ ১,০০০ ডলার ও আগামী বছরে সর্বোচ্চ ১,২৫০ ডলার পর্যন্ত চাইল্ড ট্যাক্স ক্রেডিট সুবিধা পাবেন। সে জন্য চালু হয়েছে নতুন অনলাইন প্ল্যাটফর্ম ‘সিম্পলফাইল’। এর মাধ্যমে প্রতি যোগ্য সন্তানের জন্য ট্যাক্স ক্রেডিট পাওয়ার আবেদন করা যাবে। ট্যাক্স ক্রেডিট পাওয়ার প্রক্রিয়া আরও ৭-এর পৃষ্ঠায় দেখুন



রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
- প্রাইভেট অকশনের বাড়ি
- পাবলিক অকশনের বাড়ি
- ব্যাংক মালিকানা বাড়ি
- শর্ট-সেল ও REO-প্রপার্টি

কল করুনঃ ৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Oreal Neck, NY 11021
nurulazim67@gmail.com


Nurul Azim

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
- TAX Liens Charge Offs - Inquiries - Collections
- Garnishment - Bankruptcy - Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com


Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

TiME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল $৫৪৯+
917-396-4140, 917-592-7828


MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

দেশজুড়ে ভারি বর্ষণ ও পাহাড়ি ঢল

চট্টগ্রামের ৫ জেলাতেই ৮ লাখ মানুষ ক্ষতিগ্রস্ত



বাংলা পত্রিকা ডেস্ক: ভারি বর্ষণ পাহাড়ি ঢল ও বন্যায় দেশজুড়ে মানুষ চরম দুর্ভোগে পড়েছেন। চট্টগ্রামের ৫ জেলায় ৮ লাখ মানুষ ক্ষতিগ্রস্ত হয়েছেন। তলিয়ে গেছে দেড় লাখ হেক্টর জমির ফসল। নষ্ট হয়েছে ২৪১ কিমি. সড়ক। রোববারও ভারি বৃষ্টিপাতে নগরীর নিচু এলাকা ফের জলাবদ্ধতা সৃষ্টি হয়েছে। আজও দেশের ছয় বিভাগে অতি ভারি বৃষ্টিপাতের সম্ভাবনার কথা জানিয়েছে আবহাওয়া অধিদপ্তর।

বিশুদ্ধ পানি ও শুকনো খাবারের সংকট দেখা দিয়েছে চট্টগ্রামের বাঁশখালীতে। ৫ দিন বন্ধ থাকার পর চট্টগ্রাম-কক্সবাজার রুটে ট্রেন চলাচল শুরু হয়েছে। বান্দরবানে বন্য-পাহাড় ধসে বিপর্যস্ত হয়ে পড়েছে জনজীবন। স্বাভাবিক হয়নি সড়ক যোগাযোগ। রাঙামাটিতে দুর্গত এলাকা ও আশ্রয়কেন্দ্র পরিদর্শন করেছেন বিদ্যুৎ প্রতিমন্ত্রী।


বন্যার পানিতে ডুবে কক্সবাজারের চকরিয়ায় দুই শিশু ও এক কিশোর, রামুর কচ্ছপিয়ায় বৃদ্ধ এবং পেকুয়ায় এক শিশু মারা গেছে। ভোলার মনপুরায় রাস্তাঘাট ও ঘরবাড়ির ব্যাপক ক্ষতি হয়েছে। ত্রাণ পাননি দুর্গতরা। নেত্রকোনার কলমাকান্দায় উদ্দাখালী নদীর পানি বিপৎসীমার ওপর দিয়ে প্রবাহিত হচ্ছে। মৌলভীবাজারে পানি কমলেও দুর্ভোগ কমেনি। বন্যাকবলিত ১১ জেলায় বিজিবি মোতায়েন করা হয়েছে। ৬০০ মানুষকে উদ্ধার করা হয়েছে।

ছয় বিভাগে অতি ভারি বৃষ্টিপাতের সম্ভাবনা : দেশের ছয় বিভাগে আজ ভারি থেকে অতি ভারি বৃষ্টিপাতের পূর্বাভাস দিয়েছে আবহাওয়া অধিদপ্তর। রোববার দুপুরে আবহাওয়াবিদ হাফিজুর রহমানের সই করা এক সতর্কবার্তায় বলা হয়েছে, আগামী ২৪ ঘণ্টায় রংপুর, রাজশাহী, ময়মনসিংহ, ঢাকা, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অধিকাংশ জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারি ধরনের ভারি বৃষ্টি বা বজ্রসহ বৃষ্টি হতে পারে। একই সঙ্গে রংপুর, রাজশাহী, ময়মনসিংহ, ঢাকা, চট্টগ্রাম ও সিলেট বিভাগের কোথাও কোথাও ভারি থেকে অতি ভারি বৃষ্টি হতে পারে। শনিবার রাত থেকে টানা বৃষ্টিপাতে তলিয়ে গেছে ঢাকা। তবে আবহাওয়া অধিদপ্তরের আবহাওয়াবিদ একেএম নাজমুল হক জানিয়েছেন, ঢাকায় টানা ভারি বৃষ্টির তীব্রতা কমে আসতে পারে। আজ উত্তরবঙ্গের জেলাগুলোতে বৃষ্টির তীব্রতা বাড়তে পারে। শনিবার রাত থেকে রোববার ভোর ৬টা পর্যন্ত ঢাকায় বৃষ্টি হয়েছে ৯৭ মিলিমিটার এবং ভোর ৬টা থেকে বিকাল ৩টা পর্যন্ত ৯৫ মিলিমিটার।

অধিদপ্তর জানায়, বঙ্গোপসাগরে সৃষ্ট লঘুচাপের কারণে এ বৃষ্টি হলেও সক্রিয় মৌসুমি বায়ুর প্রভাবে টানা ভারি বর্ষণ চলছে।

বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্রের তথ্য অনুযায়ী, রোববার সকালে বান্দরবান ও চট্টগ্রামের সাঙ্গু, সুনামগঞ্জ ও সিলেটের কুশিয়ারা এবং নেত্রকোনার সোমেশ্বরী নদীর পাঁচটি পর্যবেক্ষণ পয়েন্টে পানি বিপৎসীমার ওপর দিয়ে প্রবাহিত হয়।

পাঁচ জেলায় ৮ লাখ মানুষ ক্ষতিগ্রস্ত : চট্টগ্রাম বিভাগের তিন পার্বত্য জেলা, কক্সবাজারসহ ৫ জেলায় ৮ লাখ ৬৬ হাজার ৬১৪ জন মানুষ ক্ষতিগ্রস্ত হয়েছেন। চট্টগ্রাম কৃষি অঞ্চলে ১ লাখ ৫৩ হাজার ১০৩ হেক্টর জমির ফসল তলিয়ে গেছে। ১০-এর পৃষ্ঠায় দেখুন



প্রভাবশালী রিপাবলিকান সিনেটর লিন্ডসে গ্রাহামের মৃত্যু

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রের প্রভাবশালী রিপাবলিকান সিনেটর ও প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের ঘনিষ্ঠ মিত্র লিন্ডসে গ্রাহাম মারা গেছেন। তার বয়স হয়েছিল ৭১ বছর। আকস্মিক অসুস্থতার পর শনিবার তার মৃত্যু হয় বলে তার কার্যালয় জানিয়েছে। প্রাথমিকভাবে ওয়াশিংটন ডিসির মেডিকেল পরীক্ষকের প্রতিবেদনে বলা হয়েছে, হৃদযন্ত্রের প্রধান ধমনীতে জটিলতার কারণে তার মৃত্যু হয়েছে।

২০০২ সালে প্রথমবার যুক্তরাষ্ট্রের সিনেটে নির্বাচিত হওয়া গ্রাহাম দীর্ঘ দুই দশকের বেশি সময় ধরে দেশটির রাজনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। রিপাবলিকান পার্টির এই নেতা একসময় ট্রাম্পের কঠোর সমালোচক ছিলেন, পরে তিনি ট্রাম্পের অন্যতম ঘনিষ্ঠ রাজনৈতিক সহযোগীতে পরিণত হন। তথ্যমতে, গ্রাহাম ছিলেন যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রনীতিতে ৮-এর পৃষ্ঠায় দেখুন



ট্রাম্প-জামাতার কাছে জাল দলিলে জমি বিক্রি আলবেনীয় ব্যবসায়ীর



ভিয়োসা-নার্তা সুরক্ষিত এলাকার একটি দৃশ্য। আলবেনিয়ার ভলোরার নিকটবর্তী জভেরনেসের এই এলাকায় ডোনাল্ড ট্রাম্পের জামাতা জ্যারেড কুশনার সংশ্লিষ্ট একটি প্রতিষ্ঠানের পক্ষ থেকে একটি বিলাসবহুল রিসোর্ট তৈরির পরিকল্পনা করা হয়েছে। ছবি: এএফপি

বাংলা পত্রিকা ডেস্ক: আলবেনিয়ায় মাদক ব্যবসার অর্থ পাচারের অভিযোগে অভিযুক্ত মায়ামির এক ব্যবসায়ী মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের জামাতা জ্যারেড কুশনারের শত কোটি ডলারের রিসোর্ট তৈরির প্রস্তাবিত জায়গার মালিকানার দলিল জাল করেছেন বলে সন্দেহ করা হচ্ছে। দেশটির সংঘবদ্ধ অপরাধ দমন সংস্থার নথিপত্র পর্যালোচনা করে বার্তা সংস্থা রয়টার্স এই তথ্য জানিয়েছে।

অভিযুক্ত ব্যবসায়ী আর্তুর শেহু তাঁর বিরুদ্ধে আনা সব অভিযোগ অস্বীকার করেছেন। তাঁর আইনজীবী কুইতিম চাকরানি নিশ্চিত করেছেন, মাদক চক্রের অর্থ পাচারের অভিযোগে আলবেনিয়ার প্রসিকিউটররা শেহুকে গ্রেপ্তারের জন্য পরোয়ানা জারি করেছেন। মামলার নথিতে অভিযোগ করা হয়েছে, শেহু এবং তাঁর সহযোগীরা দক্ষিণ আমেরিকা থেকে ইউরোপের বন্দরগুলোতে কোকেন পাচার করতেন। পরে সেই অর্থ দিয়ে একটি রিয়েল এস্টেট সাম্রাজ্য গড়ে তোলেন এবং এই কাজে জমির জাল মালিকানা দলিলও ব্যবহার করা হয়।

আইনজীবী চাকরানি বলেন, 'আর্তুর শেহুর চরিত্র নিয়ে যে সমস্ত অভিযোগ আনা হয়েছে, তার কোনোটিই সত্য নয়। তিনি কোনো মাদক পাচারকারী নন, কিংবা সম্পত্তির দলিল ১০-এর পৃষ্ঠায় দেখুন

ম্যানহাটন ও ব্রুকলিনে রেকর্ড বাসা ভাড়া বৃদ্ধি

বাংলা পত্রিকা ডেস্ক: নিউইয়র্ক সিটিতে বাড়ি ভাড়ার চাপ আরও বেড়েছে। নতুন এক প্রতিবেদনে দেখা গেছে, ম্যানহাটন ও ব্রুকলিনে মাঝারি (মেডিয়ান) ভাড়া এখন ইতিহাসের সর্বোচ্চ পর্যায়ে পৌঁছেছে। রিয়েল এস্টেট প্রতিষ্ঠান করকোরানের তথ্য অনুযায়ী, গত জুনে ম্যানহাটনে গড় মাসিক ভাড়া দাঁড়িয়েছে ৫ হাজার ২৯৫ ডলারে।

প্রতিবেদন অনুযায়ী, একই সময়ে ব্রুকলিনেও ভাড়ার দাম রেকর্ড ছুঁয়েছে। সেখানে মাঝারি ভাড়া বেড়ে হয়েছে ৪ হাজার ৩৫০ ডলার। গত বছরের একই সময়ের তুলনায় দুই এলাকাতেই ভাড়া বেড়েছে প্রায় ৮ শতাংশ।

বিশেষজ্ঞরা বলছেন, ম্যানহাটন ও ব্রুকলিনের বাড়তি ভাড়ার প্রভাব এখন অন্য বরোগুলোতেও পড়ছে। রিয়েল এস্টেট প্রতিষ্ঠান এমএনএস-এর আরেক প্রতিবেদনে দেখা গেছে, কুইন্স ও ব্রঙ্কসেও ভাড়ার দাম বাড়ার প্রবণতা অব্যাহত রয়েছে।

কুইন্সের রেগো পার্ক এলাকায় ভাড়ার চাপ বিশেষভাবে বেশি দেখা যাচ্ছে। ২০২৫ সালের মে থেকে ২০২৬ সালের মে পর্যন্ত সেখানে এক বেডরুমের অ্যাপার্টমেন্টের গড় ভাড়া বেড়েছে ১২ শতাংশ। স্টুডিও অ্যাপার্টমেন্টের ভাড়া বেড়েছে ২০ শতাংশেরও বেশি। তবে দুই বেডরুমের ইউনিটের ভাড়া কিছুটা কমেছে, প্রায় ৩ শতাংশ।

ফ্লোরিডার টাম্পা থেকে নিউইয়র্কে মেডিকেল স্কুলে পড়তে আসা আলমো রেগাজি রেগো পার্কে নতুন করে বসবাস শুরু করেছেন। তার মতো নতুন বাসিন্দারাও বলছেন, নিউইয়র্কে বাসা খুঁজতে গিয়ে উচ্চ ভাড়া এখন বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে।

ক্রমবর্ধমান ভাড়া ও সীমিত আবাসন সরবরাহের কারণে নিউইয়র্ক সিটির ভাড়াটিয়াদের ওপর আর্থিক চাপ আরও বাড়ছে বলে মনে করছেন আবাসন বিশ্লেষকরা।

নিউইয়র্কে ফেসবুক মার্কেটপ্লেসে কেনাবেচার ফাঁদ, ডেকে নিয়ে লুট

বাংলা পত্রিকা ডেস্ক: ফেসবুক মার্কেটপ্লেসে পণ্য কেনার কথা বলে দেখা করতে ডেকে তিনজনকে ছিনতাইয়ের অভিযোগে এক সন্দেহভাজনকে খুঁজছে নিউইয়র্ক পুলিশ (এনওয়াইপিডি)। গত মে মাসে ব্রঙ্কস ও ব্রুকলিনে পৃথক তিনটি ঘটনায় এ ছিনতাইয়ের ঘটনা ঘটে।

এনওয়াইপিডির তথ্য অনুযায়ী, ১৩ মে থেকে ৩১ মে পর্যন্ত সংঘটিত তিনটি ঘটনার মধ্যে দুটি ব্রঙ্কসের মেলরোজ এলাকায় এবং একটি ব্রুকলিনের ক্যানারসি এলাকায় ঘটে।

পুলিশ জানায়, ২০ থেকে ৩০ বছর বয়সী তিন ভুক্তভোগী ফেসবুক মার্কেটপ্লেসে একটি জুতা, একটি হাতঘড়ি এবং একটি নিনটেনডো সুইচ বিক্রির জন্য সন্দেহভাজনের সঙ্গে নির্ধারিত স্থানে দেখা করতে সম্মত হন।

কিন্তু লেনদেনের সময় অর্থ পরিশোধ করার পরিবর্তে অভিযুক্ত ব্যক্তি তাদের কাছ থেকে পণ্যগুলো ছিনিয়ে নেন। একটি ঘটনায় তিনি আগ্নেয়াস্ত্র প্রদর্শন করে ছিনতাই করেন বলে অভিযোগ করেছে পুলিশ। তিনটি ঘটনাতেই কেউ শারীরিকভাবে আহত হননি। তবে সন্দেহভাজন এখনো পলাতক রয়েছে এবং তাকে গ্রেপ্তারে অভিযান চলছে।

এনওয়াইপিডি এ ঘটনায় জনসাধারণের সহযোগিতা চেয়েছে। সন্দেহভাজন সম্পর্কে কোনো তথ্য থাকলে ক্রাইম স্টপার্স হটলাইন ১-৮০০-৫৭৭-টিপস (৮৪৭৭)-এ ফোন করে বা অনলাইনে তথ্য দেওয়ার আহ্বান জানিয়েছে পুলিশ।

conEdison

পচা ডিমের মতো গন্ধ পাচ্ছেন?
তা গ্যাস লিকের
লক্ষণ হতে পারে।

পচা ডিমের মতো গন্ধ, হিসহিস বা শিস দেওয়ার মতো শব্দ,
সাদা মেঘের মতো ধোঁয়া, অথবা বাইরের গাছপালা মরে যাওয়া
এসবই গ্যাস লিকের লক্ষণ। যদি গ্যাসের গন্ধ পান, তাহলে দ্রুত পদক্ষেপ নিন।
অবিলম্বে সেখান থেকে বের হয়ে যান এবং 911-এ কল করুন।



এখানে আরও জানুন conEd.com/GasSafety

The Weekly Bangla Patrika

Editor: **Abu Taher**
Tel : 718 482 9923
718 482 1169
Fax: 718 482 9935

সম্পাদকীয়

সংবিধানের মৌলিকতা পুনরুদ্ধার

আপিল বিভাগের এ রায় গৌরবময় ও তাৎপর্যপূর্ণ

বাংলাদেশের সাংবিধানিক ইতিহাসের এক গৌরবময় ও তাৎপর্যপূর্ণ অধ্যায় রচিত হলো সুপ্রিমকোর্টের আপিল বিভাগের সাম্প্রতিক রায়ের মধ্য দিয়ে। ২০১১ সালের বহুল বিতর্কিত পঞ্চদশ সংশোধনীর গুরুত্বপূর্ণ কিছু অংশ অবৈধ ঘোষণা করে হাইকোর্টের দেওয়া রায় বহাল রেখেছেন আপিল বিভাগ। প্রধান বিচারপতি জুবায়ের রহমান চৌধুরীর নেতৃত্বাধীন চার সদস্যের আপিল বেঞ্চের এই সিদ্ধান্ত কেবল আইনি বিজয়ই নয়, বরং এটি জুলাই-আগস্টের ছাত্র-জনতার নজিরবিহীন গণ-অভ্যুত্থানের মাধ্যমে অর্জিত আকাঙ্ক্ষার এক সাংবিধানিক স্বীকৃতিও বটে। এর ফলে দেশে দীর্ঘকাল ধরে অবরুদ্ধ থাকা নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা এবং জনগণের প্রত্যক্ষ মতামত প্রকাশের মাধ্যম 'গণভোট' ব্যবস্থাও পুনরায় সংবিধানে ফিরে আসার পথ সুগম হয়েছে।

আইনজীবী ও রাজনৈতিক বিশ্লেষকদের মতে, পঞ্চদশ সংশোধনীর মাধ্যমে তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা বাতিল করার যে আত্মঘাতী সিদ্ধান্ত নেওয়া হয়েছিল, তা ছিল দেশের নির্বাচন ব্যবস্থাকে সুপরিকল্পিতভাবে দলীয়করণের এক নগ্ন চেষ্টা। হাইকোর্টের পূর্ণাঙ্গ রায়েও উঠে এসেছে, এই ব্যবস্থা বাতিলের কারণে ২০১৪, ২০১৮ ও ২০২৪ সালের প্রহসনমূলক ও প্রশ্নবিদ্ধ নির্বাচনের পথ সুগম হয়েছিল, যা নাগরিকদের ভোটাধিকারকে সরাসরি হরণ করে। বলা বাহুল্য, কোনো দেশের সংবিধানে যদি অবাধ ও সুষ্ঠু নির্বাচনের নিশ্চয়তা না থাকে, তাহলে তার 'গণতন্ত্র' ও 'জনগণের সার্বভৌমত্ব' নামক মৌলিক কাঠামো দুটি ধূলিসাৎ হতে বাধ্য। বিগত দেড় দশক ধরে জনগণ এই দুঃসহ যন্ত্রণার মধ্য দিয়েই জীবন অতিবাহিত করেছে, যার চূড়ান্ত বিস্ফোরণ ঘটে চব্বিশের গণ-অভ্যুত্থানে।

বলা বাহুল্য, আইনমন্ত্রী এবং অ্যাটর্নি জেনারেলের ইতিবাচক প্রতিক্রিয়া ও আইনি প্রক্রিয়ায় রায় বাস্তবায়নের প্রতিশ্রুতি এই ইঙ্গিত দেয় যে, আগামী জাতীয় সংসদ নির্বাচন একটি নিরপেক্ষ ও জবাবদিহিমূলক নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকারের অধীনেই অনুষ্ঠিত হতে যাচ্ছে। এটি ক্ষমতার মসনদ দখলের নোংরা রাজনৈতিক খেলা বন্ধ করতে এবং জনগণের ভোটের মর্যাদা ফিরিয়ে দিতে এক ঐতিহাসিক মাইলফলক হিসাবে কাজ করবে। তবে এই রায়ের অপর একটি তাৎপর্যপূর্ণ দিক হলো, আদালত পুরো পঞ্চদশ সংশোধনীকে ঢালাওভাবে বাতিল করেননি। হাইকোর্ট যে চারটি প্রধান বিষয়কে অসাংবিধানিক ঘোষণা করেছিলেন-যেমন সংবিধানে অপরিবর্তনীয় অনুচ্ছেদ যুক্ত করা (৭ক ও ৭খ), গণভোট বাতিল, নিম্ন আদালতকে রিটের ক্ষমতা দেওয়া এবং তত্ত্বাবধায়ক সরকার বিলোপ-কেবল সেগুলোকেই আপিল বিভাগ অবৈধ রেখেছেন। এর বাইরে থাকা অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ের চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়ার কাজটি ছেড়ে দেওয়া হয়েছে জনগণের নির্বাচিত জাতীয় সংসদের ওপর।

আমরা মনে করি, আদালতের এই বিচক্ষণ ভারসাম্যমূলক সিদ্ধান্ত অত্যন্ত দূরদর্শী ও প্রশংসনীয়। এর মাধ্যমে যেমন একদিকে পূর্ববর্তী সরকারের একতরফা সংশোধনীর কালো থাবা থেকে সংবিধান রক্ষা পেয়েছে, অন্যদিকে ভবিষ্যৎ সংসদের সার্বভৌমত্ব ও জনগণের ইচ্ছার প্রতিও পূর্ণ সম্মান প্রদর্শন করা হয়েছে। এখন রাষ্ট্রের মূল দায়িত্ব হবে আদালতের এই ঐতিহাসিক রায়কে বাস্তবায়ন করা। এজন্য একটি কার্যকর 'সংবিধান সংশোধন কমিটি' গঠন করে অতি দ্রুত নির্বাচনি কাঠামোর সংস্কার সম্পন্ন করতে হবে, যাতে কোনো অশুভ শক্তি আর কখনো দেশের গণতান্ত্রিক প্রক্রিয়া নিয়ে ছিনিমিনি খেলার দুঃসাহস দেখাতে না পারে। সুশাসন ও ন্যায়বিচারভিত্তিক এক নতুন বাংলাদেশ বিনির্মাণে এ রায় নিশ্চয়ই এক আলোকবর্তিকা হিসাবে পথ দেখাবে।



উত্ত্যক্ত প্রকৃতি নির্মম প্রতিশোধ নিচ্ছে



সিরাজুল ইসলাম চৌধুরী

বন্যার অভিশাপ মুক্তির পরিকল্পনা কার্যকর হয়নি। বন্যা ফি বছর হয়, সমাধানের দাবি ওঠে, কিন্তু তারপর ওই যেই সেই। এই সমস্যা-সংকট চাপা পড়ে যায়। এটাই বাস্তবতা। এ বছরেও বড় রকমের বন্যা হয়েছে এবং সামনে আরও বড় বন্যা হতে পারে এমনটিই অনেক বিশেষজ্ঞের অভিমত। সংবাদমাধ্যমে উঠে এসেছে চট্টগ্রামে পাহাড়ধসের মর্মান্তিক ঘটনাগুলো। বলবানচক্র, মুনাফালোভীদের লোভের কারণে পাহাড় ও গাছ কাটা হচ্ছে, পাহাড়ে ঘর বানিয়ে নিম্ন আয়ের মানুষের অসহায়ত্বকে পুঁজি করে তারা নিজেদের উদর ভরছে। পাহাড়ধসে পাহাড়ের পাদদেশে ঝুঁকিপূর্ণভাবে বসবাসরত প্রান্তিক ও দরিদ্র জনগোষ্ঠীর প্রাণহানির ঘটনাগুলোকে সমাজ ও রাষ্ট্রের ব্যর্থতা এবং চরম বৈষম্যের বিষয়টিকেই স্পষ্ট করে তুলেছে। প্রকৃতি ধ্বংসের এই নির্মম প্রতিযোগিতাই পাহাড়ধসের মতো প্রাকৃতিক বা মানবসৃষ্ট দুর্যোগকে ত্বরান্বিত করে।

বন্যার কথা খুব করে বলতেন মওলানা ভাসানী। তিনি কৃষকদের দুর্দশা জানতেন। ১৯৫৪ সালে যুক্তফ্রন্টের একুশ দফা প্রতিশ্রুতিগুলোর মধ্যে ৭ নম্বরটি ছিল 'খাল খনন ও সেচের ব্যবস্থা করিয়া দেশকে বন্যা এবং দুর্ভিক্ষের কবল হইতে রক্ষা করিবার ব্যবস্থা করা হইবে।' ১৯৬৫ সালে ঘোষিত ন্যাপের ১৪ দফা ছিল সারা পাকিস্তানের কর্মসূচি, সেখানেও ১৩ নম্বর দফায় বলা হয়েছে, 'পূর্ব পাকিস্তানের বন্যা প্রতিরোধ করিবার জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।' বহু কষ্টে পাকিস্তানকে শেষ পর্যন্ত বাংলাদেশ থেকে বিদায় করা গেছে, কিন্তু গত অর্ধশতাব্দীর বেশি সময়েও বন্যার অভিশাপ আমাদের কাঁধ থেকে নামেনি। প্রধান কারণ সমস্যাটা বিত্তবানদের স্পর্শ করে না। চট্টগ্রাম, সিলেটসহ কয়েকটি বিভাগে লাখ লাখ বানভাসি মানুষের দুর্দশা ও বিপন্ন-বিপর্যস্ত চিত্র সংবাদমাধ্যমে উঠে আসছে।

পাকিস্তান আমলেই এটা পরিষ্কার হয়ে যাওয়া উচিত ছিল এবং গিয়েছিলও যে, বন্যা সমস্যার সমাধান মূলত নদীর সমস্যা। যে জন্য ফারাক্কা বাঁধ নির্মাণের সময়ে পাকিস্তানের পক্ষ থেকে আপত্তি তোলা হয়েছিল। বাংলাদেশ প্রতিষ্ঠার পর সেই ফারাক্কা কার্যকর করা হয়েছে এবং বাংলাদেশের জন্য শুকনার সময়ে কম পানি এবং বর্ষায় প্লাবনের দুর্ভোগ সহ্য করতে হচ্ছে। মওলানা ভাসানী সমস্যাটির গুরুত্ব কখনো ভোলেননি। তাই জীবনের শেষ প্রান্তে এসে এবং অসুস্থ অবস্থাতেও ফারাক্কা লংমার্চের নেতৃত্ব দিয়েছিলেন। ইতিমধ্যে তিস্তাসহ অন্য নদী নিয়েও মস্ত মস্ত সমস্যা দেখা দিয়েছে। আমরা ভুক্তভোগী। কিন্তু এ নিয়ে আলাপ-আলোচনা ভিন্ন দৃশ্যত অগ্রগতি বলতে তেমন কিছু নেই। ওদিকে বর্ষা এলেই নদীর ভাঙন শুরু হয়ে যায়। শত শত মানুষ গৃহহীন হয়। জমি কমে আসে। আবার গ্রীষ্মের সময় অনেক এলাকায় দেখা দেয় নিদারুণ খরা। খাবার পানির আকাল পড়ে। উন্নতির উৎসবের নিচে হারিয়ে যায় বিপন্ন মানুষের উদ্বেগ ও আর্তনাদ।

অল্প বৃষ্টিতে তলিয়ে যায় ঢাকা। চট্টগ্রামের অবস্থা তো আরও খারাপ। ১৯৮৮ সালের বন্যাপরবর্তী শহর রক্ষাবাঁধ নির্মাণের ফলে বুড়িগঙ্গার শাখা নদীটিকে বিনাশ বা হত্যা করা হয়েছে। গাবতলী হতে বাবুবাজারছ দ্বিতীয় বুড়িগঙ্গা সেতু পর্যন্ত বেড়িবাঁধ নির্মাণের কারণে বুড়িগঙ্গার শাখা নদীটিতেও ওই অঞ্চলের পয়ঃনিষ্কাশন, বৃষ্টির পানি নির্গতের পথ সংকুচিত হয়ে পড়েছে। বাঁধ নির্মাণের পরপরই বেড়িবাঁধের উত্তর ও দক্ষিণের শাখা নদীর বিস্তীর্ণ জায়গায় মাটি ভরাট করে অবৈধ দখল এবং স্থাপনা নির্মাণের হিড়িক পড়ে যায়। ফলে সেখানে গড়ে উঠেছে বিশাল জনবসতি, ব্যক্তিগত শিল্প-কারখানাসহ অজস্র স্থাপনা। নদী কীভাবে ব্যক্তিগত সম্পত্তিতে পরিণত হয়ে পড়ে, তার নজরকাড়া দৃষ্টান্ত বুড়িগঙ্গার শাখা নদীটি বিলীন হয়ে যাওয়া। অথচ এক সময় এই নদীর বুক চিড়ে শ্যামবাজার, বাদামতলী, সদরঘাট, চকবাজার, সোয়ারীঘাট হতে পণ্যবাহী নৌকা চলাচল করত মিরপুর, গাবতলী, সাভার ও মানিকগঞ্জ পর্যন্ত। এখন তো ডিঙ্গি নৌকা চলার পথও রুদ্ধ। কেবল কয়েক গজের সরু খালটি টিকে আছে অঞ্চলগুলোর ড্রেনেজ ব্যবস্থার কারণে। নদীনির্ভর যাতায়াতের পুরো ব্যবস্থারও পরিসমাপ্তি ঘটেছে।



অথচ এক সময়ে এই শাখা নদীটিকে কেন্দ্র করে এই অঞ্চলে অবস্থিত আড়ত, পাইকারি বাজারের পণ্য পরিবহন হতো। বর্ষাকালে নদীটির প্রস্থ হয়ে যেত প্রায় দুই কিলোমিটার। সাঁতার কাটা, নৌ-ভ্রমণ, নৌকাবাইচ ইত্যাদি ছিল জনজীবনের অনুষঙ্গ। অথচ বেড়িবাঁধ নির্মাণের পর সবই সোনালি অতীতে পরিণত। বর্তমানে শাখা নদীটি ময়লা, আবর্জনা, বৃষ্টির পানি বহনের বড় আয়তনের এক ড্রেন ভিন্ন অন্যকিছু নয়। বুড়িগঙ্গা নদীর বুকে কামরাঙ্গীরচর ছিল এক বিস্ময়ের দ্বীপ, যার দক্ষিণে আদি বুড়িগঙ্গা আর উত্তরে বুড়িগঙ্গার শাখা নদী। এই শাখা নদীটি বর্ষা মৌসুমে আয়তনে আদি বুড়িগঙ্গা নদীর সমান হয়ে যেত। কামরাঙ্গীরচরের উত্তরের শাখা নদীটি নৌকায় পেরিয়ে পুরান ঢাকায় আসা-যাওয়ার একমাত্র ব্যবস্থা ছিল, আজকে যার কোনো অস্তিত্ব নেই। বেড়িবাঁধের দক্ষিণের সংকীর্ণ ছোট খালটির পর থেকে মাটি ভরাট করে শাখা নদীটি কামরাঙ্গীরচর পর্যন্ত অবিচ্ছেদ্য জনপদে পরিণত। শীত মৌসুমে শাখা নদীটির বুকে চর জেগে উঠত। পুরান ঢাকার নদীতীর হতে নৌকাযোগে বিশাল সেই চরে স্থানীয় কিশোর-যুবকরা খেলাধুলা করত। কামরাঙ্গীরচরের কৃষকরা জেগে ওঠা চরে পাট-ধানসহ রবিশস্য চাষাবাদ করতেন । বর্ষা মৌসুম না-আসা পর্যন্ত চরটি ফসল উৎপাদনে এবং খেলাধুলার মাঠ হিসেবে ব্যবহৃত হতো। এ যেন এক হারানো পৃথিবীর হারানো সময়ের স্মৃতি। সামরিক শাসক এরশাদের শাসনামলে নির্মিত এই বেড়িবাঁধ এবং ঢাকা শহরের অভ্যন্তরে অজস্র বুড়িগঙ্গার সংযোগ খাল ভরাট করে কালভার্টে রূপান্তরের ফলে ভারী বর্ষণে ঢাকা শহরের অনেক অঞ্চল পানিতে ডুবে যায় এবং এর ফলে আমরা তার কুফল ভোগ করছি।

জীবন কি বৃক্ষের মতো নাকি নদীর এই প্রশ্নের মুখোমুখি হলে মাঝামাঝি পথ নেওয়াটা নিরাপদ, আবার দুটোই সত্য। জীবনের সঙ্গে বৃক্ষের মিল আছে তার খাড়াখাড়ি ওপরে উঠে যাওয়াতে, নদীর মিল আছে তার আড়াআড়ি প্রবহমানতায়। প্রশ্নটা দাঁড়াবে কোন তুলনাটা ঠিক। গাছের, নদীর, নাকি যন্ত্রের? এককালে মানুষ গাছে থাকত, নেমে এসে হাত ও হাতিয়ার ব্যবহার করেছে। অসংখ্য যন্ত্র, অজস্র উদ্ভাবনা এখন তার হাতের মুঠোয়। সে নদীর মতো যতটা না প্রবহমান, যন্ত্র নিয়ে তার চেয়ে অধিক ব্যস্ত। জগৎটা এখন ছোট হয়ে গেছে বড় হতে গিয়ে। তা গাছ বলি আর নদীই বলি, উভয়েই খুব বিপদে আছে। কাঠুরেরা এখন অনেক বেশি তৎপর বৃক্ষনিধনে। দখলদাররা সারাক্ষণ ব্যস্ত নদী দখলে ও দূষণে। প্রকৃতি নিজেই তো এখন বিপন্ন। তাত্ত্বিক পদার্থবিজ্ঞানীরা গবেষণার বড় বড় দায়িত্বের ভেতরে থেকে মাঝেমধ্যে আমাদের জানাচ্ছেন, সৌরজাগতিক এমন একটা বিস্ফোরণ ঘটতে পারে, যাতে শুধু পৃথিবী নয়, পরিচিত মহাবিশ্বই ধ্বংস হয়ে যাবে। টের পাওয়া যাচ্ছে, সেটা হলো পৃথিবীটা ক্রমেই মনুষ্য বসবাসের অনুপযোগী হয়ে পড়ছে। প্রকৃতি ইতিমধ্যেই অত্যন্ত বিরূপ হয়ে পড়েছে। ঝড় ও জলোচ্ছ্বাসের মাত্রা বেড়েছে। আগের তুলনায় ঘন ঘন হচ্ছে। বাংলাদেশে আমরা শরৎকালকে এখন পাচ্ছি বর্ষা ও গ্রীষ্ম হিসেবে। সমুদ্রের পানি উঁচু হয়ে উঠছে, নিচু এলাকা বিলীন হয়ে যাবে। প্রকৃতি ক্ষেপে গেছে। তবে প্রকৃতি এমনি এমনি ক্ষেপেনি। তাকে উত্ত্যক্ত করা হয়েছে। সে এখন প্রতিশোধ নিচ্ছে। কারা উত্ত্যক্ত করল? উত্ত্যক্ত করলেন পুঁজিপতিরা। সৌরজাগতিক মহাপ্রলয়ের আগেই কি ধরিত্রীই ধ্বংস হয়ে যাবে, পুঁজিপতিদের কারণে।

দরকার হলো নদী, প্রকৃতি ও পরিবেশকে উন্নতির একেবারে কেন্দ্রে স্থাপন করা। কাজটা সহজ নয়, কিন্তু অসম্ভব তাও বলা যাবে না। এর জন্য প্রয়োজন দৃষ্টিভঙ্গির বৈপ্লবিক পরিবর্তনের। সেটি গড়ে তোলা অত্যাবশ্যক। শেষ পর্যন্ত প্রয়োজন হবে একটি সামাজিক বিপ্লবের। গ্রামকে ঢাকায় টেনে আনার দরকার নেই, দূষিত ঢাকাকেও ঠেলে ধাক্কিয়ে গ্রামে নিয়ে যেতে চাওয়াও ভুল। আমাদের আকাঙ্ক্ষার উন্নতি হোক, মানবিক ও সর্বত্রগামী হোক; দৈত্যের মতো নয়, নদীর মতো। একাত্তরে ভোটের নয়, আমাদের সামনে ছিল সংগ্রামের রাজনৈতিক সংহতি। কিন্তু খুব বেশি দিন সংহতিটা টেকেনি, বদলে যেতে থাকে দৃশ্যপট। স্টিমারটি ঘাটে ভিড়লে যেমনটা ঘটে, ঠিক তেমনটি। ওপরতলার যাত্রীরা, যাদের সংখ্যা অল্প, তারাই প্রথমে এবং দ্রুতগতিতে নেমে যায়। নিচের ডেকে অনেক মানুষের ভিড়, তাদের নামতে হয় পরে এবং ধীরে ধীরে। তারা নেমে দেখে যানবাহন বলতে কিছু আর অবশিষ্ট নেই, ওপরতলার মানুষরা সব দখল করে নিয়ে নিজেদের গন্তব্যে চলে গেছে। গন্তব্য একটাই। আর সেটা হলো যেখানে যা পাওয়া যায় দখল করা।

একাত্তরে আমরা সংকল্প-জয়ী হয়েছিলাম সংহতির কারণে। ওই শক্তিটা হারিয়ে যায়নি, জনগণের মধ্যে সুপ্ত আছে, তাকে সংগঠিত করা দরকার সুস্পষ্ট গন্তব্যের দিকে এগোনোর জন্য। বলা বাহুল্য, লক্ষ্যটি একুশ দফা কিংবা এগারো দফার নয়, এক দফার। সমাজ পরিবর্তনের। প্রকৃতি ও নদ-নদীকে মুনাফালোভী ও ব্যক্তিস্বার্থপর পুঁজিবাদের জিম্মিদশা থেকে মুক্ত করতেই হবে। আরও দরকার হলো, ব্যবস্থাটাকে বদলাতে হবে। পাহাড়ে অবৈধ বসতি, বৃক্ষনিধন, নদনদী দখল, পরিবেশ ধ্বংসের কারণে সৃষ্ট বিপর্যয়ের কুফল কি আমাদের ভোগ করতেই হবে? এর প্রতিকার-প্রতিবিধান করবে কে? নিশ্চয় তা রাষ্ট্রকেই করতে হবে।

লেখক : ইমেরিটাস অধ্যাপক, ঢাকা বিশ্ববিদ্যালয়

২০২৮ সালের প্রেসিডেন্ট নির্বাচনে ডেমোক্র্যাটদের হয়ে কে লড়তে পারেন, কারা এখন মাঠে সক্রিয়

রয়টার্স: ২০২৮ সালের মার্কিন প্রেসিডেন্ট নির্বাচন সামনে রেখে ডেমোক্রেটিক পার্টির সম্ভাব্য প্রার্থীরা এখনই প্রাথমিক প্রস্তুতি শুরু করে দিয়েছেন। রিপাবলিকান প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের মেয়াদ শেষ হওয়ার পর হোয়াইট হাউসের ক্ষমতা পাওয়ার এই উন্মুক্ত লড়াইয়ে দলটির কোনো শীর্ষ নেতার নাম এখনো চূড়ান্ত হয়নি।

এই লড়াইয়ে অংশ নিতে ডেমোক্রেটিক দলের বিভিন্ন অঙ্গরাজ্যের গভর্নর, সিনেটর এবং সাবেক প্রার্থীরা সেসব অঙ্গরাজ্য চষে বেড়াচ্ছেন, যেগুলাতে প্রাথমিকভাবে দলীয় প্রার্থী বাছাইয়ের (প্রাইমারি) ভোট অনুষ্ঠিত হবে। তাঁরা বড় বড় দাতাগোষ্ঠীর মন জয়ের চেষ্টা করছেন এবং নিজেদের রাজনৈতিক মতাদর্শ তুলে ধরে নতুন বই প্রকাশ করছেন।

দুই মেয়াদের সীমাবদ্ধতার কারণে রিপাবলিকানদলীয় বর্তমান প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প আর নির্বাচনে দাঁড়াতে পারবেন না। তাই রিপাবলিকানদের নতুন প্রার্থীর বিরুদ্ধে লড়াইয়ের লক্ষ্যেই ডেমোক্র্যাটদের এই দৌড়ঝাঁপ।

২০২৮ সালের নভেম্বরের নির্বাচনে এখনো কেউ আনুষ্ঠানিকভাবে প্রতিদ্বন্দ্বিতা করার ঘোষণা দেননি। তবে ভেতরে-ভেতরে জোরালো প্রস্তুতি শুরু হয়ে গেছে। ডেমোক্রেটিক দলের ভেতরে মনোনয়নের লড়াই মূলত এ বছরের নভেম্বরে অনুষ্ঠেয় মধ্যবর্তী নির্বাচনের পরই চূড়ান্ত রূপ নিতে শুরু করবে।

সম্ভাব্য প্রার্থীদের মধ্যে যাঁরা এখন সবচেয়ে বেশি আলোচনায় আছেন, তাঁদের পরিচয় ও অবস্থান নিয়ে আলোচনা করা যাক।

গভর্নর

ডেমোক্রেটিক দলের বেশ কয়েকজন গভর্নরকে এই দৌড়ে শক্তিশালী প্রতিদ্বন্দ্বী হিসেবে দেখা হচ্ছে। বিভিন্ন অঙ্গরাজ্যে রাজনৈতিক সফর, নির্বাচনী তহবিল সংগ্রহ এবং জাতীয় রাজনীতিতে নিজেদের পরিচিতি বৃদ্ধির মাধ্যমে তাঁরা এখনই সবার নজর কাড়ছেন।



কেনটাকির গভর্নর অ্যান্ডি বেশিয়ার

ছবি: রয়টার্স

অ্যান্ডি বেশিয়ার

চলতি বছর অ্যান্ডি বেশিয়ার ডেমোক্রেটিক গভর্নরস অ্যাসোসিয়েশনের চেয়ারম্যান নির্বাচিত হয়েছেন। ফলে পুরোপুরি রিপাবলিকানঅধ্যুষিত একটি অঙ্গরাজ্যে নিজের শাসনকালের সাফল্য দেশজুড়ে প্রচার করার বড় সুযোগ পেয়েছেন তিনি। তাঁর পলিটিক্যাল অ্যাকশন কমিটিতে (রাজনৈতিক তহবিল) বর্তমানে ১৮ লাখ ডলারের বেশি অর্থ জমা রয়েছে।

ইতিমধ্যে অ্যান্ডি মনোনয়ন লড়াইয়ের শুরুর দিকের গুরুত্বপূর্ণ অঙ্গরাজ্য হিসেবে পরিচিত সাউথ ক্যারোলাইনা, নিউ হ্যাম্পশায়ার ও আইওয়া সফর করেছেন। গত মে মাসে এমএস নাও টেলিভিশনকে দেওয়া এক সাক্ষাৎকারে ২০২৮ সালের সম্ভাব্য প্রার্থী হিসেবে নিজের নাম আলোচনায় থাকা নিয়ে অ্যান্ডি বলেন, 'আমি এই আলোচনায় স্বাচ্ছন্দ্য বোধ করছি।'

সবল দিক: ডোনাল্ড ট্রাম্প ২০২৪ সালের নির্বাচনে যে কেনটাকি রাজ্যে ৩০ শতাংশের বেশি ভোটের ব্যবধানে জিতেছিলেন, সেই কট্টর রিপাবলিকান রাজ্য থেকেই অ্যান্ডি দুবার গভর্নর নির্বাচিত হয়েছেন।

দুর্বল দিক: কেনটাকির বাইরে দেশজুড়ে তাঁর তেমন পরিচিতি নেই। তা ছাড়া রাজনীতিতে তাঁর সব দলের সঙ্গে মিলেমিশে চলার নীতি ডেমোক্রেটিক দলের কট্টর ভোটারদের মন নাও গলাতে পারে। জনমত জরিপগুলো বলছে, ডেমোক্র্যাটদের অনেকেই মনে করেন, তাঁদের দল ট্রাম্প এবং তাঁর নীতির বিরুদ্ধে যথেষ্ট শক্তভাবে লড়াই করছে না।



ক্যালিফোর্নিয়ার গভর্নর গ্যাভিন নিউসম

ছবি: রয়টার্স

গ্যাভিন নিউসম

ক্যালিফোর্নিয়ার গভর্নর গ্যাভিন নিউসম গত ফেব্রুয়ারিতে নিজের একটি স্মৃতিকথা প্রকাশ করেছেন। তিনিও সাউথ ক্যারোলাইনা ও নিউ হ্যাম্পশায়ার সফর করেছেন।

ফেডারেল ইলেকশন কমিশনের তথ্য অনুযায়ী, তাঁর রাজনৈতিক তহবিলে বর্তমানে ৪০ লাখ ডলারের বেশি অর্থ জমা রয়েছে। গত অক্টোবরে সিবিএস নিউজ সানডে মর্নিং অনুষ্ঠানে নিউসম বলেছিলেন, আগামী নভেম্বরের মধ্যবর্তী নির্বাচনের পর তিনি ২০২৮ সালের নির্বাচনে দাঁড়ানোর বিষয়টি নিয়ে গুরুত্বের সঙ্গে ভাববেন।

গত জুনে নিউসম অভিযোগ করেন, তিনি প্রেসিডেন্ট নির্বাচনে লড়ার কথা ভাবছেন বলেই ট্রাম্প রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিতভাবে বিচার বিভাগকে দিয়ে তাঁর ও তাঁর স্ত্রীর বিরুদ্ধে তদন্ত করাচ্ছেন।

সবল দিক: ডোনাল্ড ট্রাম্পের কড়া সমালোচনা ও সরাসরি বিরোধিতার মাধ্যমে নিউসম দেশজুড়ে নিজের একটি জোরালো পরিচিতি তৈরি করতে পেরেছেন।

দুর্বল দিক: পুরো যুক্তরাষ্ট্রের মধ্যে ক্যালিফোর্নিয়াতে জ্বালানি তেলের দাম, করের হার এবং গৃহহীন মানুষের সংখ্যা সবচেয়ে বেশি। নিউসম নির্বাচনে দাঁড়ালে রিপাবলিকানরা নিশ্চিতভাবেই ক্যালিফোর্নিয়ার এসব সমস্যাকে তাঁর ব্যর্থতা হিসেবে রাজনৈতিক হাতিয়ার বানাবে।



ইলিনয়ের গভর্নর জে বি প্রিটজকার

ছবি: রয়টার্স

জে বি প্রিৎসকার

ইলিনয়ের গভর্নর জে বি প্রিৎসকার বিভিন্ন অঙ্গরাজ্য সফর করেছেন। ২০২৮ সালের প্রেসিডেন্ট নির্বাচনে অংশ নেওয়ার সম্ভাবনা তিনি পুরোপুরি উড়িয়ে দেননি। গত এপ্রিলে তিনি জানান, বর্তমানে তিনি ২০২৬ সালের গভর্নর নির্বাচনে পুনর্নির্বাচিত হওয়ার প্রচারে মগ্ন। তবে একই সঙ্গে তিনি যোগ করেন, '২০২৮ সালের নির্বাচনে আমি আগের চেয়ে অনেক বেশি সক্রিয় থাকব। কারণ, সেই নির্বাচনে আমাদের হারলে চলবে না।'

সবল দিক: যুক্তরাষ্ট্রের শহরগুলোতে ডোনাল্ড ট্রাম্পের ন্যাশনাল গার্ড ও ফেডারেল অভিবাসন কর্মকর্তা মোতায়েনের সিদ্ধান্তের কড়া সমালোচনা করে প্রিৎসকার দেশজুড়ে বেশ পরিচিতি পেয়েছেন। এ ছাড়া বিশ্বখ্যাত হায়াত হোটেল সাম্রাজ্যের উত্তরাধিকারী হওয়ায় তিনি নিজে একজন ধনাঢ্য ব্যক্তি। ফলে নির্বাচনী তহবিলের জন্য তাঁকে দাতাদের ওপর খুব বেশি নির্ভর করতে হবে না।

দুর্বল দিক: তাঁর এই বিপুল সম্পত্তিই আবার বিরোধীদের জন্য বড় রাজনৈতিক হাতিয়ার হয়ে উঠতে পারে। অর্থনৈতিক সংকটে থাকা সাধারণ ভোটারদের জীবনযাত্রার সঙ্গে তিনি সামঞ্জস্যপূর্ণ নন–এমন ধুয়া তুলে প্রতিদ্বন্দ্বীরা তাঁকে আক্রমণ করতে পারেন।



পেনসিলভানিয়ার গভর্নর জশ শাপিরো

ছবি: রয়টার্স

জশ শাপিরো

পেনসিলভানিয়ার গভর্নর জশ শাপিরো চলতি বছর নিজের একটি স্মৃতিকথা প্রকাশ করেছেন। আগামী নভেম্বরের গভর্নর নির্বাচনে পুনর্নির্বাচিত হওয়ার লড়াইয়ের জন্য বর্তমানে তাঁর তহবিলে প্রায় ৩ কোটি ৮০ লাখ ডলার নগদ জমা রয়েছে।

প্রেসিডেন্ট নির্বাচনে লড়ার সম্ভাবনা নিয়ে গত এপ্রিলে জানতে চাওয়া হলে শাপিরো বলেন, আগামী নভেম্বরের মধ্যবর্তী নির্বাচনের পর দেশের রাজনৈতিক দিকনির্দেশনা নিয়ে ডেমোক্র্যাটদের নিজেদের মধ্যে বড় আলোচনার প্রয়োজন হবে। তিনি আরও যোগ করেন, 'আমি অবশ্যই সেই আলোচনার অংশ হব।'

সবল দিক: ২০২৪ সালের প্রেসিডেন্ট নির্বাচনে ডোনাল্ড ট্রাম্প যে পেনসিলভানিয়া রাজ্যে জিতেছিলেন, সেই গুরুত্বপূর্ণ এবং নির্বাচনী ভাগ্য নির্ধারণী দোদুল্যমান রাজ্যের জনপ্রিয় গভর্নর শাপিরো।

দুর্বল দিক: শাপিরো একজন ইহুদি এবং ডেমোক্রেটিক দলের ভেতর তাঁকে ইসরায়েলপন্থী নেতা হিসেবে দেখা হয়। গাজা ও ইরানের সঙ্গে ইসরায়েলের যুদ্ধের কারণে বর্তমানে ডেমোক্র্যাটদের একটি বড় অংশের মধ্যে ইসরায়েলবিরোধী ক্ষোভ বাড়ছে, যা শাপিরোর জন্য বড় বাধা হতে পারে। যদিও তিনি নিজে ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যকার চলমান সরাসরি যুদ্ধের বিপক্ষে অবস্থান নিয়েছেন।

অন্যান্য গভর্নর

সম্ভাব্য প্রার্থীদের এই তালিকায় মেরিল্যান্ডের গভর্নর ওয়েস মুর এবং মিশিগানের গভর্নর গ্রেচেন হুইটমারের নামও আলোচনায় রয়েছে। যদিও ওয়েস মুর জানিয়েছেন, তিনি নির্বাচনে লড়বেন না। অন্যদিকে গত মে মাসে গ্রেচেন হুইটমারও প্রথমে নির্বাচনে দাঁড়ানোর সম্ভাবনা নাকচ করে দিয়েছিলেন। তবে পরক্ষণেই নিজের মন্তব্য শুধরে নিয়ে চতুরতার সঙ্গে বলেন, রাজনীতিতে কখনোই 'কখনো নয়' বলতে নেই।

সাবেক জাতীয় প্রার্থী

অতীতে প্রেসিডেন্ট নির্বাচনে অংশ নেওয়া ডেমোক্রেটিক দলের দুই শীর্ষ নেতা ইতিমধ্যেই ২০২৮ সালের হোয়াইট হাউসের দৌড়ের জন্য প্রাথমিক প্রস্তুতি শুরু করেছেন অথবা আবারও নির্বাচনে লড়ার বিষয়ে প্রকাশ্যে মুখ খুলেছেন।

পিট বুটিগেগ

২০২০ সালের নির্বাচনে ডেমোক্রেটিক পার্টির চূড়ান্ত মনোনয়ন পেতে ব্যর্থ হওয়া পিট বুটিগেগ তৎকালীন প্রেসিডেন্ট জো বাইডেনের আমলে পরিবহনমন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করেছিলেন। তাঁর পলিটিক্যাল অ্যাকশন কমিটিতে বর্তমানে ৫০ লাখ ডলারের বেশি অর্থ জমা রয়েছে। ইতিমধ্যে তিনি শুরুর দিকের মনোনয়ন লড়াইয়ের গুরুত্বপূর্ণ অঙ্গরাজ্য আইওয়া ও নিউ হ্যাম্পশায়ার সফর করেছেন।

সবল দিক: বুটিগেগকে একজন চৌকস তার্কিক হিসেবে বিবেচনা করা হয়। এমনকি কট্টর রক্ষণশীল ফক্স নিউজ চ্যানেলে গিয়ে সরাসরি রিপাবলিকানদের আঙিনায় দাঁড়িয়ে তাদের কড়া সমালোচনা করতেও তিনি বিন্দুমাত্র দ্বিধাবোধ করেন না।

দুর্বল দিক: ২০২০ সালের নির্বাচনী প্রচারে ডেমোক্রেটিক দলের সবচেয়ে বড় ভোটব্যাংক হিসেবে পরিচিত কৃষ্ণাঙ্গ ভোটারদের মন জয় করতে তিনি পুরোপুরি ব্যর্থ হয়েছিলেন। এ ছাড়া বড় কোনো প্রশাসনিক পদ সামলানোর অভিজ্ঞতা তাঁর নেই। মন্ত্রী হওয়ার আগে তিনি ইন্ডিয়ানা অঙ্গরাজ্যের ছোট শহর সাউথ বেন্ডের মেয়র হিসেবে দায়িত্ব পালন করেছিলেন।



কমলা হ্যারিস *ছবি: রয়টার্স*

কমলা হ্যারিস

২০২৪ সালের নির্বাচনে ডোনাল্ড ট্রাম্পের কাছে পরাজিত হওয়ার পর সাবেক ভাইস প্রেসিডেন্ট কমলা হ্যারিসই আবারও নির্বাচনে দাঁড়ানোর বিষয়ে সবচেয়ে বেশি স্পষ্ট সংকেত দিয়েছেন। গত এপ্রিলে এক সাক্ষাৎকারে তিনি বলেন, 'আমি আবারও লড়তে পারি। হ্যাঁ, আমি বিষয়টি গুরুত্বের সঙ্গে ভাবছি।'

সবল দিক: সাবেক ভাইস প্রেসিডেন্ট হওয়ায় দেশজুড়ে কমলা হ্যারিসের ব্যাপক পরিচিতি রয়েছে। এ ছাড়া ২০২৬ সালের শুরুর দিকের প্রাথমিক জনমত জরিপগুলোতেও ডেমোক্র্যাট ভোটারদের মধ্যে তিনি বেশ ভালো অবস্থানে রয়েছেন।

দুর্বল দিক: কমলা হ্যারিস যদি ২০২৮ সালে আবারও নির্বাচনে দাঁড়ান, তবে এটি হবে হোয়াইট হাউসের জন্য তাঁর তৃতীয় চেষ্টা। যুক্তরাষ্ট্রের রাজনীতিতে সাধারণত যেসব প্রার্থী আগে নির্বাচন করে হেরে গেছেন, প্রাথমিক বাছাইয়ের ভোটাররা তাঁদের সহজে মেনে নিতে চান না।

এ ছাড়া জো বাইডেনের সঙ্গে কমলার অতি ঘনিষ্ঠতাও বড় সমস্যা তৈরি করতে পারে। কারণ, ডেমোক্র্যাটদের একটি বড় অংশ মনে করেন, ২০২৪ সালের নির্বাচনে বাইডেন অনেক দেরিতে সরে দাঁড়ানোর কারণেই দলটির জয়ের সম্ভাবনা মাটি হয়ে গিয়েছিল।

মার্কিন সিনেটররা

ডেমোক্রেটিক দলের বেশ কয়েকজন সিনেটরকে নিয়ে ২০২৮ সালের নির্বাচনের গুঞ্জন চলছে। তবে তাঁদের মধ্যে অ্যারিজোনার সিনেটর মার্ক কেলিকে নিয়েই এখন পর্যন্ত সবচেয়ে বেশি আলোচনা ও বিশ্লেষণ হয়েছে। সম্ভাব্য প্রার্থীদের এই তালিকায় আরও রয়েছেন অ্যারিজোনার রুবেন গালেগো, কানেকটিকাটের ক্রিস মারফি, জর্জিয়ার জন অসফ এবং নিউজার্সির কোরি বুকার।

মার্ক কেলি

নাসার সাবেক নভোচারী ও মার্কিন নৌবাহিনীর অবসরপ্রাপ্ত পাইলট মার্ক কেলির পকেটে এই মুহূর্তে ২০২৮ সালের সম্ভাব্য ডেমোক্র্যাট প্রার্থীদের মধ্যে সবচেয়ে বড় নির্বাচনী তহবিল রয়েছে। ফেডারেল ইলেকশন কমিশনের তথ্য অনুযায়ী, তাঁর প্রধান সংসদীয় কমিটির তহবিলে ২ কোটি ২০ লাখ ডলারের বেশি নগদ অর্থ জমা রয়েছে। ইতিমধ্যে তিনি সাউথ ক্যারোলাইনা, নেভাডা ও আইওয়া সফর করেছেন এবং ২০২৮ সালের নির্বাচনে লড়ার সম্ভাবনা পুরোপুরি উড়িয়ে দেননি।

সবল দিক: তিনি অ্যারিজোনার মতো একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ দোদুল্যমান রাজ্য থেকে নির্বাচনে জিতে সিনেটর হয়েছেন। এ ছাড়া ২০১১ সালে তাঁর স্ত্রী ও সাবেক মার্কিন কংগ্রেস সদস্য গ্যাবি গিফোর্ডস একটি প্রাণঘাতী বন্দুক হামলা থেকে বেঁচে ফেরেন। ফলে যুক্তরাষ্ট্রে বহুল আলোচিত 'গান রিফর্ম' বা অস্ত্র নিয়ন্ত্রণ আইনের পক্ষে কথা বলার ক্ষেত্রে মার্কিন সমাজে কেলির একধরনের বাড়তি গ্রহণযোগ্যতা ও বিশ্বাসযোগ্যতা রয়েছে।

দুর্বল দিক: ডেমোক্রেটিক দলের প্রাথমিক বাছাইপর্বে সাধারণত কট্টর ও প্রগতিশীল চিন্তাভাবনার ভোটারদের উপস্থিতি বেশি থাকে। কেলি রাজনৈতিকভাবে কিছুটা মধ্যপন্থী হওয়ায় সেই সব ভোটারের ভোট পাওয়া তাঁর জন্য কঠিন হতে পারে।

প্রগতিশীল অংশ

আলেকজান্দ্রিয়া ওকাসিও-কোর্তেজ

নিউইয়র্ক থেকে নির্বাচিত এই মার্কিন কংগ্রেস সদস্য নিজেকে একজন ডেমোক্রেটিক সোশ্যালিস্ট বা গণতান্ত্রিক সমাজতন্ত্রী হিসেবে পরিচয় দেন। তিনি যুক্তরাষ্ট্রের বর্তমান রাজনীতির অন্যতম শীর্ষ প্রগতিশীল মুখ। মার্কিন সিনেটর বার্নি স্যান্ডার্স তাঁর দুটি প্রেসিডেন্ট নির্বাচনী প্রচারের মাধ্যমে যে প্রগতিশীল রাজনৈতিক আন্দোলন গড়ে তুলেছিলেন, ওকাসিও-কোর্তেজকে সেই আন্দোলনের সবচেয়ে যোগ্য উত্তরসূরি হিসেবে বিবেচনা করা হয়।

গত মে মাসে এক সাক্ষাৎকারে নিজের প্রেসিডেন্ট হওয়ার ইচ্ছা নিয়ে জানতে চাওয়া হলে ওকাসিও নির্বাচনে লড়ার সম্ভাবনা নাকচ করেননি। তিনি বলেন, 'আমার মূল লক্ষ্য হলো এই দেশটাকে বদলে দেওয়া।'

সবল দিক: রাজনৈতিক অঙ্গনে 'এওসি' নামে পরিচিত এই নেত্রী ডেমোক্রেটিক দলের তরুণ ও সাধারণ ভোটারদের মধ্যে দারুণ জনপ্রিয়। যেকোনো জনসভায় তাঁর উপস্থিতি মানেই সেখানে উপচে পড়া উৎসাহী জনতার ভিড়।

দুর্বল দিক: রিপাবলিকানরা প্রায়ই তাঁকে ডেমোক্রেটিক দলের কট্টর বামপন্থী বা উগ্র অংশটির প্রধান মুখ হিসেবে তুলে ধরে আক্রমণ করেন। ধনীদের ওপর মাত্রাতিরিক্ত কর আরোপ এবং সরকারের অর্থায়নে সব সমাজকল্যাণমূলক কর্মসূচি চালানোর পক্ষে তাঁর অনড় অবস্থানকে বিরোধীরা তাঁর প্রধান ব্যর্থতা হিসেবে প্রচার করেন।

এই প্রগতিশীল শিবিরের বাইরে ক্যালিফোর্নিয়া থেকে নির্বাচিত আরেক মার্কিন কংগ্রেস সদস্য রো খান্নার নামও সম্ভাব্য প্রার্থী হিসেবে শোনা যাচ্ছে। গত মার্চ মাসে তিনি জানান, আগামী নভেম্বরের মধ্যবর্তী নির্বাচনের পরেই তিনি নির্বাচনে দাঁড়ানোর বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেবেন।

অন্যান্য প্রার্থী

রাম ইমানুয়েল

যুক্তরাষ্ট্রের রাজনীতিতে দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন রাম ইমানুয়েল ২০০৩ থেকে ২০০৯ সাল পর্যন্ত মার্কিন কংগ্রেস সদস্য ছিলেন। এরপর ২০০৯ থেকে ২০১০ সাল পর্যন্ত তিনি প্রেসিডেন্ট বারাক ওবামার হোয়াইট হাউস চিফ অব স্টাফ এবং ২০১১ থেকে ২০১৯ সাল পর্যন্ত শিকাগো শহরের মেয়র হিসেবে দায়িত্ব পালন করেন।

পরবর্তী সময়ে ২০২২ থেকে ২০২৫ সাল পর্যন্ত জাপানে মার্কিন রাষ্ট্রদূত ছিলেন ইমানুয়েল। গত ৮-এর পৃষ্ঠায় দেখুন

শেখ হাসিনার দেশে ফেরার ঘোষণা, কৌশল নাকি বাস্তবতা?

প্রথম পৃষ্ঠার পর

আত্মসমর্পণের পরিকল্পনার কথা জানিয়েছেন। রয়টার্সকে দেওয়া এক সাক্ষাৎকারে তিনি বলেন, নিজের দলের জ্যেষ্ঠ নেতাদের নিয়ে দেশে ফিরে আইনের মুখোমুখি হতে চান। তবে এই ঘোষণাকে ঘিরে বাংলাদেশের রাজনৈতিক অঙ্গনে নতুন বিতর্ক শুরু হয়েছে। একদিকে আওয়ামী লীগের ভেতরেই পরিকল্পনাটি কতটা বাস্তব নাকি রাজনৈতিক কৌশল তা নিয়ে প্রশ্ন উঠেছে, অন্যদিকে এমন ঘোষণার খবর সংবাদমাধ্যমে প্রকাশ হওয়ার পর সরকার, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল এবং বিভিন্ন রাজনৈতিক দলও ভিন্ন ভিন্ন প্রতিক্রিয়া জানিয়েছে। একই সময়ে সরকার আদালতের নির্দেশনা অনুযায়ী শেখ হাসিনার বক্তব্য প্রচারে আইনগত নিষেধাজ্ঞা মেনে চলার জন্য গণমাধ্যমকে অনুরোধ করেছে।

শেখ হাসিনা বলেছেন, তিনি আগামী ডিসেম্বরের দিকে দেশে ফিরে আদালতে আত্মসমর্পণ করতে চান। ভারতের নয়াদিল্লিতে নির্বাসিত অবস্থায় আন্তর্জাতিক বার্তা সংস্থা রয়টার্সকে দেওয়া প্রায় এক ঘণ্টার টেলিফোন সাক্ষাৎকারে তিনি জানান, আওয়ামী লীগের কয়েকজন জ্যেষ্ঠ নেতাকে সঙ্গে নিয়ে তিনি স্বেচ্ছায় দেশে ফিরে বিচারপ্রক্রিয়ার মুখোমুখি হওয়ার পরিকল্পনা করেছেন।

৭৮ বছর বয়সী শেখ হাসিনা বলেন, দেশে ফিরলে তাকে গ্রেপ্তার করা হতে পারে, এমনকি হত্যার আশঙ্কাও রয়েছে। তারপরও তিনি দেশে ফিরতে চান। তার ভাষায়, মৃত্যু যদি আসেই, তবে সেটি নিজের জন্মভূমিতেই হোক যেখানে তার বাবা-মা শায়িত আছেন এবং যেখানে তাদের রক্ত ঝরেছে।

২০২৪ সালের আগস্টে ছাত্র-জনতার অভ্যুত্থানের মুখে ক্ষমতা ছেড়ে ভারতে আশ্রয় নেওয়ার পর এটিই প্রথমবার তিনি দেশে ফেরার সম্ভাব্য সময় উল্লেখ করলেন। ওই অভ্যুত্থানের পর তার দীর্ঘ প্রায় সাড়ে ১৫ বছরের শাসনের অবসান ঘটে। পরবর্তীতে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে তার বিরুদ্ধে মানবতাবিরোধী অপরাধ ও আন্দোলন দমনে প্রাণঘাতী অভিযান পরিচালনার অভিযোগে বিচার শুরু হয় এবং অনুপস্থিতিতেই তাকে মৃত্যুদণ্ড দেওয়া হয়। শেখ হাসিনা শুরু থেকেই এসব অভিযোগ অস্বীকার করে আসছেন।

রয়টার্সকে দেওয়া সাক্ষাৎকারে শেখ হাসিনা বলেন, তার বিরুদ্ধে মামলা থাকলেও তিনি বিচারব্যবস্থায় বিশ্বাস করেন। তিনি মনে করেন, বিচার শুরু হলে মানুষ নিজেরাই বুঝতে পারবেন আদালতের কার্যক্রম কতটা নিরপেক্ষ বা কতটা প্রহসনমূলক। তিনি দাবি করেন, তিনি বিচার এড়িয়ে যেতে চান না; বরং আদালতেই নিজের অবস্থান তুলে ধরতে চান।

তিনি আরও বলেন, আওয়ামী লীগের প্রায় সব নেতা-কর্মীর বিরুদ্ধেই মামলা হয়েছে। অনেকে আত্মগোপনে আছেন। তাই তিনি সবাইকে ধীরে ধীরে দেশে ফিরে আদালতে আত্মসমর্পণের আহ্বান জানিয়েছেন। তার বক্তব্য, "আমি আগে ফিরব, এরপর তোমরাও একদিন ফিরে এসো। সবাই মিলে আইনের মুখোমুখি হব।"

তবে দেশে ফেরার নির্দিষ্ট তারিখ, কোন আদালতে আত্মসমর্পণ করবেন কিংবা বিচারপ্রক্রিয়া কীভাবে এগোবে এসব বিষয়ে তিনি কোনো বিস্তারিত তথ্য দেননি। তিনি আরও বলেন, দেশে ফেরার বিষয়টি নিয়ে তিনি কোনো বিদেশি সরকারের সঙ্গে আলোচনা করেননি। তার দাবি, বাংলাদেশ সরকার বারবার ভারতকে তাকে প্রত্যর্পণের জন্য অনুরোধ করলেও তিনি স্বেচ্ছায় নিজেই দেশে ফিরবেন।

রয়টার্সের প্রতিবেদনে বলা হয়েছে, শেখ হাসিনার এই ঘোষণা বাংলাদেশের রাজনীতিতে নতুন করে উত্তেজনা সৃষ্টি করতে পারে। একই সঙ্গে বিষয়টি ভারত-বাংলাদেশ সম্পর্কেও নতুন মাত্রা যোগ করতে পারে। কারণ, শেখ হাসিনাকে ভারতে আশ্রয় দেওয়ার পর থেকেই দুই দেশের সম্পর্কে টানাপোড়েন তৈরি হয়েছে। বাংলাদেশ একাধিকবার তাকে প্রত্যর্পণের অনুরোধ জানালেও ভারত এখন পর্যন্ত এ বিষয়ে চূড়ান্ত কোনো সিদ্ধান্ত জানায়নি।

চলতি বছরের এপ্রিলে ভারত জানিয়েছিল, বাংলাদেশের প্রত্যর্পণ অনুরোধ পর্যালোচনা করা হচ্ছে এবং একই সঙ্গে নতুন সরকারের সঙ্গে গঠনমূলক সম্পর্ক এগিয়ে নেওয়ার চেষ্টা চলছে।

এদিকে প্রতিনিধির বিশ্লেষণে বলা হয়েছে, শেখ হাসিনার এই ঘোষণাকে ঘিরে আওয়ামী লীগের ভেতরেও নানা ধরনের সংশয় রয়েছে। দলটির একাধিক নেতা মনে করছেন, ডিসেম্বরের সময়সীমা বাস্তব কর্মপরিকল্পনার চেয়ে রাজনৈতিক বার্তা হিসেবেই বেশি গুরুত্বপূর্ণ হতে পারে। তাদের মতে, নিষিদ্ধ অবস্থায় থাকা দলের নেতা-কর্মীদের মনোবল বাড়ানো, রাজনৈতিকভাবে সক্রিয় রাখা এবং দলকে পুনর্গঠনের প্রচেষ্টার অংশ হিসেবেও এই ঘোষণা বিবেচিত হতে পারে।

বর্তমানে আওয়ামী লীগের রাজনৈতিক কার্যক্রম প্রকাশ্যে প্রায় বন্ধ। গত বছরের মে মাসে দলটির কার্যক্রম নিষিদ্ধ হওয়ার পর সংগঠনটির তৎপরতা মূলত অনলাইনভিত্তিক। দেশের বিভিন্ন স্থানে বিচ্ছিন্নভাবে কিছু ঝটিকা মিছিল হলেও সেগুলোকে রাজনৈতিক শক্তি প্রদর্শনের চেয়ে অস্তিত্ব জানান দেওয়ার প্রচেষ্টা হিসেবেই দেখছেন বিশ্লেষকেরা।

দলের একাধিক নেতার সঙ্গে কথা বলে প্রতিনিধিকে জানায়, শেখ হাসিনা বিদেশে অবস্থানরত নেতাদের দেশে ফেরার আহ্বান জানালেও এখন পর্যন্ত উল্লেখযোগ্য কোনো শীর্ষ নেতা সেই আহ্বানে সাড়া দেননি। বরং অনেকেই নিরাপত্তা ও গ্রেপ্তারের আশঙ্কায় ভারত ছেড়ে অন্য দেশে চলে গেছেন। ফলে শেখ হাসিনার ঘোষণার পরও সম্মিলিতভাবে নেতা-কর্মীদের দেশে ফেরার বাস্তব সম্ভাবনা নিয়ে প্রশ্ন থেকেই যাচ্ছে।

আওয়ামী লীগের একটি দায়িত্বশীল সূত্র প্রতিনিধিকে জানিয়েছে, শেখ হাসিনা দীর্ঘ চার দশকেরও বেশি সময় ধরে দলের সভাপতি। আন্তর্জাতিক পর্যায়ে তার যোগাযোগ রয়েছে। তাই তিনি যদি দেশে ফেরার ঘোষণা দিয়ে থাকেন, তবে তার নিজস্ব কোনো প্রস্তুতি থাকতে পারে। তবে দলের সাংগঠনিক প্রস্তুতি, রাজনৈতিক কৌশল কিংবা সরকারের সঙ্গে কোনো ধরনের সমঝোতার বিষয়টি এখনো স্পষ্ট নয়।

বিশ্লেষকদের মতে, আগামী পাঁচ মাসে দেশের রাজনৈতিক পরিস্থিতি, সরকারের অবস্থান, বিএনপি, জামায়াতে ইসলামী, জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) এবং আন্তর্জাতিক মহলের ভূমিকার ওপর অনেক কিছু নির্ভর করবে। ফলে এই মুহূর্তে ডিসেম্বরে শেখ হাসিনার দেশে ফেরা নিশ্চিত ধরে নেওয়ার সুযোগ নেই।

রয়টার্সকে দেওয়া সাক্ষাৎকারে শেখ হাসিনা আরও দাবি করেন, তিনি ইতোমধ্যে দেশের ৩০০ সংসদীয় আসনের মধ্যে ১২৫টি আসনের নেতা-কর্মীদের সঙ্গে অনলাইনে বৈঠক করেছেন। তার উদ্দেশ্য আওয়ামী লীগকে পুনর্গঠন করা। তিনি বলেন, তাকে নির্বাচনে অংশ নিতে না দেওয়া হলেও আওয়ামী লীগকে নিষিদ্ধ রাখার কোনো যৌক্তিকতা নেই। জনগণই শেষ পর্যন্ত সিদ্ধান্ত দেবে দলটির ভবিষ্যৎ কী হবে।

তবে সমালোচকেরা বলছেন, জুলাই-আগস্টের গণঅভ্যুত্থানে প্রাণহানির ঘটনায় শেখ হাসিনা এখনো প্রকাশ্যে দুঃখ প্রকাশ করেননি কিংবা রাজনৈতিক দায় স্বীকার করেননি। বরং তিনি আন্দোলনকে দেশি-বিদেশি ষড়যন্ত্র হিসেবে তুলে ধরছেন। ফলে তার দেশে ফেরার ঘোষণা রাজনৈতিকভাবে নতুন বার্তা দিলেও আত্মসমালোচনার কোনো ইঙ্গিত এখনো দেখা যায়নি।

এদিকে শেখ হাসিনার বক্তব্যের প্রতিক্রিয়ায় আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর মো. আমিনুল ইসলাম বলেছেন, "ডিসেম্বরে আসবেন, জানুয়ারিতে আসবেন–এটা আপনার বিষয়। কিন্তু আপনাকে তো আমরা কালকেই চাই। কোনো স্ট্যান্টবাজি করবেন না। দেশে আর কোনো অস্থিতিশীল পরিবেশ তৈরি করবেন না।"

তিনি বলেন, জুলাই গণঅভ্যুত্থানের ঘটনায় বিচারপ্রক্রিয়া অব্যাহত থাকবে এবং ব্যক্তি পর্যায়ের পাশাপাশি সংগঠন হিসেবেও আওয়ামী লীগের ভূমিকা তদন্তাধীন রয়েছে। বিচার নিয়ে বিভ্রান্তি সৃষ্টির কোনো সুযোগ নেই বলেও মন্তব্য করেন তিনি।

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক নাহিদ ইসলামও শেখ হাসিনার বক্তব্যের প্রতিক্রিয়ায় বলেন, তিনি দেশে ফিরতে চাইলে আইন অনুযায়ী বিচার ও ঘোষিত রায় কার্যকর হওয়া উচিত।

অন্যদিকে তথ্য ও সম্প্রচারমন্ত্রী জহির উদ্দিন স্বপন বলেছেন, শেখ হাসিনার বক্তব্য নৈরাজ্য সৃষ্টিকারী। সরকার পুরো বিষয়টি আইনের দৃষ্টিতেই দেখছে। আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের নির্দেশনা অনুযায়ী তার বক্তব্য প্রচারে নিষেধাজ্ঞা রয়েছে এবং দেশের গণমাধ্যম আদালতের নির্দেশনা মেনে চলবে বলে তিনি আশা প্রকাশ করেন।

এরই ধারাবাহিকতায় শুক্রবার সরকারের এক তথ্য বিবরণীতে দেশের সব প্রিন্ট, টেলিভিশন, বেতার, অনলাইন সংবাদমাধ্যম এবং সামাজিক যোগাযোগমাধ্যমকে আদালতের নির্দেশনা অনুসরণ করার আহ্বান জানানো হয়েছে। বিবরণীতে বলা হয়, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের ২০২৪ সালের ৫ ডিসেম্বরের আদেশ অনুযায়ী সাজাপ্রাপ্ত পলাতক শেখ হাসিনার বক্তব্য, ভাষণ, সাক্ষাৎকার বা অডিও-ভিডিও কোনো গণমাধ্যমে সরাসরি বা ধারণকৃত অবস্থায় প্রচার বা প্রকাশ করা যাবে না। আইনশৃঙ্খলা রক্ষা এবং আদালতের নির্দেশনার প্রতি সম্মান জানিয়ে সংশ্লিষ্ট সবাইকে এ নির্দেশনা মেনে চলার অনুরোধ জানানো হয়েছে।

সব মিলিয়ে শেখ হাসিনার ডিসেম্বরে দেশে ফেরার ঘোষণা বাংলাদেশের রাজনীতিতে নতুন আলোচনার জন্ম দিলেও, দৃশ্যমান রাজনৈতিক সমঝোতা, সাংগঠনিক প্রস্তুতি কিংবা নিরাপদ প্রত্যাবর্তনের বাস্তব চিত্র এখনো স্পষ্ট নয়।

ওজনপার্ক ও ব্রুকলিনের প্রানকেন্দ্র সিটি লাইনে পপুলার ড্রাইভিং স্কুলের ২য় শাখার যাত্রা শুরু।
আমরা গত ৩০ বছর যাবৎ জ্যাকসন হাইটসে কুজভেল্ট এভিনিউর অফিস থেকে সাফল্যের সাথে সেবা দিয়ে আসছি।
অল্প পারিশ্রমিকে অভিজ্ঞ পুরুষ-মহিলা Instructor দ্বারা ড্রাইভিং শিখুন
পপুলার ড্রাইভিং স্কুল
www.populardrivingschoolny.com
Fully Insured & Licensed by NYS (DMV)



আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট

- Road Lesson Local & H.Way
- Road Test Appointment
- Car for Road Test
- 5 Hours Class Certificate (Zoom Class)
- 6 Hours DDC Class
- Good For TLC, Insurance & Point Redaction.



Operate by JH office)
বাসা থেকে পিকআপ এন্ড ড্রপ
২টি লেসন একত্রে
(Operate by JH office)
OPEN 7 DAYS
Please

৩০ বছরের অভিজ্ঞতা সম্পন্ন ধৈর্য্যশীল ইন্সট্রাক্টরের তত্ত্বাবধানে ড্রাইভিং শিখুন। ইন্ডিভিজ্যুয়াল এবং ডিসকাউন্ট ১ থেকে ২০ লেসনের প্যাকেজ ডীল। প্রয়োজনে ৩ দিনের মধ্যে রোড টেষ্ট এর ব্যবস্থা।

Scan & Visit us!

প্রথমবার রোড টেষ্ট দিয়ে যাতে পাশ করতে পারেন সেজন্য যত্নসহকারে স্পেশাল ট্রেনিং প্রদান

বৈধ কাজপত্রহীন (আনডকুমেন্টেড) নিউইয়র্কবাসীরা কিভাবে ড্রাইভিং লাইসেন্স পেতে পারেন তা জানতে আমাদের সাথে যোগাযোগ করুন: ৯১৭-৩০১-২০৬৩

যাহারা বারবার রোড টেষ্ট দিয়ে ফেল করে ধৈর্য্য হারিয়েছেন তাদের ফেলের কারণগুলো অনুসন্ধান করে ট্রেনিং প্রদান

আমাদের কাছেই পাবেন বাংলায় অনুবাদিত লার্নাস পারমিট পরীক্ষার বই

Website. www.populardrivingschoolny.com

POPULAR DRIVING SCHOOL INC.

Jackson Heights Office
72-26 Roosevelt Ave, 2nd Fl,
Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave)
718-426-9453

Brooklyn / Ozone Park Office
17-101 Avenue, Brooklyn, NY 11208
(Betw. Drew St & Forbell St. City Line)
718-235-6438

AUTHORIZED IRS e-file PROVIDER

মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায় সাফল্যের ২৭ বছর উদযাপন করছে

Empire Accounting & Tax Co.



আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)

- আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
- আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
- পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
- পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
- আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।

ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি

- সিটিজেনশীপ
- ফ্যামিলি পিটিশন
- NVC Case প্রসেসিং
- স্ট্যাটাস এডজাস্টমেন্ট
- এফিডেভিট অব সাপোর্ট
- এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
- Advanced Parole / Reentry Permit ইত্যাদি

37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158, Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm

President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
23 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

নিউইয়র্ক সিটির অভিবাসী অধ্যুষিত এলাকার মানচিত্রে যুক্ত হচ্ছে

প্রথম পৃষ্ঠার পর

গণমাধ্যমের খবরে বলা হয়, বিশ্বকাপ উপলক্ষে প্রকাশিত নিউইয়র্ক সিটির একটি পর্যটন নির্দেশিকার অংশ হিসেবে তৈরি 'অভিবাসী অধ্যুষিত এলাকা' মানচিত্রে পাঁচটি বরোর ৩০টি এলাকার নাম অন্তর্ভুক্ত করা হয়। এতে কোরিয়াটাউন, লিটল পাকিস্তান, লিটল ইয়েমেন, তিনটি চায়নাটাউন, লিটল বাংলাদেশ, লিটল পোল্যান্ডসহ ২০টির বেশি অভিবাসী সম্প্রদায়ের এলাকা স্থান পেলেও লিটল ইতালি বাদ পড়ে।

এদিকে এ মানচিত্র প্রকাশের পরই নিউইয়র্কজুড়ে সমালোচনা শুরু হয়। অনেকেই বলেন, অভিবাসীদের সিটি হিসেবে পরিচিত নিউইয়র্কের ইতিহাসে লিটল ইতালির গুরুত্ব উপেক্ষা করা হয়েছে।

ম্যানহাটনের লিটল ইতালিতে অবস্থিত ঐতিহ্যবাহী ফেরারা বেকারি, যা ১৮৯২ সালে প্রতিষ্ঠিত, তার উত্তরসূরি আর্নেস্ট লেপোরে বলেন, লিটল ইতালির নাম বাদ পড়ায় তিনি বিস্মিত হয়েছেন। তিনি বলেন, তাদের পরিবার বহু প্রজন্ম ধরে ইতালীয় পেস্ট্রি ও কুকির ঐতিহ্য ধরে রেখেছে এবং এটি ইতালীয় সংস্কৃতির গুরুত্বপূর্ণ অংশ।

স্ট্যাটেন আইল্যান্ড বরো প্রেসিডেন্ট ভিটো ফোসেলা বলেন, শুধু লিটল ইতালিই নয়, মানচিত্রে ব্রুকলিনের ইহুদি সম্প্রদায়, স্ট্যাটেন আইল্যান্ডের শ্রীলঙ্কান সম্প্রদায়সহ আরও অনেক গুরুত্বপূর্ণ জাতিগত গোষ্ঠীর নামও নেই।

এক বিবৃতিতে তিনি বলেন, "যারা এই শহর গড়ে তুলতে অসামান্য ত্যাগ স্বীকার করেছেন, তাদের অবদান তুলে ধরতে গিয়ে এমন অজ্ঞতা কাম্য নয়।"

সমালোচনার পর শুক্রবার মেয়র জোহরান মামদানি জানান, লিটল ইতালিকে মানচিত্রে অন্তর্ভুক্ত করা হবে।

তিনি বলেন, 'এই মানচিত্রটি ২০২৩ সালে তৈরি করা হয়েছিল। আমরা দায়িত্ব নেওয়ার পর কয়েকটি নতুন এলাকা যুক্ত করেছি। তবে এটি নিউইয়র্ক সিটির ২০০টিরও বেশি জাতিগত সম্প্রদায়ের পূর্ণাঙ্গ তালিকা নয়। ভবিষ্যতে আরও পরিবর্তন আনা হবে, যাতে শহরের বৈচিত্র্য আরও ভালোভাবে প্রতিফলিত হয়।'

অন্যদিকে, সাবেক মেয়র এরিক অ্যাডামসের একজন মুখপাত্র বলেছেন, এই ত্রুটির দায় তাদের প্রশাসন নেবে না।

সেন্ট্রাল পার্কে বিশ্বকাপ ফাইনাল

শেষ পৃষ্ঠার পর

সবচেয়ে বড় এবং বিশ্বের অন্যতম বৃহৎ বিশ্বকাপ ফাইনাল ওয়াচ পার্টি। অনুষ্ঠানের আয়োজক আন্তর্জাতিক সংগঠন গ্লোবাল সিটিজেন।

সেন্ট্রাল পার্কের ঐতিহাসিক গ্রেট লনে অনুষ্ঠিত এই আয়োজনে প্রায় ৫০ হাজার দর্শক একসঙ্গে বিশ্বকাপ ফাইনাল উপভোগ করতে পারবেন। ম্যাচটি সরাসরি সম্প্রচারের জন্য থাকবে বিশাল এলইডি স্ক্রিন, পাশাপাশি থাকবে লাইভ বিনোদন, ডিজে পারফরম্যান্স, বিভিন্ন খাবারের স্টল এবং উৎসবমুখর পরিবেশ।

আয়োজকদের তথ্য অনুযায়ী, অনুষ্ঠানে অংশ নিতে কোনো মূল্য দিতে হবে না। তবে প্রবেশের জন্য টিকিট বাধ্যতামূলক এবং সেগুলো লটারির মাধ্যমে বিতরণ করা হবে। আগ্রহীদের একটি এষড়নধষ ঈরঃুরুবহ অ্যাকাউন্ট খুলে অনলাইনে নিবন্ধন করতে হবে। নিবন্ধনের সময় ৩০০ অক্ষরের মধ্যে লিখতে হবে তারা কোন দেশকে সমর্থন করছেন এবং কেন শিক্ষার বিষয়টি তাদের কাছে গুরুত্বপূর্ণ।

টিকিটের জন্য নিবন্ধনের সুযোগ আগামী ১৬ জুলাই (বৃহস্পতিবার) পর্যন্ত থাকবে। নির্বাচিত আবেদনকারীদের মধ্যে লটারির মাধ্যমে টিকিট বিতরণ করা হবে। এছাড়া মোট টিকিটের অন্তত ২০ শতাংশ নিউইয়র্কের বিভিন্ন অলাভজনক প্রতিষ্ঠান, কমিউনিটি গ্রুপ, যুব ফুটবল কর্মসূচি এবং স্বেচ্ছাসেবীদের জন্য সংরক্ষিত রাখা হয়েছে।

অনুষ্ঠানের দিন দুপুর ১২টায় প্রবেশদ্বার খুলে দেওয়া হবে। বিশ্বকাপ ফাইনাল ম্যাচ শুরু হবে বিকেল ৩টায়। আয়োজকরা জানিয়েছেন, দর্শকরা শুধু ম্যাচই নয়, বরং দিনব্যাপী একটি পূর্ণাঙ্গ ফুটবল উৎসবের অভিজ্ঞতা পাবেন।

এ অনুষ্ঠানে জনপ্রিয় রেডিও ব্যক্তিত্ব শার্লামেইন দ্য গড এবং এলভিস ডুরান উপস্থিত থাকবেন। পাশাপাশি বিশ্বকাপ ফাইনালের ঐতিহাসিক হাফটাইম শোও বড় পর্দায় সরাসরি প্রদর্শন করা হবে।

'নেক্সট স্টপ' পরিকল্পনায় ৮৮২ মিলিয়ন ডলার বরাদ্দ

প্রথম পৃষ্ঠার পর

নিয়েছে সিটি প্রশাসন। মেয়র জোহরান মামদানি ও গভর্নর ক্যাথি হোকুল যৌথভাবে 'নেক্সট স্টপ' নামে একটি পরিকল্পনা ঘোষণা করেছেন, যার মাধ্যমে বাসের গতি বাড়ানো, যাত্রার সময় কমানো এবং গণপরিবহন ব্যবস্থাকে আরও আধুনিক করার উদ্যোগ নেওয়া হবে।

নিউইয়র্ক সিটির মেয়র জোহরান মামদানি ও নিউইয়র্ক স্টেট গভর্নর ক্যাথি হোকুল মঙ্গলবার 'নেক্সট স্টপ' নামে নতুন একটি পাবলিক পরিবহন উন্নয়ন পরিকল্পনা ঘোষণা করেছেন। পাঁচ বছর মেয়াদি এই প্রকল্পে মোট ৮৮২ মিলিয়ন ডলার ব্যয় করা হবে।

পরিকল্পনা অনুযায়ী, শহরের অন্তত ৫০টি গুরুত্বপূর্ণ বাস করিডোরে যাত্রার সময় প্রতিটি ট্রিপে সর্বোচ্চ ছয় মিনিট পর্যন্ত কমানো হবে। এজন্য সড়ক পুনর্বিন্যাস, ট্রাফিক আইন প্রয়োগ জোরদার, নতুন বাস রুট চালু এবং বিভিন্ন অবকাঠামোগত উন্নয়ন করা হবে।

এছাড়া ২০২৮ সালের মধ্যে ৩০০টি নতুন বাস শেল্টার নির্মাণ, ২০২৬ সালেই ৮৭৫টি বাসস্টপে বসার ব্যবস্থা, চলতি বছরের শেষ নাগাদ ২৮টি সড়ক পুনর্বিন্যাস প্রকল্প বাস্তবায়ন এবং ২০২৭ সালের মধ্যে সব দরজা দিয়ে বাসে ওঠার ব্যবস্থা চালুর পরিকল্পনা রয়েছে।

সিটি কর্তৃপক্ষের তথ্য অনুযায়ী, বর্তমানে নিউইয়র্ক সিটির বাসের গড় গতি ঘণ্টায় মাত্র ৮ মাইল। তুলনায় সাবওয়ের গড় গতি ঘণ্টায় প্রায় ১৮ মাইল এবং ব্যক্তিগত গাড়ির গড় গতি ২৫ মাইল পর্যন্ত। নতুন পরিকল্পনার আওতায় অগ্রাধিকারপ্রাপ্ত করিডোরগুলোতে বাসের গতি কমপক্ষে ২০ শতাংশ বাড়ানোর লক্ষ্য নির্ধারণ করা হয়েছে।

এই পরিকল্পনার আওতায় ২০৩০ সালের মধ্যে ব্রুকলিন ও কুইন্সের বিভিন্ন এলাকায় পাঁচটি নতুন 'র‍্যাপিড বাস করিডোর' চালু করা হবে। প্রথম পর্যায়ে ট্রেমন্ট/ক্রস ব্রঙ্কস, নর্দার্ন বুলেভার্ড, ফ্ল্যাটবুশ অ্যাভিনিউ, ইউটিকা অ্যাভিনিউ এবং কেনসিংটন-জেএফকে করিডোর অন্তর্ভুক্ত করা হয়েছে। এসব রুটে রাস্তার মাঝখানে বিশেষ বাস লেন থাকবে, আর ব্যক্তিগত গাড়ি ও ট্রাকের জন্য প্রতিটি দিকে একটি করে লেন রাখা হবে।

পরিকল্পনায় আরও রয়েছে ২ হাজার ৫০০টি নতুন বাস কেনা, যা এমটিএর বর্তমান বাস বহরের ৪০ শতাংশেরও বেশি প্রতিস্থাপন করবে। পাশাপাশি ২০২৭ সালের মধ্যে ২০০টি নতুন স্থায়ী বাস লেন ক্যামেরা স্থাপন করা হবে, যাতে অবৈধভাবে বাস লেনে চলাচলকারী যানবাহনের বিরুদ্ধে স্বয়ংক্রিয়ভাবে ব্যবস্থা নেওয়া যায়।

এমটিএ চেয়ারম্যান ও প্রধান নির্বাহী কর্মকর্তা জ্যানো লিবার বলেন, বাস লেনে স্বয়ংক্রিয় ক্যামেরা প্রয়োগ ইতোমধ্যে ইতিবাচক ফল দিয়েছে এবং নতুন পরিকল্পনার মাধ্যমে ট্রাফিক আইন আরও কঠোরভাবে কার্যকর করা হবে।

নতুন পরিকল্পনায় যাত্রীসেবার মান বাড়াতে বাসস্টপে গাছ লাগানো, অতিরিক্ত তাপ থেকে সুরক্ষার ব্যবস্থা এবং বাস কখন আসবে তা জানাতে রিয়েল-টাইম ডিজিটাল ডিসপ্লে স্থাপনের উদ্যোগও রয়েছে।

গভর্নর ক্যাথি হোকুল বলেন, নিউইয়র্ক বর্তমানে গণপরিবহন ব্যবস্থার নতুন এক যুগে প্রবেশ করছে। মেয়র মামদানির সঙ্গে যৌথভাবে নেওয়া এই উদ্যোগের মাধ্যমে বাস চলাচল আরও দ্রুত হবে, বিলম্ব কমবে এবং নিউইয়র্কের বাস ব্যবস্থা বিশ্বের অন্যতম সেরা ব্যবস্থায় পরিণত হবে বলে তিনি আশা প্রকাশ করেন।

বাসার কাছে প্রিস্কুলে সুযোগ

প্রথম পৃষ্ঠার পর

পাওয়া বা পছন্দের প্রোগ্রামে সুযোগ না পাওয়া অনেক পরিবার এখন নিজেদের বাসার কাছাকাছি কেন্দ্র বেছে নিতে পেরেছে।

সিটি কর্তৃপক্ষের প্রকাশিত সর্বশেষ তথ্য অনুযায়ী, এ বছর ৩-কে কর্মসূচিতে মোট ৪২ হাজার ৬০০ পরিবার আবেদন করে। এর মধ্যে প্রায় ৭০ শতাংশ পরিবার তাদের প্রথম পছন্দের কেন্দ্রেই আসন পেয়েছে। এছাড়া ৮৪ শতাংশ পরিবার তাদের শীর্ষ তিনটি পছন্দের যেকোনো একটিতে সুযোগ পেয়েছে। গত বছরের তুলনায় উভয় হারই বেড়েছে।

তবে প্রায় ৫ হাজার ১০০ পরিবার শুরুতে তাদের পছন্দের তালিকাভুক্ত কোনো কেন্দ্রেই আসন পায়নি। পরে নতুন আসন যুক্ত হওয়ার ফলে এসব পরিবারের প্রায় ২০ শতাংশ বাসা-বাড়ির কাছাকাছি কোনো প্রোগ্রামে ভর্তি হওয়ার সুযোগ পেয়েছে।

সবচেয়ে বড় উন্নতি হয়েছে স্ট্যাটেন আইল্যান্ডে। সেখানে পরিবারগুলোর বাড়ি থেকে প্রিস্কুল পর্যন্ত গড় দূরত্ব প্রায় ৫ মাইল থেকে কমে ২ মাইলেরও নিচে নেমে এসেছে।

মেয়রের চাইল্ড কেয়ার অ্যান্ড আর্লি চাইল্ডহুড এডুকেশন অফিসের নির্বাহী পরিচালক এমি লিস বলেন, "শিশু পরিচর্যা তখনই সত্যিকার অর্থে সবার জন্য নিশ্চিত হবে, যখন তা সহজে ব্যবহারযোগ্য হবে। বহু বছর ধরে অভিভাবকদের অন্য বরোতে যেতে হয়েছে বা এমন কেন্দ্র বেছে নিতে হয়েছে, যা তাদের পরিবারের জন্য সুবিধাজনক ছিল না। মেয়র মামদানির নেতৃত্বে আমরা সেই পরিস্থিতি বদলাতে শুরু করেছি।" চলতি বছরে গভর্নর ক্যাথি হোকলের ১.২ বিলিয়ন ডলারের শিশু পরিচর্যা বিনিয়োগ পরিকল্পনার অংশ হিসেবে মামদানি প্রশাসন মোট ২ হাজার নতুন ৩-কে আসন যুক্ত করেছে। এছাড়া আগামী সেপ্টেম্বর থেকে ২ বছর বয়সী শিশুদের জন্যও নতুন একটি কর্মসূচি চালু হবে।

চাকরি হারাচ্ছেন লাখো অভিবাসী!

শিগগিরই শেষ হচ্ছে, তাদের আর কর্মরত রাখা যাবে না।

প্রতিবেদনে বলা হয়, হাইতির টিপিএসধারীদের কর্মসংস্থানের অনুমতি ২৪ জুলাই শেষ হবে। এছাড়া ইথিওপিয়া, মিয়ানমার, সোমালিয়া, দক্ষিণ সুদান, সিরিয়া ও ইয়েমেনের টিপিএসধারীদের কাজের অনুমতি ১৭ জুলাই শেষ হবে। এ সংক্রান্ত পৃথক নোটিশ জারি করেছে যুক্তরাষ্ট্রের নাগরিকত্ব ও অভিবাসন সেবা সংস্থা।

এই নির্দেশনা এসেছে যুক্তরাষ্ট্রের সুপ্রিম কোর্টের গত মাসের এক রায়ের পর। ওই রায়ে ট্রাম্প প্রশাসনকে হাইতি ও সিরিয়ার টিপিএস সুরক্ষা বাতিলের ক্ষমতা বহাল রাখা হয়। টিপিএসের মেয়াদ শেষ হলে সংশ্লিষ্ট ব্যক্তিরা বহিষ্কারের ঝুঁকিতে পড়বেন।

বর্তমানে টিপিএস কর্মসূচির আওতায় ৩ লাখ ৩০ হাজারের বেশি হাইতির নাগরিক এবং প্রায় ৬ হাজার ১০০ সিরিয়ার নাগরিক যুক্তরাষ্ট্রে বসবাস করছেন। এছাড়া ইথিওপিয়া, মিয়ানমার, সোমালিয়া, দক্ষিণ সুদান ও ইয়েমেন এই পাঁচ দেশের মিলিয়ে আরও প্রায় ২০ হাজার টিপিএসধারী রয়েছেন।

টিপিএস এমন একটি মানবিক কর্মসূচি, যার মাধ্যমে যুদ্ধ, প্রাকৃতিক দুর্যোগ বা রাজনৈতিক অস্থিরতার কারণে নিজ দেশে নিরাপদে ফিরতে না পারা বিদেশি নাগরিকদের নির্দিষ্ট সময়ের জন্য যুক্তরাষ্ট্রে বসবাস ও কাজের অনুমতি দেওয়া হয়।

প্রতিবেদনে আরও বলা হয়, সাম্প্রতিক সপ্তাহগুলোতে যুক্তরাষ্ট্রের নাগরিকত্ব ও অভিবাসন সেবা সংস্থা কয়েক দফায় স্বল্প সময়ের জন্য কাজের অনুমতির মেয়াদ বাড়িয়েছে। প্রথমে মেয়াদ শেষ হওয়ার তারিখ নির্ধারণ করা হয়েছিল ১ জুলাই। পরে তা বাড়িয়ে ১০ জুলাই করা হয় এবং শুক্রবার আবার নতুন সময়সীমা ঘোষণা করা হয়।

তবে বারবার সময়সীমা পরিবর্তনের কারণে অনেক নিয়োগদাতা বিভ্রান্তির মধ্যে পড়েছেন। কেউ কেউ মেয়াদ বাড়ানোর ঘোষণা পাওয়ার আগেই টিপিএসধারী কর্মীদের চাকরি থেকে অব্যাহতি দিয়েছেন। আবার অনেক প্রতিষ্ঠান সুপ্রিম কোর্টের রায় কার্যকর হতে কিছুটা সময় লাগবে–এমন ধারণায় কর্মীদের চাকরিতে বহাল রেখেছিল।

স্বল্প আয়ের পরিবারকে মাসে

প্রথম পৃষ্ঠার পর

প্রতিনিধি পরিষদে উত্থাপন করেন।

বিলটি পাস হলে যুক্তরাষ্ট্রের কৃষি বিভাগ পরীক্ষামূলকভাবে একটি কর্মসূচি চালু করবে। এর আওতায় যোগ্য পরিবারগুলো প্রতি মাসে অতিরিক্ত ৬০ ডলার পাবে, যা শুধুমাত্র তাজা ফল ও সবজি কেনার জন্য ব্যয় করা যাবে।

প্রস্তাব অনুযায়ী, যেসব পরিবারের আয় তাদের এলাকার মধ্যম আয়ের ৮০ শতাংশ বা তার কম, তারা এই সুবিধার জন্য আবেদন করতে পারবেন। বর্তমানে এসএনএপি সুবিধা পাওয়া পরিবারগুলো স্বয়ংক্রিয়ভাবেই এই আয়ের শর্ত পূরণ করবে।

এছাড়া অপ্রয়োজনীয় কাগজপত্র কমাতে স্ন্যাপ সুবিধাভোগীদের জন্য স্বয়ংক্রিয় নিবন্ধন অথবা ইচ্ছাভিত্তিক নিবন্ধনের ব্যবস্থা চালু করতে রাজ্যগুলোকে নির্দেশ দেওয়ার কথাও বিলে উল্লেখ রয়েছে।

অতিরিক্ত ৬০ ডলার ইলেকট্রনিক বেনিফিট ট্রান্সফার (ইবিটি) কার্ডের মাধ্যমে দেওয়া হতে পারে। এই অর্থ দিয়ে অতিরিক্ত চর্বি, চিনি বা লবণবিহীন তাজা, হিমায়িত বা শুকনো ফল ও সবজি, বিভিন্ন ধরনের ভেষজ উদ্ভিদ এবং কিছু ভোজ্য চারাও কেনা যাবে।

প্রতিবেদনে বলা হয়, বিলটি কার্যকর হলে শুরুতেই সারা দেশে চালু হবে না। প্রথমে এটি পাঁচ বছরের একটি পরীক্ষামূলক কর্মসূচি হিসেবে বাস্তবায়ন করা হবে। কৃষি বিভাগ বিভিন্ন অঞ্চলের অন্তত একটি করে রাজ্য নির্বাচন করবে এবং খাদ্য-নিরাপত্তাহীন এলাকাগুলোকে অগ্রাধিকার দেওয়া হবে।

অংশগ্রহণকারী রাজ্যগুলো খাদ্য নিরাপত্তা, ফল ও সবজি খাওয়ার হার এবং পুষ্টিগত উন্নয়নের তথ্য সংগ্রহ করবে। পরে সেই তথ্যের ভিত্তিতে কর্মসূচিটি কার্যকর হয়েছে কি না, তা মূল্যায়ন করা হবে।

অর্থনৈতিক বিশ্লেষকদের মতে, তাজা ফল ও সবজির দাম তুলনামূলক বেশি হওয়ায় অতিরিক্ত এই অর্থ নিম্ন আয়ের পরিবারগুলোর জন্য গুরুত্বপূর্ণ সহায়তা হতে পারে। তবে কর্মসূচির অর্থায়ন কীভাবে হবে, সেটিও বড় একটি প্রশ্ন।

বর্তমানে বিলটি প্রতিনিধি পরিষদের কৃষি বিষয়ক কমিটিতে পাঠানো হয়েছে। কমিটির অনুমোদন, প্রতিনিধি পরিষদ ও সিনেটে পাস এবং প্রেসিডেন্টের স্বাক্ষরের পরই এটি আইনে পরিণত হতে পারবে। অনুমোদন পেলেও এটি প্রথমে স্থায়ী কর্মসূচি নয়, বরং পাঁচ বছরের পরীক্ষামূলক প্রকল্প হিসেবেই চালু হবে।

নিউ জার্সির বাসিন্দারা পাবেন চাইল্ড ট্যাক্স ক্রেডিট

প্রথম পৃষ্ঠার পর

সহজ করতে এই নতুন বিনামূল্যের ও মোবাইল-সুবিধাসম্পন্ন অনলাইন প্ল্যাটফর্ম চালু করেছে স্টেট প্রশাসন। গভর্নর মিকি শেরিলের প্রশাসনের উদ্যোগে চালু হওয়া এই সেবার লক্ষ্য হলো, বিশেষ করে যেসব নিম্ন আয়ের পরিবার সাধারণত ট্যাক্স রিটার্ন জমা দিতে বাধ্য নয়, তারাও যেন সহজেই এই আর্থিক সুবিধার জন্য আবেদন করতে পারেন।

স্টেট প্রশাসনের তথ্য অনুযায়ী, যেসব পরিবারের বার্ষিক করযোগ্য আয় ৮০ হাজার ডলার বা তার কম, তারা যোগ্য হলে প্রতি পাঁচ বছর বা তার কম বয়সী সন্তানের জন্য চাইল্ড ট্যাক্স ক্রেডিট দাবি করতে পারবেন। চলতি বছরে সর্বোচ্চ ১,০০০ ডলার পর্যন্ত এই সুবিধা মিললেও, ২০২৭ অর্থবছরের বাজেট অনুযায়ী আগামী বছর থেকে এর পরিমাণ বাড়িয়ে ১,২৫০ ডলার করা হবে।

স্টেট ট্রেজারার অ্যারন বাইন্ডার বলেন, অনেক পরিবারের জন্য কর-সংক্রান্ত প্রক্রিয়া জটিল ও সময়সাপেক্ষ হয়ে ওঠে। নতুন 'সিম্পলফাইল' সেই জটিলতা কমিয়ে দ্রুত ও সহজে আবেদন করার সুযোগ করে দেবে। তিনি আশা প্রকাশ করেন, প্রতিটি যোগ্য পরিবার এই গুরুত্বপূর্ণ আর্থিক সহায়তার সুবিধা গ্রহণ করবে।

প্রশাসন কর্তৃপক্ষের দাবি, ইতোমধ্যে দুই লাখেরও বেশি নিউ জার্সি পরিবার এই চাইল্ড ট্যাক্স ক্রেডিট সুবিধা গ্রহণ করছে। তবে আরও হাজারো যোগ্য পরিবার বিভিন্ন কারণে আবেদন করতে পারছে না। নতুন প্ল্যাটফর্ম চালুর মাধ্যমে সেই পরিবারগুলোকেও সুবিধার আওতায় আনার উদ্যোগ নেওয়া হয়েছে। আবেদনকারীরা ইংরেজি ও স্প্যানিশ উভয় ভাষায় প্রায় ১৫ মিনিটের মধ্যেই আবেদন সম্পন্ন করতে পারবেন।

চাইল্ড ট্যাক্স ক্রেডিট পাওয়ার জন্য আবেদনকারীকে কর বছরের পুরোটা বা আংশিক সময় নিউ জার্সির বাসিন্দা হতে হবে। এছাড়া বৈধ সোশ্যাল সিকিউরিটি নম্বর অথবা ট্যাক্স আইডেন্টিফিকেশন নম্বর থাকতে হবে। আবেদনকারীকে সংশ্লিষ্ট শিশুকে কর-নির্ভরশীল বা ডিপেন্ডেন্ট হিসেবে দাবি করার অধিকার থাকতে হবে এবং কর বছরের শেষ দিন পর্যন্ত শিশুর বয়স পাঁচ বছর বা তার কম হতে হবে। পাশাপাশি আবেদনকারীর করযোগ্য বার্ষিক আয় ৮০ হাজার ডলারের বেশি হওয়া যাবে না।

এই চাইল্ড ট্যাক্স ক্রেডিট রিফান্ডযোগ্য হওয়ায় এটি শুধু করের দায় কমায় না, অনেক ক্ষেত্রে করদাতার রিফান্ডের পরিমাণও বাড়িয়ে দেয়।

স্টেট প্রশাসন বলছে, শিশু লালন-পালনের ব্যয় ক্রমেই বাড়ছে। তাই এই ধরনের আর্থিক সহায়তা পরিবারগুলোর জন্য বড় স্বস্তি হয়ে উঠতে পারে।

মেডিকেইডের কর্মঘণ্টার শর্ত: মামলা

প্রথম পৃষ্ঠার পর

মেডিকেইডে কর্মঘণ্টার শর্ত চালুর অভিজ্ঞতায় দেখা গেছে, অনেকেই কাজ করার পরও শুধু তথ্য জমা দিতে না পারায় স্বাস্থ্যবিমা হারিয়েছেন। একই পরিস্থিতি আবারও তৈরি হতে পারে।

তাদের আশঙ্কা, এর ফলে বীমাবিহীন মানুষের সংখ্যা বাড়বে, হাসপাতালগুলোর ওপর চাপ বৃদ্ধি পাবে এবং জরুরি চিকিৎসা ব্যয়ও বেড়ে যাবে। একই সঙ্গে রাজ্য সরকারগুলোকেও নতুন নিয়ম বাস্তবায়নে অতিরিক্ত অর্থ ও জনবল ব্যয় করতে হবে।

অন্যদিকে ট্রাম্প প্রশাসন বলছে, নতুন এই নীতির উদ্দেশ্য কাউকে স্বাস্থ্যসেবা থেকে বঞ্চিত করা নয়; বরং মানুষকে কর্মসংস্থান, শিক্ষা, দক্ষতা উন্নয়ন এবং সমাজসেবামূলক কাজে আরও বেশি সম্পৃক্ত করা।

সিএমএসের প্রশাসক ডা. মেহমেত ওজ বলেছেন, এই কর্মসূচি মানুষকে আরও স্বনির্ভর হতে সহায়তা করবে এবং তাদের ও তাদের পরিবারের জন্য নতুন সুযোগ সৃষ্টি করবে।

মামলাটি বর্তমানে ফেডারেল আদালতে বিচারাধীন। আদালত স্থগিতাদেশ না দিলে অধিকাংশ অঙ্গরাজ্যে ২০২৭ সালের ১ জানুয়ারি থেকে নতুন কর্মঘণ্টার শর্ত কার্যকর হওয়ার কথা রয়েছে।

ইরান-যুক্তরাষ্ট্রের পাল্টাপাল্টি হামলা

তেলের দাম ফের বাড়ল ৪ শতাংশের বেশি

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্র ও ইরান নতুন করে পাল্টাপাল্টি সামরিক হামলা শুরু করার হরমুজ প্রণালি দিয়ে জ্বালানি পরিবহন আবারও হুমকির মুখে পড়েছে। এতে আজ সোমবার তেলের দাম ৪ শতাংশের বেশি বৃদ্ধি পেয়েছে। বার্তা সংস্থা রয়টার্সের প্রতিবেদন থেকে এ তথ্য জানা গেছে।

গ্রিনিচ মান সময় ভোররাত ৩টা ২৫ মিনিট পর্যন্ত ব্রেন্ট ক্রুড ফিউচারসের (বা যেসব অপরিশোধিত ব্রেন্ট ভবিষ্যতের কোনো একসময়ে সরবরাহ করা হবে) দাম ৩ দশমিক ১০ ডলার বা ৪ দশমিক শূন্য ৮ শতাংশ বেড়ে ব্যারেল প্রতি ৭৯ দশমিক ১১ ডলারে পৌঁছায়। অন্যদিকে যুক্তরাষ্ট্রের ওয়েস্ট টেক্সাস ইন্টারমিডিয়েট ক্রুড ২ দশমিক ৯৫ ডলার বা ৪ দশমিক ১১ শতাংশ বেড়ে ব্যারেল প্রতি ৭৪ দশমিক ৩৬ ডলারে দাঁড়ায়।

যুক্তরাষ্ট্রের সেন্ট্রাল কমান্ড জানিয়েছে, মার্কিন বাহিনী রোববার ইরানের বিরুদ্ধে আরও এক দফা হামলা সম্পন্ন করেছে এবং সুনির্দিষ্ট অস্ত্র দিয়ে একাধিক স্থানে কয়েক ডজন লক্ষ্যবস্তুতে আঘাত হেনেছে। ইরানের রেভল্যুশনারি গার্ডস সোমবার জানিয়েছে, তারা কুয়েত, জর্ডান ও বাহরাইনে মার্কিন সামরিক ঘাঁটিগুলোতে হামলা চালিয়েছে।



জ্বালানি তেলের দাম বেড়ে দুই মাসের মধ্যে সর্বোচ্চ স্তরে পৌঁছেছে। ছবি: এআই দিয়ে তৈরি

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প রোববার বলেছেন, হরমুজ প্রণালি বাণিজ্যিক চলাচলের জন্য উন্মুক্ত রয়েছে, যদিও ইরান এর আগে ঘোষণা করেছিল যে একটি জাহাজ অনুমোদনহীন রুটে চলার পর সেটির ওপর আঘাত হেনে তারা প্রণালিটি বন্ধ করে দিয়েছে।

ফেব্রুয়ারির শেষে যুদ্ধ শুরু হওয়ার আগে বিশ্বের প্রায় ২০ শতাংশ তেল এবং তরলীকৃত প্রাকৃতিক গ্যাস এই প্রণালি দিয়ে পরিবাহিত হতো। জ্বালানি ও জাহাজ পরিবহনের তথ্য রাখা প্রতিষ্ঠান কেপলারের জাহাজ ট্র্যাকিং উপাত্ত অনুসারে, রোববার মাত্র ছয়টি জাহাজ এই প্রণালি অতিক্রম করেছে, যা গত পাঁচ সপ্তাহের মধ্যে সর্বনিম্ন সংখ্যা। এই ক্রমবর্ধমান হামলা গত মাসে স্বাক্ষরিত যুক্তরাষ্ট্র-ইরান অন্তর্বর্তীকালীন চুক্তির ভবিষ্যৎকে আরও সংশয়ের মুখে ফেলে দিয়েছে, যার লক্ষ্য ছিল প্রণালিটি পুনরায় উন্মুক্ত করা এবং আরও ৬০ দিনের আলোচনার পর যুদ্ধের অবসান ঘটানো।

চুক্তির পর জুনে বিশ্বব্যাপী তেল সরবরাহ প্রতিদিন ৪১ লাখ ব্যারেল বৃদ্ধি পেলেও তা যুদ্ধপূর্ব অবস্থার চেয়ে প্রতিদিন ৯৪ লাখ ব্যারেল কম ছিল বলে শুক্রবার আন্তর্জাতিক জ্বালানি সংস্থা তাদের মাসিক প্রতিবেদনে জানিয়েছে।

বাজার বিশ্লেষণী প্রতিষ্ঠান এএনজের বিশ্লেষকেরা এক নোটে বলেছেন, 'সপ্তাহান্তে (গত রোববার পর্যন্ত) উত্তেজনা বৃদ্ধির পর সাম্প্রতিক এই সংঘাতের তুলনামূলক দ্রুত সমাধানের আশা এখন সংশয়ের মুখে পড়তে পারে।' আরেক বাজার বিশ্লেষণী প্রতিষ্ঠান আইজির বিশ্লেষক টনি সাইকামোর বলেন, তেলের দামের এই তুলনামূলক মৃদু বৃদ্ধি ইঙ্গিত করে যে বাজার এটিকে একটি ভঙ্গুর যুদ্ধবিরতির মধ্যে উত্তেজনা বৃদ্ধি হিসেবে দেখছে এবং এটিকে যুদ্ধবিরতির সম্পূর্ণ ভেঙে পড়া বলে মনে করছে না। এক নোটে তিনি বলেন, 'এই দৃষ্টিভঙ্গি কতটা সঠিক তা দেখার বিষয়।'

২০২৮ সালের প্রেসিডেন্ট

৫-এর পৃষ্ঠার পর

বছর অর্থাৎ ২০২৫ সালের জুনে তিনি প্রেসিডেন্ট নির্বাচনে লড়ার আভাস দেন। এর পর থেকে বিভিন্ন গণমাধ্যমে দেওয়া সাক্ষাৎকারে তিনি বারবার দাবি করে আসছেন, ডেমোক্রেটিক দলের ভেতর মধ্যপন্থী অংশটিকে নতুন করে শক্তিশালী করা দরকার। তবে ডেমোক্র্যাট ভোটারদের প্রাথমিক জনমত জরিপগুলোতে বর্তমানে তাঁর পক্ষে মাত্র ১ শতাংশের মতো সমর্থন রয়েছে।

চমক দেখানো প্রার্থী

যুক্তরাষ্ট্রের নির্বাচনী ইতিহাস বলে–শুরুর দিকের জনমত জরিপ এবং রাজনৈতিক বিশ্লেষকদের আগাম ধারণা অনেক সময়ই ভুল প্রমাণিত হতে পারে। উদাহরণস্বরূপ, ডোনাল্ড ট্রাম্প যখন ২০১৬ সালের নির্বাচনের জন্য প্রথম প্রচার শুরু করেছিলেন, তখন রিপাবলিকান ভোটারদের মধ্যে তাঁর জনসমর্থন ছিল মাত্র ১ শতাংশ।

একইভাবে ১৯৯২ সালের ডেমোক্রেটিক দলের শুরুর দিকের জরিপগুলোতে বিল ক্লিনটনের জনপ্রিয়তাও ছিল ১ শতাংশের নিচে। কিন্তু পরবর্তী সময়ে এই দুজনেই প্রেসিডেন্ট হয়েছিলেন। তাই ১ শতাংশ সমর্থন থাকা রাম ইমানুয়েল কিংবা অন্য কোনো অচেনা মুখও শেষ মুহূর্তে চমক হিসেবে মূল লড়াইয়ে চলে আসতে পারেন।

প্রভাবশালী রিপাবলিকান সিনেটর লিন্ডসে গ্রাহামের মৃত্যু

২-এর পৃষ্ঠার পর

কঠোর অবস্থানের সমর্থক। ইরাক, ইরান ও মধ্যপ্রাচ্য ইস্যুতে তিনি সামরিক শক্তি ব্যবহারের পক্ষে ছিলেন। একই সঙ্গে ইসরায়েল ও ইউক্রেনের প্রতি যুক্তরাষ্ট্রের সমর্থনের অন্যতম জোরালো কণ্ঠ ছিলেন তিনি।

তার মৃত্যু এমন এক সময়ে হলো, যখন রিপাবলিকানদের সিনেটে সংখ্যাগরিষ্ঠতা খুব বেশি বড় নয়। এর আগে সিনেটর মিচ ম্যাককনেল অসুস্থতার কারণে অনুপস্থিত থাকায় দলটি চাপের মধ্যে ছিল। গ্রাহামের শূন্য আসন সাময়িকভাবে পূরণ করতে পারবেন দক্ষিণ ক্যারোলাইনার গভর্নর হেনরি ম্যাকমাস্টার।

কারণ গ্রাহাম চলতি বছরের নির্বাচনে আবারও সিনেট আসনের জন্য প্রতিদ্বন্দ্বিতা করছিলেন, তাই রিপাবলিকান মনোনয়নেও নতুন প্রার্থী বাছাই করতে হবে। রাজ্য আইন অনুযায়ী, আগামী ১১ আগস্ট বিশেষ প্রাথমিক নির্বাচন এবং প্রয়োজনে ২৫ আগস্ট রানঅফ নির্বাচন হতে পারে।

সমালোচক থেকে ট্রাম্পের ঘনিষ্ঠ সহযোগী

রাজনৈতিক জীবনের শুরুতে গ্রাহাম ছিলেন ট্রাম্পের কঠোর সমালোচকদের একজন। ২০১৬ সালের প্রেসিডেন্ট নির্বাচনের সময় তিনি ট্রাম্পের প্রার্থিতার বিরোধিতা করেছিলেন। তবে ২০১৭ সালে হোয়াইট হাউসে ট্রাম্পের সঙ্গে বৈঠকের পর দুই নেতার সম্পর্ক বদলে যায়।

ট্রাম্পের দ্বিতীয় মেয়াদে গ্রাহাম সিনেটে তার অন্যতম বিশ্বস্ত সহযোগী হিসেবে পরিচিতি পান। বিভিন্ন আইন, বিচার বিভাগীয় নিয়োগ ও প্রশাসনিক পরিকল্পনায় তিনি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন।

বিশেষ করে সুপ্রিম কোর্টের বিচারপতি ব্রেট কাভানার নিয়োগের সময় গ্রাহাম ছিলেন তার অন্যতম প্রধান সমর্থক।

আন্তর্জাতিক ইস্যুতে কঠোর অবস্থান

গ্রাহাম দীর্ঘদিন ধরে যুক্তরাষ্ট্রের সামরিক ও কূটনৈতিক হস্তক্ষেপের পক্ষে অবস্থান নিয়েছেন। তিনি ইউক্রেনকে সামরিক সহায়তা অব্যাহত রাখার পক্ষে ছিলেন এবং রাশিয়ার বিরুদ্ধে কঠোর নিষেধাজ্ঞার দাবি জানিয়ে আসছিলেন।

মৃত্যুর আগে তিনি ইউক্রেন সফর করেছিলেন। ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি তাকে "স্বাধীনতার প্রকৃত সমর্থক" হিসেবে উল্লেখ করে শোক প্রকাশ করেছেন।

ইসরায়েলের প্রতিও গ্রাহামের দীর্ঘদিনের সমর্থন ছিল। ইসরায়েলি প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু তাকে দেশটির "সবচেয়ে বড় বন্ধুদের একজন" হিসেবে উল্লেখ করেছেন।

রাজনৈতিক উত্তরাধিকার

গ্রাহাম একদিকে ছিলেন রক্ষণশীল রিপাবলিকান নেতা, অন্যদিকে কিছু ইস্যুতে দুই দলের সঙ্গে কাজ করার জন্য পরিচিত ছিলেন। তিনি সাবেক সিনেটর জন ম্যাককেইনের ঘনিষ্ঠ বন্ধু ছিলেন এবং ২০১৩ সালের দ্বিদলীয় অভিবাসন সংস্কার উদ্যোগেও ভূমিকা রাখেন।

সিনেট জুডিশিয়ারি কমিটি ও বাজেট কমিটির চেয়ারম্যান হিসেবেও দায়িত্ব পালন করেছেন তিনি।

তার মৃত্যু শুধু দক্ষিণ ক্যারোলিনার রাজনীতিতেই নয়, বরং নভেম্বরের মধ্যবর্তী নির্বাচন ও যুক্তরাষ্ট্রের সিনেটের আইন প্রণয়ন প্রক্রিয়াতেও প্রভাব ফেলতে পারে বলে রাজনৈতিক বিশ্লেষকরা মনে করছেন।

৩১টি কুলিং টাওয়ারে লিজিওনেয়ার্স ব্যাকটেরিয়া শনাক্ত

শেষ পৃষ্ঠার পর

লিজিওনেলা ব্যাকটেরিয়ার উপস্থিতি শনাক্ত হয়েছে। এরই মধ্যে আক্রান্তের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৫৪ জনে, যাদের মধ্যে ১৮ জন হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

নিউইয়র্ক সিটি স্বাস্থ্য বিভাগ শুক্রবার প্রাথমিক পরীক্ষার ভিত্তিতে এমন ৩১টি ভবনের ঠিকানা প্রকাশ করেছে, যেখানে কুলিং টাওয়ারে লিজিওনেলা ব্যাকটেরিয়া শনাক্ত হয়েছে। স্বাস্থ্য কর্মকর্তারা জানিয়েছেন, ২ জুলাই থেকে শুরু হওয়া তদন্তে এখন পর্যন্ত ১৮০টিরও বেশি কুলিং টাওয়ার থেকে নমুনা সংগ্রহ করা হয়েছে।

যেসব ভবনে ব্যাকটেরিয়া শনাক্ত হয়েছে, তার মধ্যে রয়েছে বিশ্বখ্যাত গুগেনহাইম মিউজিয়াম-এর ঠিকানা ১০৭১ ফিফথ অ্যাভিনিউ, আপার ইস্ট সাইডের অভিজাত আবাসিক ভবন ১২০ ইস্ট ৮৭তম স্ট্রিট, ট্রেভর ডে স্কুল এবং সেকেন্ড অ্যাভিনিউ সাবওয়ের একটি এমটিএ কুলিং টাওয়ার।

এমটিএ জানিয়েছে, সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে সেকেন্ড অ্যাভিনিউর তাদের তিনটি কুলিং টাওয়ারই ইতোমধ্যে পরিষ্কার ও জীবাণুমুক্ত করা হয়েছে এবং পুনরায় পরীক্ষা করা হবে।

স্বাস্থ্য কমিশনার ডা. অ্যালিস্টার মার্টিন জানান, শনাক্ত হওয়া ৩১টি কুলিং টাওয়ারের মধ্যে ১৯টির সম্পূর্ণ পরিষ্কার ও জীবাণুমুক্তকরণ ইতোমধ্যে শেষ হয়েছে। বাকি ১২টির কাজ শনিবারের মধ্যে সম্পন্ন করার নির্দেশ দেওয়া হয়েছে।

স্বাস্থ্য বিভাগ বলছে, লিজিওনেয়ার্স রোগের সবচেয়ে সম্ভাব্য উৎস হলো এমন কোনো কুলিং টাওয়ার, যেখান থেকে লিজিওনেলা ব্যাকটেরিয়াযুক্ত পানির ক্ষুদ্র কণা বাতাসে ছড়িয়ে পড়ছে। তবে কোন নির্দিষ্ট কুলিং টাওয়ার থেকে মানুষ আক্রান্ত হচ্ছে, তা এখনো নিশ্চিত হওয়া যায়নি এবং তদন্ত অব্যাহত রয়েছে। শুক্রবার সকাল পর্যন্ত এই রোগে আক্রান্তের সংখ্যা বেড়ে ৫৪ জনে পৌঁছেছে। তাদের মধ্যে ১৮ জন হাসপাতালে ভর্তি রয়েছেন।

এদিকে ১৫১১ থার্ড অ্যাভিনিউর একটি ভবনেও ব্যাকটেরিয়া শনাক্ত হয়েছে। উল্লেখযোগ্য বিষয় হলো, ভবনটির মাসিক বেসরকারি পরিদর্শনে ফলাফল নেগেটিভ এলেও সিটির পরীক্ষায় পজিটিভ এসেছে। স্বাস্থ্য কর্মকর্তারা বলছেন, এটি সক্রিয় রোগসৃষ্টিকারী ব্যাকটেরিয়া নাকি পরিবেশগত দূষণের কারণে শনাক্ত হয়েছে, তা নিশ্চিত হতে আরও পরীক্ষা চলছে।

তদন্ত বর্তমানে আপার ইস্ট সাইডের ১০০২৮, ১০০৭৫ ও ১০১২৮ জিপ কোড এলাকাকে কেন্দ্র করে পরিচালিত হচ্ছে। এর মধ্যে কার্নেগি হিল, ইয়র্কভিল ও লেনক্স হিল এলাকায় ব্যাপক নমুনা সংগ্রহ ও পরীক্ষা চলছে।

স্বাস্থ্য বিভাগ জানিয়েছে, সংক্রমণের প্রকৃত উৎস শনাক্ত করতে বিস্তৃত পরীক্ষা ও তদন্ত অব্যাহত রয়েছে।

নাইচার প্লাম্বার কর্মীর বাৎসরিক আয়ে

শেষ পৃষ্ঠার পর

প্রায় সাত ঘণ্টা অতিরিক্ত কাজ করার সমান।

তবে বিতর্কের মূল কারণ শুধু তার উচ্চ আয় নয়। তদন্তে উঠে এসেছে, সরকারি চাকরিতে কর্মরত অবস্থায় তিনি দুটি ব্যক্তিগত প্লাম্বিং ব্যবসা পরিচালনা করছিলেন এবং সেসব প্রতিষ্ঠানের নামে নিউইয়র্ক সিটিতে বিভিন্ন প্লাম্বিং কাজের পারমিটও জমা দেওয়া হয়েছে।

এ কারণে নিউইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব বিল্ডিংস তদন্ত শুরু করেছে। তদন্তে যেসব বিষয় খতিয়ে দেখা হচ্ছে, সেগুলোর মধ্যে রয়েছে, সরকারি চাকরির পাশাপাশি ব্যক্তিগত ব্যবসা পরিচালনা করে স্বার্থের সংঘাত বা কনফ্লিক্ট অফ ইন্টারেস্ট সৃষ্টি হয়েছে কি না। সরকারি দায়িত্ব পালনের সময় বা সরকারি কর্মঘণ্টায় ব্যক্তিগত ব্যবসার কাজ করা হয়েছে কি না। একই সময়ে সরকারি ও ব্যক্তিগত কাজ দেখিয়ে অনিয়ম বা সময়ের অপব্যবহার হয়েছে কি না। লাইসেন্সধারী মাস্টার প্লাম্বার হিসেবে তার নামে ইস্যু হওয়া পারমিটগুলোর কাজ নিরাপত্তা বিধি অনুযায়ী সম্পন্ন হয়েছে কি না। বিশেষ করে গ্যাস পাইপ ও অন্যান্য ঝুঁকিপূর্ণ প্লাম্বিং কাজ সঠিক তদারকির মাধ্যমে সম্পন্ন হয়েছে কি না।

তবে এখন পর্যন্ত তার বিরুদ্ধে কোনো অভিযোগ প্রমাণিত হয়নি। তদন্ত এখনও চলমান এবং কর্তৃপক্ষ বলছে, সব তথ্য-প্রমাণ পর্যালোচনা করেই পরবর্তী সিদ্ধান্ত নেওয়া হবে।

এই তদন্ত এমন সময়ে শুরু হয়েছে, যখন নিউইয়র্ক সিটি হাউজিং অথরিটি দীর্ঘদিন ধরে আর্থিক সংকট ও অবকাঠামোগত সমস্যায় রয়েছে। সংস্থাটির ২৪০টির বেশি আবাসন প্রকল্পে প্রায় ৩ লাখ মানুষ বসবাস করেন। সিটির সর্বশেষ হিসাব অনুযায়ী, এসব ভবন সংস্কার ও আধুনিকায়নে কয়েক দশ বিলিয়ন ডলার প্রয়োজন।

বিশেষজ্ঞদের মতে, পুরোনো আবাসনগুলো সচল রাখতে প্লাম্বারসহ দক্ষ কর্মীদের প্রায়ই অতিরিক্ত সময় কাজ করতে হয়। তবে একজন সরকারি কর্মীর এক বছরে ২ হাজার ৫৬০ ঘণ্টা ওভারটাইম এবং ৪ লাখ ৬৫ হাজার ডলারের বেশি আয় অত্যন্ত ব্যতিক্রমী হওয়ায় বিষয়টি নজরে আসে।

নিউইয়র্ক টাইমস জ্যাকুব মারকোভস্কির কাছে একাধিকবার মন্তব্য জানতে চাওয়া হলেও তিনি কোনো প্রতিক্রিয়া দেননি। সোমবার ফোনে যোগাযোগ করা হলে নিউইয়র্ক টাইমসকে তিনি শুধু বলেন, তিনি কাজে ব্যস্ত, এরপর ফোন কেটে দেন।

তদন্ত শেষে কোনো নিয়ম ভঙ্গের প্রমাণ মিললে তার বিরুদ্ধে প্রশাসনিক বা আইনি ব্যবস্থা নেওয়া হতে পারে।

ব্রুকলিনের চার্চ-ম্যাকডোনাল্ড এবং জ্যামাইকাতে বাংলাদেশী ডাক্তার

INAMULHAQUE M SABOOR,MD

USCIS Designated Civil Surgeon
Board Certified Internal Medicine

সেবাসমূহ

- জেনারেল চেক আপ
- ইকেজি
- ডায়াবেটিস
- বয়স্ক ভেক্সিনেশান
- হাইপারটেনশন
- হজ্ব ভেক্সিনেশান
- হাই কোলেষ্টরল, এজমা
- ব্লাড টেষ্ট
- TLC EYE EXAM

আমাদের অফিসে বিভিন্ন বিশেষজ্ঞ ডাক্তার বসেন



Saboor Waizun Medical PC

আমরা প্রায় সকল প্রকার ইন্সুরেন্স গ্রহন করি

BROOKLYN
486 MCDONALD AVE
BROOKLYN, NY 11218
PH: (718) 247-7226
Sat, Tues and Thursday: 12:00PM- 7:00PM

JAMAICA
87-12 167TH ST
JAMAICA, NY 11432
PH: (718) 558-0280
Mon, Wed & Friday: 11:00AM to 5:00PM

নর্থ বেঙ্গল ফাউন্ডেশন ইউএসএ'র নতুন কমিটি অভিষেক

শেষ পৃষ্ঠার পর

উৎসবমুখর হয়ে উঠে অভিষেক অনুষ্ঠান। রোববার (৫ জুলাই) সন্ধ্যায় সিটির উডসাইডের কুইন্স প্যালেসে অনুষ্ঠানটির আয়োজন করা হয়।

অনুষ্ঠানে বক্তারা যুক্তরাষ্ট্র প্রবাসী সকল উত্তরবঙ্গবাসীকে ফাউন্ডেশনের পতাকা তলে ঐক্যবদ্ধ হয়ে সংগঠনটিকে আরো শক্তিশালী করার পাশাপাশি সম্মিলিতভাবে প্রবাসীসহ দেশের কল্যাণে অগ্রনী ভূমিকা পালন করার উপর গুরুত্বারোপ করেন। বক্তারা বলেন, যমুনা সেতু হওয়ার পর থেকে উত্তরবঙ্গ আর মঙ্গা পীড়িত অঞ্চল নয়। তবে আমাদের প্রত্যাশিত উন্নয়ন হয়নি। এজন্য বক্তারা বগুড়ার সন্তান হিসেবে প্রধানমন্ত্রী তারেক রহমানের সরকারের কাছে উত্তরবঙ্গের জেলাগুলোর সমস্যা সমাধানের জন্য দাবী জানান। খবর ইউএনএ'র।

তিন পর্বে বিভক্ত অনুষ্ঠানের প্রথম পর্বে সভাপতিত্ব করেন এবং স্বাগত বক্তব্য রাখেন ফাউন্ডেশনের আহ্বায়ক ও প্রধান উপদেষ্টা ডা. মোহাম্মদ আব্দুল লতিফ। পবিত্র কোরআন থেকে তেলাওয়াতের পর বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের জাতীয় সঙ্গীত পরিবেশিত হয়। এসময় ফাউন্ডেশনের অন্যতম ট্রাষ্টি বোর্ডের চেয়ারম্যান নাসির আলী খান পল, আমন্ত্রিত অতিথি সাপ্তাহিক বাংলাদেশ সম্পাদক ডা. ওয়াজেদ এ খান, উপদেষ্টা ডা. মাসুদুল হাসান জহিরুল ইসলাম টুকু, আল যুকায়ের বাচ্চু ও ডা. আবুল কালাম, নির্বাচন কমিশনার মোহাম্মদ আহসানউল্লাহ ফিলিপ এবং উপদেষ্টা ও নির্বাচন কমিশনার দবিরুল ইসলাম, সিনিয়র সহ সভাপতি এবিএম মিজানুল হাসান ও আহ্বায়ক কমিটির সদস্য মোহর খান সহ অন্যান্য কর্মকর্তা মঞ্চে উপস্থিত ছিলেন। এই পর্বে বিভিন্ন জেলার প্রতিনিধি সহ কয়েকজন আমন্ত্রিত অতিথি শুভেচ্ছা বক্তব্য রাখেন। পরিচালনা করেন আহ্বায়ক কমিটির প্রধান সমন্বয়কারী মোহাম্মদ রাকিবুজ্জামান তপু ও সদস্য সচিব মোহাম্মদ রোকনুজ্জামান রোকন।

পরবর্তীতে নতুন কমিটির কর্মকর্তাদের শপথ বাক্য পাঠ করান নির্বাচন কমিশনার দবিরুল ইসলাম। এরপর তাদের ফুল দিয়ে শুভেচ্ছা জানান অপর নির্বাচন কমিশনার মোহাম্মদ আহসানউল্লাহ ফিলি।

নর্থ বেঙ্গল ফাউন্ডেশন ইউএসএ'র অভিষিক্ত কর্মকর্তারা হলেন: সভাপতি- ডা. চৌধুরী সারওয়ারুল হাসান (পুন নির্বাচিত), সিনিয়র সহ সভাপতি- এবিএম মিজানুল হাসান, সহ-সভাপতি- মোহাম্মদ আবু তাহের, মোতাহার হোসেন, তাসকিনল হক, মোহাম্মদ শমসের আলী, এম এ রশিদ, সাধারণ সম্পাদক- মোজাফফর হোসেন (পুন নির্বাচিত), যুগ্ম সাধারন সম্পাদক- মোহাম্মদ শফিউল আলম, সহ সাধারণ সম্পাদক- মোহাম্মদ মিজানুর রহমান (মিলন), মোহাম্মাদ মোহর উদ্দিন খান ও মোহাম্মদ রাজাবীন হায়াত, কোষাধ্যক্ষ- মোহাম্মদ আব্দুল কুদ্দুস মিয়া (কানন), সহ কোষাধ্যক্ষ- মোহাম্মদ শরিফুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক- মোহাম্মদ রোকনুজ্জামান (রোকন), সহ সাংগঠনিক সম্পাদ- মোহাম্মদ মাহবুব হোসেন, সমাজকল্যাণ সম্পাদক- মোহাম্মদ আব্দুল জলিল মিয়া, সাংস্কৃতিক সম্পাদক- ডা. নার্গিস রহমান, সহ-সাংস্কৃতিক সম্পাদক- মোহাম্মদ মসিতুল্লাহ, মহিলা বিষয়ক সম্পাদক- রোকশান আরা, প্রচার সম্পাদক- মোহাম্মদ সফিকুল ইসলাম, ক্রীড়া ও বিনোদন সম্পাদক- এ এইচ এম কামাল (মিল্টন), সহ-ক্রীড়া ও বিনোদন সম্পাদক- আলিফ রেজওয়ানা স্মৃতি, দপ্তর সম্পাদক- শাহ মোহাম্মদ ফরিদ, অভিবাসন ও মানবাধিকার সম্পাদ- মোহাম্মদ মিয়া দুলু, শিক্ষা ও কমিউনিটি উন্নয়ন সম্পাদক- সাহানা বেগম রিনা।

কার্যকরী সদস্য যথাক্রমে হাসানুজ্জামান হাসান (প্রতিষ্ঠাতা সভাপতি), মোহাম্মদ রাকিবুজ্জামান খান (তনু), মোহাম্মদ আবদুস সালাম, শামীম আহমেদ, মোস্তফা কামাল মিল্টন, মোহাম্মদ রাজু আহমেদ (যাদু), মোহাম্মদ আব্দুর রকিব, মোহাম্মদ আরিফ হোসেন, মোহাম্মদ বিপুল সরকার, মোহাম্মদ আমির হোসেন।

জেলা প্রতিনিধি: মোহাম্মদ সামিউল হক (রাজশাহী), মোহাম্মদ মোফাজ্জল হোসেন (দিনাজপুর), মোহাম্মদ ইসমাইল হোসেন স্বপন (পাবনা), মোহাম্মদ শাহীন আলম (নাটোর), আবদুর রাজ্জাক আলী (রংপুর), ইউসুফ আলী (বগুড়া), মোহাম্মদ আমিরুল ইসলাম (সিরাজগঞ্জ), মোহাম্মদ রেজাউল ইসলাম (নওগাঁ), রাজু আহম্মদ (পঞ্চগড়), মোহাম্মদ দেলোয়ার হোসেন (নীলফামারী), সাদিউর রহমান সাদী (কুড়িগ্রাম), আবদুর সালাম শাজাহান (লালমনিরহাট), মোহাম্মদ জাহিদুর রহমান জেমস (গাইবান্ধা), মোহাম্মদ জাকির হোসেন (জয়পুরহাট), মোহাম্মদ আব্দুল্লাহ (চাঁপাইনবাবগঞ্জ) এবং মোহাম্মদ ইকরামুল হক (ঠাকুরগাঁও)

অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে সভাপতিত্ব করেন পুনরায় নির্বাচিত সভাপতি ডা. চৌধুরী সারোয়ারুল হাসান। এই পর্বে অন্যান্য অতিথিদের সাথে মঞ্চে ছিলেন বাংলাদেশ সোসাইটির সাবেক সভাপতি এবং আগামী নির্বাচনে 'কুনু-ফিরোজ' প্যানেলের সভাপতি পদপ্রার্থী আজমল হোসেন কুনু। পুন: নির্বাচিত সাধারণ সম্পাদক মোজাফফর হোসেনের পরিচালনায় এই পর্বে আমন্ত্রিত অতিথি সহ কয়েকজন কর্মকর্তা বক্তব্য রাখেন।

অনুষ্ঠানের তৃতীয় পর্বে ছিলো মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান আর নৈশভোজ। এতে উত্তরবঙ্গের সঙ্গীত সহ দেশের গান পরিবেশন করেন ডা. নার্গিস রহমান, তাশকিনুল হক, মোহর খান ও মোহাম্মদ মসিতুল্লাহ। এছাড়াও সঙ্গীত পরিবেশন করেন নাজু আকন্দ, সুজান আরিফ প্রমুখ। এই পর্বেও এক পর্যায়ে শিল্পীদের সাথে শিশু-কিশোরারা সহ ফাউন্ডেশনের কর্মকর্তারা নেচে-গেয়ে আনন্দ প্রকাশ করেন।







We Speak বাংলা, English, हिन्दी العربية

ALAM MEDICAL

লং আইল্যান্ডে ডিয়ার পার্কে
আপনার পরিবারের স্বাস্থ্যসেবা এখন হাতের নাগালে।

Dr. Rehana Alam
DO, DPM
Board certified family medicine physician

আমাদের সেবাসমুহ :

- হেলথ চেকআপ।
- দীর্ঘস্থায়ী (ক্রনিক) রোগ নির্ণয় ও ব্যবস্থাপনা (ডায়াবেটিস, উচ্চ রক্তচাপ ও অন্যান্য)।
- রোগ প্রতিষেধক টিকা প্রদান।
- শিশু ও কিশোর-কিশোরীদের স্বাস্থ্যসেবা।
- নারীদের স্বাস্থ্য পরীক্ষা ও সেবা, যার মধ্যে রয়েছে জরায়ুর ক্যান্সার নির্ণয়ের জন্য প্যাপ স্মিয়ার, গর্ভধারণ পরামর্শ ও মেনোপজ ব্যবস্থাপনা সহায়তা।



আমাদের সাথে যোগাযোগ করুন

Contact us 631-778-4048 1755 Deer Park Ave, Deer Park, NY 11729
www.alammedical.com

ট্রাম্প-জামাতার কাছে জাল দলিলে জমি বিক্রি আলবেনীয় ব্যবসায়ীর

৩-এর পৃষ্ঠার পর

জালকারীও নন।' তিনি আরও বলেন, 'জনাব শেহু আলবেনিয়ার প্রসিকিউশনের এই অভিযোগগুলো সম্পর্কে অবগত। তবে এই অভিযোগগুলো তাঁকে উদ্বিগ্ন করছে না। কারণ, তিনি মনে করেন সত্য প্রসিকিউশনের দাবির চেয়ে সম্পূর্ণ ভিন্ন।'

গত এপ্রিলে শেহু আলবেনিয়ার উপকূলবর্তী একটি মনোরম অঞ্চলের জমিটি 'আলবেনিয়া ল্যান্ড ডেভেলপমেন্ট' নামক একটি কোম্পানির কাছে বিক্রি করেন। কোম্পানিটির মালিকানার পেছনে রয়েছে জ্যারেড কুশনার সমর্থিত প্রকল্পের ডেভেলপার প্রতিষ্ঠান সাজান রিয়েল এস্টেট ডেভেলপমেন্ট ও অন্যান্য বিনিয়োগকারী। প্রসিকিউটররা মামলার নথিতে লিখেছেন, 'প্রমাণের ওপর ভিত্তি করে এই যুক্তিসঙ্গত সন্দেহ তৈরি হয়েছে যে, উল্লিখিত সম্পত্তিগুলো জাল দলিলের মাধ্যমে অর্জন করা হয়েছিল।'

নথিপত্রে মার্কিন সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের জামাতা জ্যারেড কুশনার, সাজান রিয়েল এস্টেট ডেভেলপমেন্ট, আলবেনিয়া ল্যান্ড ডেভেলপমেন্ট বা রিসোর্ট প্রকল্পের অন্য কোনো বিনিয়োগকারীর বিরুদ্ধে কোনো অনিয়মের অভিযোগ আনা হয়নি। রয়টার্সও এমন কোনো প্রমাণ পায়নি যা থেকে বোঝা যায় যে, জমি কেনার সময় বিনিয়োগকারীরা শেহুকে নিয়ে এই সন্দেহের কথা জানতেন। সাজান রিয়েল এস্টেট ডেভেলপমেন্টের মুখপাত্র শেহুর বিরুদ্ধে আনা অভিযোগের বিষয়ে সরাসরি কোনো মন্তব্য না করলেও জানিয়েছেন, কোম্পানিটি বিশ্বাস করে এই জমি অধিগ্রহণ সম্পূর্ণ বৈধ ছিল।

বিতর্কিত প্রকল্প : দলিল জালিয়াতির এই অভিযোগ এমন এক হাই-প্রোফাইল প্রকল্পের সামনে নতুন প্রতিবন্ধকতা তৈরি করল, যা বন্যপ্রাণী হুমকির মুখে ফেলার অভিযোগে ইতিমধ্যেই ব্যাপক বিক্ষোভের মুখে পড়েছে। প্রকল্পের কাছাকাছি সেভর্নেক (Zvernec) গ্রামের বাসিন্দারা এক দশকেরও বেশি সময় ধরে আদালতে শেহুর এই জমির মালিকানার দাবির বিরুদ্ধে লড়াই করে আসছেন।

গত মাসে তাঁদের মধ্যে অন্তত এক ডজন ব্যক্তি রয়টার্সকে জমির মালিকানার দলিল ও করের রেকর্ড দেখিয়েছেন। তাঁদের দাবি, এই প্রমাণগুলোই বলে দেয় যে তাঁরাই এই জমির প্রকৃত মালিক। তাঁদের আইনজীবী কোস্টান্দিন বেকো বলেন, মামলাটি এখনো নিষ্পত্তি হয়নি এবং তাঁরা এই রিসোর্ট প্রকল্প স্থগিত করার জন্য আদালতের আদেশের আবেদন করার পরিকল্পনা করছেন।

ইউরোপের অন্যতম দরিদ্র ও বিচ্ছিন্ন দেশ থেকে আলবেনিয়া এখন ইউরোপীয় ইউনিয়নে (ইইউ) যোগদানের অপেক্ষায় থাকা একটি রাষ্ট্র। অ্যাড্রিয়াটিক সাগরের তীরে মহাদেশের অন্যতম শেষ অক্ষত উপকূলজুড়ে এখন নির্মাণকাজের জোয়ার চলছে। কুশনারের অর্থায়নে প্রস্তাবিত এই রিসোর্টটি এমন এক বন্য সৈকত, বনভূমি এবং জলাভূমির ওপর গড়ে তোলার পরিকল্পনা করা হয়েছে, যা সামুদ্রিক কচ্ছপ ও ফ্ল্যামিঙ্গো পাখিদের আবাসস্থল। এই পাখিগুলোই এখন প্রকল্প বিরোধীদের প্রতীক হয়ে উঠেছে, যারা এই আন্দোলনকে 'ফ্ল্যামিঙ্গো বিপ্লব' নামে অভিহিত করছেন।

কুশনারের স্ত্রী ইভানকা ট্রাম্প জানিয়েছেন, কয়েক বছর আগে একটি ইয়ট থেকে এই উপকূল দেখার সময়ই তিনি ও কুশনার এই রিসোর্টের ধারণাটি মাথায় এনেছিলেন। ২০২৪ সালে কুশনার সামাজিক যোগাযোগ মাধ্যমে একটি আর্ট রেন্ডারিং (ডিজাইন) শেয়ার করে এই পরিকল্পনার কথা জানান। যেখানে দেখা যায়, বিস্তীর্ণ জমিজুড়ে হোটেল, ভিলা, পুল এবং ইয়টের জেটি তৈরি করা হবে। তবে তিনি এখানে ঠিক কত টাকা বিনিয়োগ করছেন, তা প্রকাশ্যে জানাননি।

আলবেনিয়ার সরকার অবশ্য এই পরিকল্পনাকে জোরালোভাবে সমর্থন করছে এবং তাদের দাবি–রাজনৈতিক প্রতিপক্ষরা এই বিক্ষোভের আয়োজন করছে। প্রধানমন্ত্রী এডি রামা গত মাসে রয়টার্সকে বলেছিলেন, এটি একটি 'চমৎকার' প্রকল্প এবং যেকোনো মূল্যেই এটি বাস্তবায়িত হবে। মামলার নথিতে শেহুর বিরুদ্ধে আনা অভিযোগের বিষয়ে জানতে চাওয়া হলে সরকারের এক মুখপাত্র বলেন, সরকার কোনো ব্যক্তিগত লেনদেনে হস্তক্ষেপ করবে না, তবে প্রকল্পটি আলবেনীয় ও ইইউ আইন মেনেই এগিয়ে চলছে।

ব্রাসেলস অবশ্য ইইউ সদস্যপদপ্রার্থী হিসেবে আলবেনিয়াকে এই প্রকল্পের ক্ষেত্রে পরিবেশগত নিয়মকানুন মেনে চলার আহ্বান জানিয়েছে। তবে এই প্রতিবেদনের জন্য ইইউর নির্বাহী কমিশনের একজন মুখপাত্র নতুন কোনো মন্তব্য করতে রাজি হননি।

আলবেনীয় প্রসিকিউটরদের হস্তক্ষেপ

শেহুর বিরুদ্ধে মামলার নথিপত্র তৈরি করেছে আলবেনিয়ার 'স্পেশাল স্ট্রাকচার এগেইনস্ট করাপশন অ্যান্ড অর্গানাইজড ক্রাইম', যা সংক্ষেপে স্পাক নামে পরিচিত। সাধারণ পুলিশ ও প্রসিকিউশন সেবা থেকে সম্পূর্ণ স্বাধীন থেকে নিজস্ব তদন্তকারী ও প্রসিকিউটরদের মাধ্যমে দুর্নীতি দমনের জন্য ২০১৯ সালে এটি গঠন করা হয়।

এই নথিতে ২০০টি পৃষ্ঠা রয়েছে এবং এগুলো এখনো প্রকাশ করা হয়নি। মামলার নথিপত্র সম্পর্কে জানতে চাওয়া হলে সংস্থার একজন মুখপাত্র নিশ্চিত করেন, স্পাক এই বিষয়টি নিয়ে তদন্ত করছে, তবে এ বিষয়ে বিস্তারিত আর কোনো মন্তব্য করতে তিনি অস্বীকৃতি জানান। নথিপত্রগুলোতে ২০২৬ সালের ১২ জুনের তারিখ উল্লেখ রয়েছে। একই দিনে স্পাক মাদক পাচার এবং সেই ব্যবসার মাধ্যমে অর্জিত অর্থ পাচারের (মানি লন্ডারিং) অভিযোগে ২০ জনের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারির কথা প্রকাশ্যে ঘোষণা করে।

মামলার নথিতে শেহু ও অন্যান্য ব্যক্তিদের পুরো নাম উল্লেখ থাকলেও, গ্রেপ্তারি পরোয়ানায় সন্দেহভাজনদের কেবল নামের আদ্যক্ষর (ইনিশিয়াল) ব্যবহার করা হয়েছে। আলবেনিয়ার প্রচলিত নিয়ম অনুযায়ী, আনুষ্ঠানিক অভিযোগ গঠনের আগে সন্দেহভাজনদের পুরো নাম প্রকাশ করা হয় না। গ্রেপ্তারি পরোয়ানায় থাকা আদ্যক্ষরগুলোর সঙ্গে মামলার নথিতে বর্ণিত ব্যক্তিদের পুরো নামের মিল রয়েছে, যার মধ্যে অ, ঝায নামে চিহ্নিত একজন সন্দেহভাজনও আছেন।

শেহু যে এই তদন্তের মূল লক্ষ্যবস্তু, তা নিশ্চিত করে তাঁর আইনজীবী চাকরানি বলেন, এই গ্রেপ্তারি পরোয়ানা নিয়ে তিনি মোটেও চিন্তিত নন। কারণ, 'সবাই বিশ্বাস করে' যে আলবেনিয়ার প্রসিকিউটররা রাজনীতিবিদ ও ব্যবসায়ীদের প্রভাবশালী মহলের ইশারায় কাজ করেন। তবে ওই ২০ জন সন্দেহভাজনের মধ্যে কাউকে গ্রেপ্তার করা হয়েছে বা কারও বিরুদ্ধে অভিযোগ গঠন করা হয়েছে কি না, সে বিষয়ে স্পাক এখনো কিছু জানায়নি।

মায়ামিতে বসবাসরত আলবেনীয় নাগরিক: স্পাকের নথিতে বলা হয়েছে, শেহু রিসোর্ট প্রকল্পের জন্য প্রায় ১১ কোটি ইউরোতে (১১০ মিলিয়ন) জমি বিক্রি করেছিলেন। এই অর্থ যেন শেহুর কাছে পৌঁছাতে না পারে, সেজন্য একটি নোটারির অ্যাকাউন্টে তা ফ্রিজ বা অবরুদ্ধ করার নির্দেশ দেওয়া হয়েছে। নথিতে স্পাক জানিয়েছে, শেহু ও তাঁর সহযোগীরা 'অবৈধভাবে অর্জিত অর্থ ব্যবহার করে জমি কিনেছিলেন এবং জাল মালিকানা দলিল তৈরি করে বা কৃত্রিমভাবে জমির আকার বাড়িয়ে ভুয়া সম্পত্তির খতিয়ান তৈরি করেছিলেন। পরবর্তী সময়ে এই সম্পত্তিগুলো অন্যত্র হস্তান্তর বা বিনিময় করা হয়, যাতে কর্তৃপক্ষ সহজে এর উৎস খুঁজে না পায়।'

চট্টগ্রামের ৫ জেলাতেই ৮ লাখ মানুষ ক্ষতিগ্রস্ত

২-এর পৃষ্ঠার পর

সরকারি হিসাবে শুধু চট্টগ্রাম দক্ষিণে ২৪১ কিলোমিটার রাস্তার ক্ষয়ক্ষতি হয়েছে। দীর্ঘমেয়াদি এই রাস্তা মেরামত করতে ব্যয় হবে ২১০ কোটি টাকার মতো। আর স্বল্পমেয়াদি এসব রাস্তা মেরামত করতে ব্যয় হবে ৩৪ কোটি ৮৮ লাখ টাকা। চট্টগ্রাম বিভাগীয় কমিশনারের প্রদত্ত প্রতিবেদনে এসব তথ্য উঠেছে। প্রতিবেদনটি সরকারের ঊর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে পাঠানো হয়েছে বলে জানা গেছে।

প্রতিবেদনে বলা হয়েছে, চট্টগ্রাম দক্ষিণের উপজেলাগুলোতে ভারি বর্ষণ ও বন্যায় জাতীয় মহাসড়ক ৩২ দশমিক ২৩ কিলোমিটার, আঞ্চলিক মহাসড়ক ৩৩ দশমিক শূন্য ৭ কিলোমিটার ও জেলা মহাসড়ক ১৭৬ কিলোমিটারসহ সর্বমোট ২৪১ দশমিক ৩১ কিলোমিটার সড়ক ক্ষতিগ্রস্ত হয়েছে। এসব ক্ষতিগ্রস্ত সড়ক মেরামতে স্বল্পমেয়াদি ৩৪ কোটি ৫৫ লাখ টাকা এবং দীর্ঘমেয়াদি ২১০ কোটি ৩০ লাখ টাকা সম্ভাব্য ব্যয় ধরা হয়েছে।

সড়ক ও জনপথ বিভাগ (সওজ) এবং স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের (এলজিইডি) তথ্যের ভিত্তিতে জেলা প্রশাসনের সূত্র জানায়, চট্টগ্রাম জেলায় ২৪৭ দশমিক ৬৫ কিলোমিটার গ্রামীণ সড়ক এবং ১৭৬টি সেতু ও কালভার্ট ক্ষতিগ্রস্ত হয়েছে। একই সময়ে ৫০ দশমিক ৫৬ কিলোমিটার জাতীয় ও আঞ্চলিক মহাসড়কও ক্ষতিগ্রস্ত হয়েছে বলে জানিয়েছে জেলা প্রশাসন। সওজের আওতাধীন ২০টি জাতীয় ও আঞ্চলিক মহাসড়কের মধ্যে ৫০ দশমিক ৫৬ কিলোমিটার অংশ ক্ষতিগ্রস্ত হয়েছে। এলজিইডির আওতাধীন জেলার ৫১৪টি সড়কের ২৪৭ দশমিক ৬৫ কিলোমিটার অংশ এবং ১৭৬টি সেতু ও কালভার্ট ক্ষতির মুখে পড়েছে।

জেলা প্রশাসনের তথ্য অনুযায়ী, চট্টগ্রামের ১৬টি উপজেলা ও মহানগরের ১৭৬টি ইউনিয়ন ও পৌরসভা বন্যাকবলিত হয়েছে। বর্তমানে ১ লাখ ৮৮ হাজার ৬৪৮টি পরিবার পানিবন্দি রয়েছে। ক্ষতিগ্রস্ত মানুষের সংখ্যা দাঁড়িয়েছে ৭ লাখ ৫৪ হাজার ৫৯০। সংশ্লিষ্টরা বলছেন, চট্টগ্রামের পাঁচ জেলায় ক্ষতিগ্রস্ত মানুষের সংখ্যা বলা হচ্ছে সাড়ে ৮ লাখের মতো।

সওজের (দক্ষিণ) সড়ক বিভাগের নির্বাহী প্রকৌশলী পিন্টু চাকমা প্রতিনিধিকে বলেন, শুধু দক্ষিণের আওতাধীন ৬৫ কিলোমিটার রাস্তা ক্ষতিগ্রস্ত হয়েছে। অন্যান্য কার্যালয়ের আওতাধীন সড়কে ক্ষতিগ্রস্ত হয়েছে। মৎস্য অধিদপ্তর এক জরিপে বলেছে, প্রায় ১০ হাজার পুকুর-জলাশয় ডুবে ৯১ কোটি টাকার আর্থিক ক্ষতি হয়েছে কেবল মৎস্য খাতে।

চট্টগ্রাম নগরীতেও সড়ক বেহাল : চট্টগ্রাম নগরীতে এ বছর বর্ষায় ক্ষতিগ্রস্ত হয়েছে প্রায় একশ কিলোমিটার সড়ক। এরই মধ্যে কিছু সড়কের অবস্থা একেবারেই বেহাল। খানাখন্দ আর গর্তে ভরা এসব সড়কে ভোগান্তি পোহাতে হচ্ছে নগরবাসীকে। প্রতিদিনই ঘটছে দুর্ঘটনা, নষ্ট হচ্ছে যানবাহন। রোববারও ভারি বৃষ্টিপাতে নগরীর বিভিন্ন সড়কে জলাবদ্ধতা সৃষ্টি হয়।

বাঁশখালীতে বিশুদ্ধ পানি ও শুকনো খাবারের সংকট : বৃষ্টির তীব্রতা কিছুটা কমলেও রোববার ভোর থেকে আবারও টানা কয়েক ঘণ্টার বৃষ্টিতে ফের বন্যা পরিস্থিতি অবনতি দেখা দিয়েছে চট্টগ্রামের বাঁশখালীতে। পানিবন্দি মানুষের এখন প্রধান সমস্যা হয়ে দাঁড়িয়েছে বিশুদ্ধ পানি ও শুকনা খাওয়ার। রোববার সকালে সরেজমিন গিয়ে দেখা যায়, উপজেলার বাহারছাড়া ইউনিয়নের দক্ষিণ ইলশা এলাকায় ভিন্ন জায়গা থেকে আসা ত্রাণবাহী বেশকিছু গাড়ি লক্ষ্য করা যায়।

চট্টগ্রাম-কক্সবাজার রুটে ট্রেন চলাচল শুরু: ৫ দিন বন্ধ থাকার পর চট্টগ্রাম-কক্সবাজার রুটে ট্রেন চলাচল রোববার শুরু হয়েছে। বেলা ১১টা ৪০ মিনিটে ঢাকা থেকে ছেড়ে আসা পর্যটক এক্সপ্রেস ট্রেন চট্টগ্রাম স্টেশন ছেড়ে গেছে। তবে যাত্রী ছিল স্বাভাবিকের তুলনায় কম। বিভিন্ন স্থানে লাইন ডুবে যাওয়ার কারণে মঙ্গলবার থেকে এ রুটে ট্রেন চলাচল স্থগিত করা হয়েছিল।

সেনাবাহিনীর ত্রাণ তৎপরতা : চট্টগ্রামের ফটিকছড়ি, হাটহাজারী, বোয়ালখালীসহ ৩ পার্বত্য জেলায় সৃষ্ট বন্যায় ক্ষতিগ্রস্তদের মাঝে ত্রাণ, উদ্ধার কার্যক্রম এবং জরুরি চিকিৎসাসেবা অব্যাহত রেখেছে সেনাবাহিনী। চট্টগ্রাম সেনানিবাস এবং ৩ পার্বত্য রিজিয়ন হতে গত ২৪ ঘণ্টায় ছোট ছোট মোবাইল টিমে বিভক্ত হয়ে বিভিন্ন দুর্গম ও প্রান্তিক এলাকায় সেনাবাহিনীর বিভিন্ন দল এসব কার্যক্রম অব্যাহত রাখে। চট্টগ্রাম ও তিন পার্বত্য জেলায় এখন পর্যন্ত প্রায় ৩ হাজার পরিবারের মধ্যে শুকনো খাবার, বিশুদ্ধ খাবার পানি পৌঁছে দেওয়া হয়েছে। এছাড়াও প্রায় ৫ হাজার লোকের মাঝে জরুরি চিকিৎসাসেবা দিয়েছে সেনাবাহিনী।

বান্দরবানে বিপর্যস্ত জনজীবন : বান্দরবানে বন্যা পরিস্থিতি কিছুটা উন্নতি হলেও সড়ক যোগাযোগ এখনো স্বাভাবিক হয়নি। রোববার চতুর্থ দিনের মতো বান্দরবান জেলার সঙ্গে সারা দেশের সড়ক যোগাযোগ বিচ্ছিন্ন রয়েছে। তবে লামা-আলীকদম উপজেলায় অভ্যন্তরীণ সড়ক যোগাযোগ চালু হয়েছে। কিন্তু রুমা, থানচি, রোয়াংছড়ি এবং থানচি-আলীকদম, লামা-সূয়ালক সড়কের বিভিন্ন স্থানে ছোট-বড় পাহাড় ধসে সড়কের ওপরে মাটি জমে থাকায় যানবাহন চলাচল ব্যাহত হচ্ছে।

সরকারের পাশাপাশি জেলা বিএনপির সভাপতি ও স্থানীয় সংসদ-সদস্য রাজপুত্র সাচিং প্রু জেরী এবং জেলা বিএনপির সদস্য সচিব জাবেদ রেজা পৃথকভাবে বানভাসি মানুষদের শুকনো খাবার, মোমবাতি ও পানির বোতল দুর্গতদের হাতে হাতে পৌঁছে দিচ্ছেন।

জেলা প্রশাসক মো. সানিউল ফেরদৌস বলেন, বন্যার্তদের সার্বিক সাহায্য-সহযোগিতা করা হচ্ছে। জেলায় ২২০টি আশ্রয়কেন্দ্রে ও জরুরি কন্ট্রোল রুম খোলা হয়েছে।

রাঙামাটির দুর্গত এলাকা পরিদর্শনে বিদ্যুৎ প্রতিমন্ত্রী : রাঙামাটিতে প্লাবিত এলাকা থেকে পানি নামতে শুরু হলেও পরিস্থিতি এখনো নাজুক। জেলায় পাহাড়ি ঢলে সৃষ্ট আকস্মিক বন্যায় ক্ষতিগ্রস্ত হয়েছেন অন্তত ৫ হাজার পরিবারের ৩০ হাজার মানুষ। রোববার বিকালে রাঙামাটি সদরে পাহাড়ধসের দুর্গত এলাকা ও আশ্রয়কেন্দ্র পরিদর্শন করেছেন চট্টগ্রাম বিভাগে দুর্যোগ মোকাবিলায় দায়িত্বপ্রাপ্ত বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী অনিন্দ্য ইসলাম অমিত। তিনি বিকাল ৫টার দিকে রাঙামাটি পৌঁছলে প্রথমে শহরের তবলছড়িতে অবস্থিত ওমদা মিয়া পাহাড় উচ্চ বিদ্যালয়ে খোলা আশ্রয়কেন্দ্র পরিদর্শন করেন এবং দুর্গত লোকজনের খোঁজখবর নেন। এ সময় পার্বত্য চট্টগ্রামবিষয়ক মন্ত্রণালয়ের সাবেক মন্ত্রী ও রাঙামাটির সংসদ-সদস্য দীপেন দেওয়ান, জেলা প্রশাসক নাজমা আশরাফী, পুলিশ সুপার মুহম্মদ আবদুর রকিব, সিভিল সার্জন ডা. নুয়েন খীসা, জেলা বিএনপির সভাপতি দীপন তালুকদার দীপু, সহসভাপতি সাইফুল ইসলাম ভুট্টো, সাধারণ সম্পাদ মামুনুর রশিদসহ গুরুত্বপূর্ণ ব্যক্তি উপস্থিত ছিলেন।

কক্সবাজারে পানিতে তিন শিশু, এক তরুণ ও এক বৃদ্ধের মৃত্যু : কক্সবাজারের চকরিয়ায় বন্যার পানিতে ডুবে পৃথক ঘটনায় দুই শিশু ও এক তরুণের মৃত্যু হয়েছে। এর মধ্যে নিখোঁজ হওয়ার প্রায় ২৪ ঘণ্টা পর ফায়ার সার্ভিসের ডুবুরি দল একজনের লাশ উদ্ধার করেছে। মারা যাওয়ারা হলেন- চকরিয়া পৌরসভার হাসেম মাস্টারপাড়ার আবুল হাসেমের দেড় বছরের ছেলে মোহাম্মদ হাসান, কৈয়ারবিল ইউনিয়নের খোজাখালী জলদাশপাড়ার তুফান দাশের ছেলে সুজিত দাশ (১২) ও বরইতলী ইউনিয়নের শান্তিবাজার ফতেহ আলী সিকদারপাড়ার মাওলানা নেছার আহমদের ছেলে আতাউল্লাহ (২০)। শনিবার বিকালে বন্যার পানির স্রোতে ভেসে নিখোঁজ হয় সুজিত। পরে রোববার বিকালে ফায়ার সার্ভিসের ডুবুরি দল মাতামুহুরী নদীর পাশ থেকে তার লাশ উদ্ধার করে। একই দিন বিকাল ৫টার দিকে উপজেলার বরইতলী ইউনিয়নের শান্তিবাজার ফতেহ আলী সিকদারপাড়ায় পানিতে ডুবে আতাউল্লাহ মারা যান। এ ছাড়া এদিন বিকেল সাড়ে ৫টার দিকে চকরিয়া পৌরসভার সাত নম্বর ওয়ার্ড পালাকাটা হাসেম মাস্টারপাড়ার শিশু হাসান বৃষ্টির পানিতে পড়ে মারা যায়।

এ ছাড়া পেকুয়ায় বন্যার পানিতে ডুবে ২১ মাস বয়সি এক শিশুর মৃত্যু হয়েছে। শনিবার রাত সাড়ে ৯টার দিকে উপজেলার সদর ইউপির বলিরপাড়ায় এ ঘটনাটি ঘটে। মৃত শিশু মুশফিকুর রহিম সৌদি প্রবাসী নাছিরের ছেলে।

এছাড়া নাইক্ষ্যংছড়ির পার্শ্ববর্তী রামু উপজেলার কচ্ছপিয়া ইউনিয়নে বন্যার পানিতে পড়ে নিরঞ্জন দাশ (৬৫) নামে বৃদ্ধের মৃত্যু হয়েছে। গতকাল সন্ধ্যায় নাইক্ষ্যংছড়ির কর্মস্থল থেকে ফেরার পথে গর্জনিয়া বাজার-নাইক্ষ্যংছড়ি সংযোগ সড়কের কচ্ছপিয়া ইউনিয়নের ফাক্রিকাটা গ্রামের বিলে পা ফসকে স্রোতে ভেসে যান। নিরঞ্জন কচ্ছপিয়া ইউনিয়নের দোছড়ি পূর্ব দাশপাড়ার বাসিন্দা এবং স্থানীয় ইউপি সদস্য বিমল দাশের ভাই। স্থানীয় লোকজন ও ফায়ার সার্ভিসের উদ্ধার কর্মীরা তার মরদেহ উদ্ধার করেন।

মনপুরায় ব্যাপক ক্ষতি, ত্রাণ পাননি দুর্গতরা : ভোলার মনপুরায় আমন ফসলের খেত, শাক-সবজি, কাঁচাপাকা রাস্তা, ঘরবাড়ির ব্যাপক ক্ষতি হয়। উপজেলার ৫টি ইউনিয়নের বেশির ভাগ এলাকায় বৃষ্টির পানিতে জলাবদ্ধতা সৃষ্টি হয়। এতে এখনো ২০ হাজারের ওপরে মানুষ পানিবন্দি অবস্থায় মানবেতর জীবনযাপন করছে। এখন পর্যন্ত দুর্গত এলাকায় সরকারি-বেসরকারি পর্যায়ে কেউ ত্রাণ নিয়ে পাশে দাঁড়ায়নি। স্থানীয় বাসিন্দাদের সঙ্গে স্বেচ্ছাশ্রমে পানি নিষ্কাশনের কাজ করছে যুবদলের নেতাকর্মীরা এমনটি জানিয়েছেন উপজেলা যুবদলের আহ্বায়ক শামসুদ্দিন মোল্লা ও সদস্য সচিব হাফেজ আবদুর রহিম। রোববার বেলা ৩টায় ক্ষয়ক্ষতির বিবরণ দেন উপজেলা ঘূর্ণিঝড় ও প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মো. নাছির উদ্দিন। তিনি জানান, মনপুরায় উপজেলার ৩০ হাজারের বেশি মানুষ ক্ষতিগ্রস্ত হয়েছেন।

মৌলভীবাজার নদীতে পানি কমলেও দুর্ভোগ কমেনি : অতি ভারি বৃষ্টি ও ভারত থেকে নেমে আসা পাহাড়ি ঢলে মৌলভীবাজার জেলার পাঁচটি উপজেলার মানুষ দুর্ভোগ পোহাচ্ছেন। নদী ভাঙনে সবচেয়ে ক্ষতিগ্রস্ত হয়েছে রাজনগর উপজেলা। এই উপজেলায় মনু নদীর দুটি স্থানে ভাঙনের ফলে ৫টি ইউনিয়নের মানুষ ক্ষতিগ্রস্ত হয়েছেন। এছাড়া বন্যায় স্রোতের টানে এক বৃদ্ধের মৃত্যু হয়। এদিকে পানি উন্নয়ন বোর্ড জানিয়েছে জেলার মনু, ধলাই, কুশিয়ারা ও জুড়ী নদীর পানি বিপৎসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে। বন্যায় ক্ষতিগ্রস্ত হয়েছে সদর, রাজনগর, কমলগঞ্জ, শ্রীমঙ্গল ও কুলাউড়া উপজেলার ৩১টি ইউনিয়ন। সরকারি হিসাবে বন্যায় ক্ষতিগ্রস্ত মানুষের সংখ্যা ২৬ হাজার ছাড়িয়েছে। বন্যায় দুর্গত মানুষের মাঝে মৌলভীবাজার জেলা পরিষদ, জেলা রেডক্রিসেন্ট সোসাইটি, জেলা বিএনপি, জেলা যুবদল, জেলা জামায়াত, সমাজসেবক ও বিভিন্ন ব্যক্তি উদ্যোগে ত্রাণসামগ্রী বিতরণ করা হচ্ছে।

কলমাকান্দায় উদ্দাখালী নদীর পানি বিপৎসীমার ওপরে : নেত্রকোনার কলমাকান্দা উপজেলার সব নদ-নদীর পানি অব্যাহতভাবে বৃদ্ধি পাচ্ছে। এতে করে উপজেলার বেশকিছু এলাকা প্লাবিত হয়েছে। এছাড়া উদ্দাখালী নদীর পানি বিপৎসীমার ওপর দিয়ে প্রবাহিত হচ্ছে। রোববার বিকাল সাড়ে ৫টার দিকে ওই নদীর কলমাকান্দা ভাকবাংলো পয়েন্টে পানি বেড়ে বিপৎসীমার ৭ সেন্টিমিটার ওপর দিয়ে প্রবাহিত হচ্ছিল। ওই পয়েন্টে বিপৎসীমা ৬ দশমিক ৫৫ সেন্টিমিটার।

বন্যাকবলিত ১১ জেলায় বিজিবি মোতায়েন : টানা ভারি বর্ষণ, পাহাড়ি ঢল, বন্যা ও ভূমিধসে সৃষ্ট দুর্যোগ মোকাবিলায় দেশের ১১ জেলায় মোতায়েন করা হয়েছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)। ক্ষতিগ্রস্ত মানুষদের উদ্ধার, নিরাপদ আশ্রয়ের ব্যবস্থা, ত্রাণসামগ্রী বিতরণ, জরুরি চিকিৎসাসেবা, যোগাযোগ ব্যবস্থা পুনরুদ্ধার এবং ঝুঁকিপূর্ণ অবকাঠামো সুরক্ষায় কাজ করছেন তারা। রোববার বিজিবির জনসংযোগ কর্মকর্তা মো. শরীফুল ইসলাম স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে বিষয়টি জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, বান্দরবান, কক্সবাজার, রাঙামাটি, খাগড়াছড়ি, চট্টগ্রাম, ফেনী, সিলেট, হবিগঞ্জ, সুনামগঞ্জ, নেত্রকোনা ও জামালপুর জেলার ৯০ পয়েন্টে বন্যা পরিস্থিতি পর্যবেক্ষণ ও মনিটরিং কার্যক্রম করা হচ্ছে। বান্দরবানের বন্যাকবলিত বিভিন্ন এলাকায় ১১৬ পর্যটকসহ ১২২ পরিবারের ৬ শতাধিক মানুষকে উদ্ধার করে নিরাপদ আশ্রয়ে নেওয়া হয়েছে। এর মধ্যে ৪৮ জনকে জরুরি চিকিৎসাসেবা দেওয়া হয়েছে। বান্দরবান-রোয়াংছড়ি সড়কে উপড়ে পড়া গাছ ও ধ্বংসাবশেষ অপসারণে কার্যকর ভূমিকা রাখছে বিজিবি। এছাড়াও কক্সবাজারের নাইক্ষ্যংছড়িতে একটি স্টিলের সেতু রক্ষায় কাজ করা হচ্ছে।

প্রতিবেদন তৈরিতে তথ্য দিয়েছেন স্টাফ রিপোর্টার, ব্যুরো ও প্রতিনিধিরা

উত্তম কাজের প্রতিফল উত্তম ছাড়া আর কি?

জাফর আহমাদ

ইহসানের প্রতিফল ইহসান ছাড়া আর কি হতে পারে? (সুরা আর রহমান:৬০) ইহসানের সঠিক বঙ্গানুবাদ 'সদাচার' অর্থাৎ সদাচারের প্রতিফল সদাচার ছাড়া আর কিছুই হতে পারে না। যে সব মানুষ আল্লাহ তা'আলার জন্য সারা জীবন পৃথিবীতে নিজেদের প্রবৃত্তির ওপর বিধি-নিষেধ ও নিয়ন্ত্রণ আরোপ করে রেখেছিল, হারাম থেকে আত্মরক্ষা করে হালালের ওপর সন্তুষ্ট থেকেছে, ফরযকে ফরয মনে নিজের দায়িত্ব ও কর্তব্যসমূহ পালন করেছে, ন্যায় ও সত্যকে ন্যায় ও সত্য মনে করে হকদারদের হক সমূহ আদায় করেছে এবং সর্বপ্রকার দু:খ-কষ্ট বরদাশত করে অন্যায় ও অকল্যাণের বিরুদ্ধে ন্যায় ও কল্যাণকে সমর্থন করেছে। আল্লাহ তাদের এসব ত্যাগ ও কুরবানীরকে ধ্বংস ও ব্যর্থ করে দেবেন এবং কখনো এর কোন প্রতিদান তাদের দেবেন না তা কি করে সম্ভব।

ইহসান আরবী শব্দ। 'হুসন' শব্দ থেকে এসেছে। যার আভিধানিক অর্থ হচ্ছে 'সুন্দর ব্যবহার। ভালভাবে কোন কাজ সম্পাদন করা, কারো কষ্ট লাঘব করা ইত্যাদি। ইসলামের পরিভাষায় 'ইহসান হলো আল্লাহর সন্তুষ্টি লাভের জন্য উত্তমরূপে ইবাদাত করা, এবং তার সৃষ্টির প্রতি ভালবাসা প্রদর্শন করা। এ প্রেক্ষিতে বলা যায় যে, মহান আল্লাহ তা'আলার প্রতি এবং তাঁর সৃষ্টির প্রতি যাবতীয় কর্তব্য সুন্দর ও উত্তমরূপে সম্পাদন করার নামই ইহসান।

ইহসানের একটি সুন্দর উদাহরণ হচ্ছে, দু'জন কর্মচারীকে এক গ্লাস পানির জন্য আদেশ করা হলো। তাদের একজন একটি গ্লাসে করে পানি নিয়ে এলো। আর অন্যজন একই আদেশ পাওয়ার পর একটি গ্লাস ভালো করে ধুয়ে স্বচ্ছ গ্লাসে পানি ভর্তি করে, গ্লাসের নীচে একটি পাত্র ও গ্লাসটির ওপরে একটি ঢাকনা দিয়ে পরিবেশন করে। প্রথম জনের আদেশটি পালন হয়ে গেছে এবং দ্বিতীয় জনের আদেশটিও পালন হয়েছে। কিন্তু প্রথম জনের কর্তব্য পালিত হয়েছে আর দ্বিতীয় জনের কর্তব্যের সাথে ইহসান যোগ হবে। অর্থাৎ দ্বিতীয় জনের কাজটি সুন্দর ও সুচারুরূপে পালিত হয়েছে। এই প্রথমজন মুসলিম বা অনুগত। আর দ্বিতীয়জন মুসলিম সাথে সাথে তিনি মুহসীন। ইহসান শব্দটি আরবী হুসনুন শব্দ থেকে নির্গত। অর্থ হলো, সুন্দর। যারা কোন কাজ সুন্দরভাবে ও সুচারুরূপে করে তাদেরকে ইসলামের পরিভাষায় মুহসিন বলা হয়। এর একটি সামাজিক উদাহরণ হলো, বাপের দুই সন্তান। একজন লেখাপড়া করেনি। গ্রামের বাড়িতে কৃষি কাজ করে জীবন নির্বাহ কওে থাকে। দ্বিতীয়জন লেখাপড়া করে বড় চাকুরী করে এবং শহরে বাড়ী ও গাড়ি রয়েছে। কিন্তু বাবার সম্পত্তিতে অধিকারের দিক থেকে উভয়েই সমান। ছোট ভাই মনে করলো যে, আমি লেখাপড়া করে বড় চাকুরী করছি। শহরে আমার বাড়ী ও গাড়ি রয়েছে। বড় ভাই গ্রামে কঠিন জীবন যাপন করেন। সুতরাং বাবার সম্পত্তিতে তার অধিকারটুকু বড় ভাইয়ের জন্য ছেড়ে দেন। এটিকে সামাজিক ইহসান বলা হয়। ইবাদাতের ক্ষেত্রে ইহসান হলো, এমনভাবে ইবাদাত করা যাতে মনে হয় আমরা আল্লাহকে দেখছি, যদি আল্লাহ দেখতে না পাই তাহলে মনে করতে হবে আল্লাহ আমাদের দেখছেন। রাসুলুল্লাহ সঃ বলেছেন,"তুমি এমনভাবে আল্লাহর ইবাদাত করবে, যেন তুমি তাঁকে দেখছো, আর তুমি আল্লাহকে দেখতে না পেলেও তিনি তোমাকে দেখছেন।(মুসলিম) পিতামাতা, আত্মীয়-স্বজন, পাড়া-প্রতিবেশী, অতিথি, দুস্থ ইয়াতীমের প্রতি ইহসান তথা সদাচরন করার জন্য কুরআন মজিদে আল্লাহ তা'আলা নির্দেশ দিয়েছেন। আল্লাহ তা'আলা বলেন," এবং পিতামাতা, আত্মীয়-স্বজন ----------(সুরা নিসাঃ৩৬)

একজন ইসলামী বিশেষজ্ঞ বলেছেন,' ইহসান মানে হচ্ছে, কাজ ভালোভাবে ও সুচারূরূপে সম্পন্ন করা। কাজ করার বিভিন্ন ধরণ আছে। তার একটা ধরণ হচ্ছে যে কাজটা করার দায়িত্ব অর্পণ করা হয়েছে, সেটি কেবল নিয়ম মাফিক সম্পন্ন করা। দ্বিতীয় ধরণ হচ্ছে, তাকে সূচারূরূপে সম্পন্ন করা এবং নিজের সমস্ত যোগ্যতা ও উপায় উপকরণ তার পিছনে নিয়োজিত করে সমস্ত মন প্রাণ দিয়ে তাকে সুসম্পন্ন করার চেষ্টা করা। প্রথম ধরণটি নিছক আনুগত্যের পর্যায়ভুক্ত। এ জন্য তাকওয়া ও ভীতি যতেষ্ট। আর দ্বিতীয় ধরণটি হচ্ছে ইহসান। এ জন্য ভালবাসা প্রেম ও গভীর মনসংযোগ প্রয়োজন হয়।

ইহসানকারী সাধারণত উন্নত চরিত্র, চরিত্র মাধুর্য, মহানুভবতা, সহনশীলতা, পরশ্রীমূখর, ব্যক্তি স্বার্থ বা আত্মত্যাগের মানসিকতাসম্পন্ন ব্যক্তি হয়ে থাকেন। ফলে তার চিন্তাধারায় পরিচ্ছন্নতা, স্বভাবে প্রশান্তি, মেজাজে ভারসাম্য, চরিত্রে পবিত্রতা, আচরণে মাধুর্যতা, ব্যবহারে নম্রতা, লেনদেনে সততা, কথাবার্তায় সত্যবাদিতা, ওয়াদা ও অংগীকারে দৃঢ়তা, সামাজিক জীবন যাপনে সদাচার, কথা-বার্তায় চিন্তার ছাপ, চেহেরায় পবিত্রতার ভাব ফুটে উঠে। মোট কথা তাঁর সামগ্রীক জীবন ব্যবস্থায় বৈপ্লবিক একটা পরিবর্তন সুচিত হয়। যে জীবনধারার কোথাও কোন অন্ধকার ও অসঙ্গতি পরিলক্ষিত হয় না।

মুহসিনের ব্যক্তি, পারিবারিক, সামাজিক, রাজনৈতিক জীবনের প্রতিটি কাজ ও কথায় বিশেষত্ব পরিলক্ষিত হয়। একজন পূর্ণাঙ্গ মু'মিন বা মুসলিম এবং একজন মুহসিনের পার্থক্য হলো এই যে, একজন মু'মিন ও মুসলিম জীবনের প্রতিটি কাজ আল্লাহর মর্জি মোতাবেক পালন করেন, কোথাও দূর্বলতা নেই এবং খুলুছিয়াত বা আন্তরিকতারও অভাব নেই। কিন্তু প্রতিটি কাজের সৌন্দর্য ও সুচারূত্বা বলতে একটি কথা আছে। মুহসিন ব্যক্তি মু'মিন ও মুসলিমের ন্যায় জীবনের প্রতিটি কাজ আল্লাহর মর্জি মোতাবেক পালন তো করবেনই সেই সাথে তাঁর প্রতিটি কাজের সৌন্দর্য ও সুচারুতা থাকবে। অর্থাৎ প্রতিটি মহুসিন মু'মিন কিন্তু প্রতিটি মু'মিন মুহসিন নয়। মুহসিন তিরস্কার, ব্যঙ্গোক্তি, অবজ্ঞা, দাম্ভিকতা, গর্ব-অহংকার, কটুক্তি, দম্ভোক্তি, কুৎসা রটনা, হিংসা-বিদ্বেষ, ঘৃণা, তুচ্ছজ্ঞান করতে পারে না। সে কখনো দুরাচার, দুর্বৃত্ত, পাপিষ্ঠ, কদাচার, দুর্বচন, দুর্বাক, দুরুক্তি, দুর্মুখ, দুরভিসন্ধি, দূরবৃত্তায়ন, দুর্বিনীত, দুর্বুদ্ধি, দুর্ব্যবহার, দুশ্চরিত্র, দুষ্কর্ম ও দুষ্কর্ম ইত্যাদির সাথে সংশ্লিষ্টতা থাকতে পারে না।

মানব জীবনে ইহসানের গুরুত্ব এতবেশী যে, মহান আল্লাহ ইহসানকারী বা মুহসিনকে অত্যন্ত ভালোবাসেন। যেমন আল্লাহ তা'আলা বলেন, "যারা ঈমান এনেছে ও সৎকাজ করেছে, তার পূর্বে যা কিছু পনাহার করেছিল সে জন্য তাদেরকে কোন জবাবদিহি করতে হবে না, তবে এ জন্য শর্ত হচ্ছে তাদেরকে অবশ্যি ভবিষ্যতে যেসব জিনিস হারাম করা হয়েছে সেগুলো থেকে দূরে থাকতে হবে, ঈমানের ওপর অবিচল থাকতে হবে এবং ভাল কাজ করতে হবে তারপর যে যে জিনিস থেকে বিরত রাখা হয় তা থেকে তাদের বিরত থাকতে হবে এবং আল্লাহর যেসব হুকুম নাফিল হয় সেগুলো মেনে চলতে হবে। অতপর আল্লাহভীতি সহকারে ইহসান করতে হবে। ইহসানকারীকে আল্লাহ ভালোবাসেন।"(সুরা মায়েদা:৯৩) মুসলিম জীবনের প্রতিটি ক্ষেত্রেই ইহসানের ছোঁয়া রয়েছে। কিন্তু আমরা যেনতেনভাবে ইসলামী জীবন যাপন করায় ইহসানের গুরুত্ব ম্লান হয়ে যাচ্ছে। সৎকর্মশীল, সৎ ব্যবহার ও অন্যের উপকার ও মাফ বা ক্ষমা করাকেও ইহসান বলা হয়। এগুলো ইহসানকারীর বৈশিষ্ট। এই দৃষ্টিতে সুরা মায়েদার ১৩ নং আয়াতে বলা হয়েছে,"আল্লাহ ইহসানকারীকে ভালোবাসেন।

অনুগ্রহ করা মুহসিনদের বৈশিষ্ট্য। আল্লাহ তা'আলা বলেন,"আল্লাহর পথে ব্যয় করো এবং নিজের হাতে নিজেকে ধ্বংসের মুখে নিক্ষেপ করো না। অনুগহের পথ অবলম্বন করো, কেননা আল্লাহ মুহসিনদেরকে(অনুগ্রহ প্রদর্শনকারীদেকে) ভালোবাসেন।"(সুরা বাকারা:১৯৫) "শেষ পর্যন্ত আল্লাহ তাদেরকে দুনিয়ার পুরস্কারও দিয়েছেন এবং তার চেয়ে ভালো আখেরাতের পুরস্কারও দান করেছেন। এ ধরনের মুহসিনদেরকে আল্লাহ পছন্দ করেন।" (সুরা আলে ইমরান:১৪৮) "যারা সচ্ছল ও অসচ্ছল সব অবস্থায়ই অর্থ-সম্পদ ব্যয় করে এবং যারা ক্রোধ দমন করে অন্যের দোষ-ত্রুটি মাফ করে দেয়। এ ধরনের মুহসীনদেরকে আল্লাহ অত্যন্ত ভালোবাসেন।"(সুরা আলে ইমরান:১৩৪)

এ ধরনের গুণ ও বৈশিষ্ট্যের ব্যক্তিদের পুরস্কার ইহসান ছাড়া আর কি হতে পারে। দুনিয়ার জীবনে তারা ছিল মুহসীন আর আখিরাতে তাদের পুরস্কারের জন্য মহান আল্লাহ হবেন মুহসীন। অর্থাৎ ইহসানের বদলা ইহসান ছাড়া আর কিছুই হতে পারে না। দুনিয়ার জীবনে এরা মানুষের ভালোবাসার পাত্র। মানুষ তাদেরকে ভালোবাসে, সম্মান ও সমীহ করে। আর আল্লাহর ভালোবাসার পাত্র বলে আখিরাতেও তাদের প্রতি ইহসান করা হবে।



ঢাকায় কোটি কোটি টাকা ঢেলেও জলাবদ্ধতা

মোহাম্মদ মোস্তফা, *ঢাকা:* ঢাকায় ভাড়ায় মোটরসাইকেল চালিয়ে সংসার চালান সোহরাব সরদার। গতকাল রোববার বেলা সাড়ে ১১টার দিকে তিনি রাজধানীর কাজীপাড়ায় হাঁটুপানিতে বিকল হওয়া মোটরসাইকেল ঠেলছিলেন। গন্তব্য মগবাজার।

সোহরাব বলেন, মিরপুর ১০ নম্বরে যাত্রী নামিয়ে ফেরার পথে তাঁর মোটরসাইকেলে পানি ঢুকে বিকল হয়ে গেছে। এখন সেটিকে ঠেলে ঠেলে মগবাজার নিয়ে সারাবেন। এতে পুরো দিনে আর কোনো আয়ের আশা দেখছেন না তিনি। তিনি বলেন, 'আজকে (গতকাল) আর কোনো ট্রিপ পামু না।'

ঢাকায় শনিবার দিবাগত রাত ও গতকাল দিনের প্রথম ভাগে যে বৃষ্টি হয়েছে, তাতে জলাবদ্ধতা ও মানুষের দুর্ভোগের একটি খণ্ডচিত্র এটি। ঢাকা কার্যত ডুবে গিয়েছিল। অনেক এলাকার সড়কে বিকল হয়ে পড়েছিল যানবাহন। যাঁরা ঘর থেকে বেরিয়েছেন, তাঁদের সীমাহীন ভোগান্তিতে পড়তে হয়েছে। বহু মানুষের ঘরেও পানি ঢুকেছে। পরিস্থিতি এমন দাঁড়িয়েছিল যে বহু শিক্ষাপ্রতিষ্ঠান নিজ উদ্যোগে পরীক্ষা স্থগিত ও ক্লাস বাতিল করে ছুটি দিতে বাধ্য হয়।

অবশ্য ঢাকায় অতিবৃষ্টি হলেও '১৫ মিনিটের মধ্যে' পানি নেমে যাবে, আর 'জলাবদ্ধতা দেখা যাবে না'—এসব কথা শোনানো হয়েছিল নগরবাসীকে। বলেছিলেন জুলাই গণ-অভ্যুত্থানে ক্ষমতাচ্যুত আওয়ামী লীগ সরকারের স্থানীয় সরকারমন্ত্রী খন্দকার মোশাররফ হোসেন (২০১৭ সালে) এবং ঢাকা দক্ষিণের তৎকালীন মেয়র শেখ ফজলে নূর তাপস (২০২৩ সালে)। খরচ করা হয়েছিল বহু টাকা।

ঢাকা ওয়াসা ও দুই সিটি করপোরেশনের তথ্য বিশ্লেষণে দেখা যায়, ২০২৪ সাল পর্যন্ত আওয়ামী লীগ সরকারের শেষ এক দশকে ঢাকা ওয়াসা ও দুই সিটি করপোরেশন নালা নির্মাণ ও সংস্কার, খাল পরিষ্কার এবং জলাবদ্ধতা নিরসনের অন্যান্য কাজে অন্তত ২ হাজার ১৪৬ কোটি টাকা খরচ করেছে। কিন্তু জলাবদ্ধতা যায়নি।

২০২৫ সালে কত খরচ হয়েছে, সে হিসাব পাওয়া যায়নি। তবে অন্তর্বর্তী সরকারের আমলে দায়িত্ব পালন করা ঢাকা উত্তর সিটি করপোরেশনের প্রশাসক মোহাম্মদ এজাজ ২০২৫ সালের এপ্রিলে বলেছিলেন, চিহ্নিত ১৯টি স্থানের মধ্যে ৭টিতে জলাবদ্ধতা হতে পারে এবং পানি তিন ঘণ্টার মধ্যে নেমে যাবে। একই বছরের সেপ্টেম্বরে তিনি 'রাইট পারসন, রাইট টাইমে, রাইট জায়গায়' থাকার কারণে বড় জলাবদ্ধতা হয়নি বলে দাবি করেন।

অবশ্য গতকালের চিত্র এসব দাবিকে প্রশ্নের মুখে ফেলেছে। নগরপরিকল্পনাবিদ ও সংশ্লিষ্ট ব্যক্তিরা বলছেন, টাকায় এত বেশি বৃষ্টির কারণে জলজট হতে পারে। কিন্তু জলাবদ্ধতা হলে বুঝতে হবে, সেটা ব্যর্থতা।

সিটি করপোরেশনের কর্মকর্তারা সাধারণত অল্প সময় পানি জমে থাকাকে 'সাময়িক জলজট' বলেন। নগর-পরিকল্পনার সাধারণ ব্যাখ্যা অনুযায়ী, অল্প সময়ে অতিরিক্ত বৃষ্টি হলে নালার তাৎক্ষণিক ধারণক্ষমতা ছাড়িয়ে যে পানি জমে এবং বৃষ্টি কমার পর দ্রুত নেমে যায়, সেটিই জলজট। অন্যদিকে নালা, খাল, কালভার্ট বা আউটলেট বন্ধ, সরু কিংবা বিচ্ছিন্ন থাকায় পানি দীর্ঘ সময় আটকে থাকা এবং একই এলাকায় বারবার এমন পরিস্থিতি তৈরি হওয়াই জলাবদ্ধতা।

ঢাকায় গতকালের বৃষ্টিতে কিছু এলাকায় পানি দ্রুত নেমেছে। আবার অনেক এলাকায় দীর্ঘ সময় আটকে ছিল। অর্থাৎ জলাবদ্ধতাই বড় সমস্যা। নগরপরিকল্পনাবিদদের মতে, সমস্যার কারণ দুটি। প্রথমত, পানি নেমে যাওয়ার জন্য যথেষ্ট পথ নেই। দ্বিতীয়ত, খালগুলো অনেকাংশে বেদখল, ভরাট ও আবর্জনায় ভরা। যে ড্রেন বা নালা দিয়ে পানি নেমে যাবে, সেগুলোও বালু ও আবর্জনায় ভরে গেছে।

ঢাকা উত্তর সিটির প্রশাসক মো. শফিকুল ইসলাম খান গতকাল কাজীপাড়ার পরিস্থিতি পরিদর্শন করেন। তাঁর ভাষ্য, যত্রতত্র ময়লা ফেলায় নালার সংযোগ বন্ধ হয়ে অধিকাংশ জলজট তৈরি হচ্ছে। এর আগে তিনি বিমানবন্দর সড়ক, মিরপুরসহ ঝুঁকিপূর্ণ এলাকায় নালা ও খালের পানিপ্রবাহ শতভাগ সচল রাখার নির্দেশ দিয়েছিলেন। রোববারের পরিস্থিতি দেখিয়েছে, সেই প্রস্তুতি যথেষ্ট ছিল না।



রাতভর অনবরত বৃষ্টি, থামেনি দুপুরেও। টানা ভারী বৃষ্টিতে রাজধানীর বিভিন্ন সড়ক জলমগ্ন হয়ে পড়ে। দুর্ভোগে পড়েন অফিসগামী মানুষ, শিক্ষার্থী ও পথচারীরা। গতকাল বিকেলে রাজধানীর নিউমার্কেট এলাকায় ছবি: দীপু মালাকার

১২ ঘণ্টায় ১৫৮ মিলিমিটার বৃষ্টি

আবহাওয়া অধিদপ্তরের হিসাবে, শনিবার দিবাগত রাত ১২টা থেকে গতকাল সকাল ৬টা পর্যন্ত ঢাকায় ৭৬ মিলিমিটার বৃষ্টি হয়েছে। সকাল ৬টা থেকে দুপুর ১২টা পর্যন্ত হয়েছে আরও ৮২ মিলিমিটার। অর্থাৎ ১২ ঘণ্টায় বৃষ্টি হয়েছে ১৫৮ মিলিমিটার।

২০২৩ সালের সেপ্টেম্বরে ৬ ঘণ্টায় ১২২ মিলিমিটার বৃষ্টির পর রাজধানীর কিছু সড়ক থেকে ১৫ ঘণ্টায়ও পানি নামেনি। এর আগের বছর এক দিনে ঢাকায় ২৫৫ মিলিমিটার বৃষ্টিও হয়েছিল। ২০২৪ সালের জুলাইয়ে ৩ ঘণ্টায় ৬০ মিলিমিটার বৃষ্টিতেই রাজধানীর বহু এলাকা ডুবে যায়। মতিঝিল, কমলাপুর, গ্রিন রোড ও ঢাকা কলেজ এলাকার পানি ১২ ঘণ্টায়ও সরেনি।

সরেজমিনে দেখা যায়, গতকাল সড়ক পানিতে ডুবে যাওয়া এলাকার মধ্যে রয়েছে গ্রিন রোড, পান্থপথ, ধানমন্ডি, কারওয়ান বাজার, বিজয় সরণি, বনানী-কাকলী, বারিধারা, বাড্ডা, খিলগাঁও, মগবাজার, মোহাম্মদপুর, কাজীপাড়া, শেওড়াপাড়া, মিরপুর, নিউমার্কেট, আজিমপুর, মতিঝিল, শ্যামপুর ও কদমতলী।

ঢাকার বিভিন্ন এলাকায় খোঁড়াখুঁড়ি মানুষের দুর্ভোগ আরও বাড়িয়েছে।

সমস্যা কী

নিউমার্কেট, নীলক্ষেত ও ঢাকা কলেজের সামনের সড়কে পানি এতটাই বেড়েছিল যে সড়ক ও ফুটপাতের সীমানা আলাদা করা কঠিন হয়ে পড়ে। সকাল থেকে নিউমার্কেটের সব দোকান ও ব্যবসাপ্রতিষ্ঠান বন্ধ রাখা হয়। দুর্ঘটনা এড়াতে বিদ্যুৎ-সংযোগও বিচ্ছিন্ন করে দেওয়া হয়। কোনো ক্রেতাও সেখানে যেতে পারেননি।



মিরপুরে হাঁটুসমান পানি ভেঙে দুই শিশুকে নিয়ে গন্তব্যে যাচ্ছেন এক অভিভাবক ছবি: তানভীর আহাম্মেদ

নিউমার্কেট ব্যবসায়ী সমিতির অফিস সেক্রেটারি ফিরোজ উল ইসলাম প্রথম আলোকে বলেন, পরিস্থিতি দেখে আজ সোমবার দোকান খোলার বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হবে।

নিউমার্কেট এলাকার জলাবদ্ধতা সমাধানের গাফিলতির একটি উদাহরণ। সংশ্লিষ্ট ব্যক্তিরা বলছেন, নিউমার্কেটের জলাবদ্ধতা নতুন নয়। আগে নিউমার্কেট ও আশপাশের এলাকার পানি পিলখানার একটি নালা দিয়ে বুড়িগঙ্গায় যেত। ২০০৯ সালের পর নিরাপত্তার কারণে সেই পথ বন্ধ করে দেওয়া হয়। কিন্তু নতুন কোনো কার্যকর পথ তৈরি করা হয়নি। ফলে বৃষ্টি বেশি হলেই ওই এলাকায় জলাবদ্ধতা হচ্ছে।

পানি নামার পথেই বাধা

ঢাকা উত্তর সিটিতে ২৯টি খাল রয়েছে। এগুলোর মোট দৈর্ঘ্য প্রায় ১০৫ কিলোমিটার। খোলা ও পাইপ-নালা মিলিয়ে রয়েছে প্রায় ১ হাজার ২০০ কিলোমিটার। দক্ষিণ সিটিতে রয়েছে ২৬টি খাল এবং ১ হাজার ৩০০ কিলোমিটারের বেশি নালা-নর্দমা।

নথিপত্রে এত খাল-নালা থাকলেও পানি নামার পুরো পথ সচল নয়। বৃষ্টির পানি প্রথমে সড়ক থেকে নালায়, পরে কালভার্ট ও খাল হয়ে 'আউটলেট' দিয়ে নদীতে যাওয়ার কথা। এই পথের কোনো একটি অংশ বন্ধ, সরু বা বিচ্ছিন্ন হলে পুরো ব্যবস্থার সক্ষমতা কমে যায়।

উত্তর সিটির প্রকৌশল বিভাগ বলছে, ২৫ মিলিমিটার পর্যন্ত বৃষ্টি হলে স্বল্প সময়ের মধ্যে পানি নেমে যায়। এর বেশি হলে সময় লাগে। গতকাল সংস্থাটি পানি সরানোর কাজে বাড়তি জনবল নিয়োগ করেছিল। একইভাবে দক্ষিণ সিটিও চেষ্টা করেছে বলে দাবি করেছে।

দক্ষিণ সিটির পানি মূলত তিনটি আউটলেট দিয়ে নদীতে যাওয়ার কথা। দোলাইপাড় পাম্পস্টেশনের তিনটি পাম্পের প্রতিটি প্রতি সেকেন্ডে পাঁচ হাজার লিটার পানি সরাতে পারে। কমলাপুরের টিটিপাড়া পাম্পস্টেশনের তিনটি পাম্পের মধ্যে দুটি সচল।

ঢাকার দুই সিটি করপোরেশনের যান্ত্রিক বিভাগের কর্মকর্তাদের ভাষ্য, কোথাও নালার মুখ বর্জ্য ও পলিতে বন্ধ, কোথাও কালভার্ট সরু, আবার কোথাও খালের সঙ্গে নালার সংযোগ বিচ্ছিন্ন। এসব প্রতিবন্ধকতা পেরিয়ে পানি পাম্প পর্যন্ত না পৌঁছালে উচ্চক্ষমতার পাম্পও কাজে আসে না।

দক্ষিণ সিটির প্রধান প্রকৌশলী নূর আজিজুর রহমান গতকাল বিকেলে প্রথম আলোকে বলেন, বিদ্যমান ব্যবস্থায় ৩০ মিলিমিটার বৃষ্টির পানি তাৎক্ষণিকভাবে এবং ৩০ থেকে ৫০ মিলিমিটার বৃষ্টির পানি সর্বোচ্চ দুই ঘণ্টায় সরানো সম্ভব। গতকালের বৃষ্টি সেই সক্ষমতার কয়েক গুণ।

অবশ্য বিশেষজ্ঞদের প্রশ্ন, বেশি বৃষ্টি ঢাকায় বিরল ঘটনা নয়। এত টাকা খরচের পরও সেই প্রস্তুতি নেই কেন?

জলাবদ্ধতা নিরসনে ২ হাজার ১৪৬ কোটি টাকা ব্যয়ের হিসাবটি দুই সময়ের। ২০১৫-১৬ থেকে ২০১৯-২০—এই পাঁচ অর্থবছরে ঢাকা দক্ষিণ সিটি নালা নির্মাণ ও সংস্কারে ৬০৫ কোটি ৫৪ লাখ এবং উত্তর সিটি ৭১১ কোটি টাকা খরচ করে। একই সময়ের কাছাকাছি ঢাকা ওয়াসা জলাবদ্ধতা নিরসনে প্রায় ১০০ কোটি টাকা ব্যয় করে। সব মিলিয়ে ব্যয় হয় প্রায় ১ হাজার ৪১৬ কোটি টাকা।

২০২০ সালের ৩১ ডিসেম্বর ওয়াসার কাছ থেকে পানিনিষ্কাশনের দায়িত্ব নেওয়ার পর পরবর্তী চার বছরে দুই সিটি আরও অন্তত ৭৩০ কোটি টাকা খরচ করে। দুই সময়ের অঙ্ক যোগ করলে ব্যয় দাঁড়ায় ২ হাজার ১৪৬ কোটি টাকার বেশি।

প্রশ্ন হলো, নালা নির্মাণ করা হলেও পানি যাওয়ার শেষ পথটি সচল হয়েছে কি না। অনেক ক্ষেত্রেই তা হয়নি। এ কারণে এত ব্যয়ের পরও দুই সিটি গত এপ্রিলে ঢাকায় জলাবদ্ধতার ঝুঁকিপূর্ণ ১৪১টি স্থান চিহ্নিত করেছে। এর মধ্যে উত্তর সিটিতে ১০৮টি এবং দক্ষিণ সিটিতে ৩৩টি।

ঢাকা দক্ষিণ সিটির প্রশাসক মো. আবদুস সালাম গতকাল প্রথম আলোকে বলেন, জলাবদ্ধতা নিরসনে বিগত সময়ে মন্ত্রী ও মেয়ররা যে বক্তব্য দিয়েছিলেন, সেটার সঙ্গে বাস্তবতার কোনো মিল ছিল না। মুখরোচক বক্তব্য না দিয়ে জলাবদ্ধতা নিরসনে স্থায়ী সমাধানের দিকে যেতে হবে উল্লেখ করে তিনি আরও বলেন, জলাবদ্ধতা থেকে বাঁচাতে হলে পানিনিষ্কাশনের পথ বাড়াতে হবে।

নগর-পরিকল্পনাবিদেরা একই কথা বলছেন। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের অধ্যাপক আদিল মুহাম্মদ খান প্রথম আলোকে বলেন, ঢাকায় প্রাকৃতিক জলপথ ও কৃত্রিম নালাকে যুক্ত করে সমন্বিত পানিনিষ্কাশন মহাপরিকল্পনা নেই। বিচ্ছিন্নভাবে প্রকল্প নেওয়া হচ্ছে, কিন্তু পানি শেষ পর্যন্ত কোথায় গিয়ে পড়বে, সেই 'আউটলেট' সচল করা হচ্ছে না। শুধু যেখানে পানি জমে, সেখানে নতুন নালা বানিয়ে সমস্যার স্থায়ী সমাধান সম্ভব নয়।

প্রশ্ন হলো, নতুন সরকার কি সমন্বিত পরিকল্পনা তৈরি করে কাজ করবে, নাকি বিগত সময়ের মতো অপরিকল্পিতভাবে টাকা ঢালবে? পরিকল্পিতভাবে কাজ না করা হলে মানুষের ভোগান্তি যাবে না।

এদিকে গতকাল রাত সাড়ে ৯টায় শেষ খবর পাওয়া পর্যন্ত ঢাকার অনেক জায়গায় পানি জমে ছিল। ভাড়ায় মোটরসাইকেলচালক সোহরাব সরদার রাতে প্রথম আলোকে বলেন, তিনি গতকাল ৩০০ টাকা আয় করেছিলেন। মোটরসাইকেল ঠেলে ঠেলে মগবাজার নিয়ে মেরামত করাতে সেই ৩০০ টাকা খরচ হয়ে গেছে। আর পথে নামতে পারেননি তিনি।



বৃষ্টির পানিতে তলিয়ে গেছে মিরপুরের কাজীপাড়ার প্রধান সড়ক। সড়কে ধীরগতিতে চলছে বাসসহ অন্যান্য যানবাহন। ভোগান্তিতে পড়েছেন পথচারী ও যাত্রীরা ছবি: তানভীর আহাম্মেদ

ইমিগ্রেশন ও আপনি



এটর্নি শাকিল এইচ কাজমী

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি" শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।



ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্যে রইল আমাদের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশা করি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবন আমাদের কাম্য। আর তাই ইমিগ্রেশন বিষয়ে যেকোনো প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্য প্রস্তুত। এই বিভাগ আপনাদের জন্য। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনারা এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো।

প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহেও আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

অভিবাসন ঃ অভিবাসী জীবনে বিশেষ করে যারা আনডকুমেন্টেড বা বৈধ কাগজপত্রহীন অভিবাসীদের জীবনে অনেকদিন ধরেই সুখবরের খরা চলে আসছিল। ইউএস প্রশাসন যাদের বৈধ কাগজপত্র সেই, তাদের ক্ষেত্রে জিরো টলারেন্স দেখিয়ে আসছিল। হঠা' করেই মরুভূমিতে একটুকরো মরুদানের মত একটি খবর লাখ লাখ অভিবাসী পরিবারকে স্বস্তির স্রোতে ভাসিয়ে নিয়ে গেল। ইউএস প্রেসিডেন্ট অভিবাসন নীতি জিরো টলারেন্সে নামিয়ে আনার ক্ষেত্রে নানা রকম উদ্যোগ গ্রহণ করে আসছেন। ক্ষমতাসীন হওয়ার পর মেক্সিকো সীমান্তে প্রাচীর তোলাসহ নানাবিধ নিষেধের বেড়াজালে অভিবাসন প্রত্যাশীদের স্বপ্নকে ভেঙ্গে টুকরো টুকরো করে দেয়। যারা দীর্ঘদিন নিউইয়র্কসহ বিভিন্ন স্টেটে কাগজপত্র ছাড়াই নির্ভয়ে কাজকর্ম করে জীবিকা নির্বাহ করে আসছিল, 'আইস' নামিয়ে তাদের ধরে ধরে দেশে পাঠিয়ে দিচ্ছে। কাউকে বা জেলে পুরছে।

এ রকম পরিস্থিতির মধ্যে ট্রাম্প প্রশাসনের গৃহীত অভিবাসন বিরোধী একটি পদক্ষে দেশের সুপ্রম কোর্ট খারিজ করে দেয়ায় লাভ লাখ অভিবাসী পরিবার স্বস্তির আনন্দে ভাসছে। ইউএসএ'তে জন্মসূত্রে নাগরিকত্ব লাভের অধিকার বহুকার যাবত অভিবাসী সমান ভোগ করে এসেছে, ইউএস প্রেসিডেন্ট সেই অধিকার খর্ব করার পদক্ষে নেন। ইউএসএ'তে যেসব আনডকুমেন্টেড অভিবাসী সন্তান জন্ম দেবে তারা ইউএসএ'র ১৪তম সংশোধনীর অধীনে নাগরিকত্ব লাভের স্বীকৃতি অর্জন করবে। সংবিধানের এই ধারার বিরুদ্ধে প্রশাসন জন্মসূত্রে নাগরিকত্ব লাভের পথ রুদ্ধ করে নির্বাহী আদেশ জারী করেন। এই পদক্ষেপের বিরুদ্ধে অভিবাসন সমর্থনকারী বিভিন্ন অঙ্গরাজ্যের নাগরিক অধিকার সংরক্ষক সংগঠক এবং অভিবাসী অধিকার সংগঠন আদালতের স্বরণাপন্ন হয়। দীর্ঘ আইনী লড়াইয়ের পর অবশেষে জন্মসূত্রে নাগরিকত্বের অধিকার সংরক্ষণ করে ঐতিহাসিক রায় হয়েছে। রায়টি ৬-৩ ভোটে গৃহীত হয়। রায়ে বলা হয়েছে যে, ১৪তম সংশোধনী জন্মসূত্রে নাগরিকত্বের যে অধিকার সংরক্ষন করেছে, সে অধিকার কোন নির্বাহী আদেশ দিয়ে বাতিল করা যায় না।

ডেমোক্রাটিক পার্টির নেতারা সুপ্রিম কোর্টের এই রায়কে সংবিধান ও আইনের শাসনের বিজয় বলে সমর্থন করে অভিনন্দন জানিয়েছেন। অভিবাসী পরিবারেরা এই রায়ে গভীর স্বস্তি লাভ করেছে।

তবে, এখনই বলা যাবে না– এ সমস্যার সমাধান স্থায়ীভাবে হেয় গেলে ববিষ্যতে এই বিষয়ে সাংবিধানিক সংশোধনীর দাবি ইঠতে পারে। তবে সংবিধানের সংশোধন খুব সহজ নয়। খুব জটিল প্রক্রিয়া। এর জন্য দেশের সর্বোচ্চ আইন পরিষদ কংগ্রেস এবং সকর অঙ্গরাজ্যের সমর্থন লাগবে।

এ বিষয়ে বর্তমান আইনী অবস্থা পর্যালোচনার পর আমাদের বিশেষ পরামর্শ হচ্ছে– ইমিগ্রেশন বিষয়ে যেকোন পদক্ষে দেবার আগে সঠিক ও উপযুক্ত প্রক্রিয়া গ্রহণের জন্য অবশ্যই একজন ইমিগ্রেশন এ্যাটর্নীর সাথে আলোচনা করা উত্তম।

এ বিষয়ে অভিবাসন সংশ্লিস্ট দক্ষ, অভিজ্ঞতা সম্পন্ন অভিজ্ঞজনেরা এই মর্মে তাদের পরামর্শ দিচ্ছেন যে এখনকার অভিবাসন প্রক্রিয়ায় সঠিক, উপযুক্ত ও স্বচ্ছতা অনিবার্য।

পূর্বে হয়ত অনেকে সঠিক তথ্য প্রদান না করেও পার পেয়ে গেছেন। কিন্তু বর্তমান অবস্থায় সেই ধারণাটি একেবারে বেঠিক।

এইকারণে আমরা বার বার এই বিষয়ে আপনাদের জন্য সতকর্কতা অবলম্বনের পরামর্শ দিচ্ছি। এবং বর্তমান অবস্থার প্রেক্ষাপট তুলে ধরার চেষ্টা করছি।

জুলাই ২০২৬ ভিসা বুলেটিন

ইউএস স্টেট ডিপার্টমেন্ট (ডিওএস) জুলাই ২০২৬'র ভিসা বুলেটিন প্রকাশ করেছে। নিম্নে জুলাই ২০২৬'র পরিবারভিত্তিক ভিসার প্রাপ্যতা উল্লেখ করা হলো।

উল্লেখ্য যে, 'ফাইনাল এ্যাকশন ডেট' বলতে সেই তারিখকে বোঝায় যখন ইউএসসিআইএস/ ডিওএস জমাকৃত আবেদনের উপর তাদের চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান করে। আর এতে করে প্রায়োরিটি তারিখ ঐ তারিখের পূর্বে।

জুলাই ২০২৬'র সার্বিক পর্যালোচনায় দেখা যাচ্ছে যে, পরিবার ভিত্তিক ভিসা ক্যাটাগরিতে অতি অল্প অগ্রগতি হয়েছে।

ফ্যামিলি স্পন্সরড প্রেফারেন্সেস

প্রথম (এফ-১) ● ইউএস সিটিজেনদের অবিবাহিত পুত্র-কন্যা ঃ

ফেব্রুয়ারি ০১, ২০১৮।

দ্বিতীয় ● পার্মানেন্ট রেসিডেন্টদের স্পউসে (স্বামী/স্ত্রী), সন্তান এবং অবিবাহিত পুত্র-কন্যা।

এ ● (এফ-২এ) ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের স্পাউস (স্বামী/স্ত্রী) এবং ২১ নিম্ন বয়সী সন্তান ঃ

জানুয়ারি ০১, ২০২৫।

বি ● (এফ ২বি) ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের (২১ বছর বা উর্ধ বয়সী),

অবিবাহিত পুত্র-কন্যা ঃ নভেম্বর ২২, ২০১৭।

তৃতীয় ● (এফ-৩) ঃ ইউএস সিটিজেনদের বিবাহিত পুত্র-কন্যা ঃ

এপ্রিল ১৫, ২০১২।

চতুর্থ ● (এফ-৪) ঃ প্রাপ্ত বয়স্ক ইউএস সিটিজেনদের ভাই-বোন ঃ

জানুয়ারি ০১, ২০০৯।

পারিবারিকভিত্তিক এবং চাকুরিভিত্তিক ভিসার প্রাপ্যতা সম্পর্কে জানতে ইউএস ডিপার্টমেন্ট অফ স্টেটের ওয়েবসাইট ভিজিট করুন।

সর্বশেষে আমাদের পরামর্শ হচ্ছে, ইমিগ্রেশন বিষয়ে যে কোন চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ এর আগে প্রয়োজন বোধে একজন অভিজ্ঞ, দক্ষ ইমিগ্রেশন এটর্নির সাথে আলোচনা করা ভালো।

ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানাঃ
২২৫ ব্রডওয়ে (১৬ তলা), নিউইয়র্ক ১০০০৭।
ফোনঃ ২১২-৫১৩-৭৪৭৪
ফ্যাক্সঃ ৯১৪-৪৬২-৩৯৯০
ই-মেইলঃ kazmiandreeves@gmail.com
[Law office of Kazmi & Reeves]
225 Broadway, (16th floor)

এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

অনুবাদ: হুসনে এ. বেগম

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (16th floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

*** Immigration Cases & Appeals * Bankruptcy Cases**
*** Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.**

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।
অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।


Khalil Biryani House
খলিলের
খাবার দিয়ে আপনার
অনুষ্ঠান হয়ে উঠুক
জমজমাট
সম্পূর্ণ স্বাস্থসম্মত উপায়ে প্রস্তুত
2062 McGraw Ave
Bronx, NY 10462
Phone: 347-621-2884
1457 Unionport Rd.
Bronx, NY 10462
Phone: 718-409-6840
www.KHALILSFOOD.com


PEOPLE TECH
DevOps
Scrum Master & Product Owner
[100% Scholarship for Training & Job Placement, Condition applied]
Saturday & Sunday
9:00 AM To 2:00 PM Starting from
NOV 02 2019
Saturday & Sunday
2:30 PM To 7:30 PM Starting from
NOV 02 2019
Software Testing [QA] Training & Job Placement
New York In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
October 19, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
October 22, 2019
VA In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
November 16, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
November 26, 2019
www.piit.us


GLOBAL
Tours & Travel
BOOK YOUR FLIGHT
WITH OUR OTA
www.globaltravelbd.com
"We provide 24/7 customer support"
FLIGHT
VISA
HOTEL
$300 OFF
* Minimum $10000 cash purchase required
CALL NOW
718-406-9745
718-200-2655
Md Shamsuddin
PRESIDENT & CEO
Global Tours & Travel
World Tours & Travel


Flight
LOWEST PRICE CHALLENGE
GLOBAL
NY 1 TRAVELS, INC
আন্তর্জাতিক ও আভ্যন্তরীন
ফ্লাইটের টিকেট
সুলভ মূল্যে ক্রয় করুন
বাংলাদেশের ফ্লাইটের টিকেটে
রয়েছে বিশেষ ছাড় !!!
MIRZA M ZAMAN
37-18 74th Street, Suite # 202, Jackson Heights, NY 11372
Tel: 646-750-0632
E-mail: globalnytravels@gmail.com

সাহিত্য সাময়িকী

জোড়া পদ্য
মুহম্মদ নূরুল হুদা

১. বাস্তু ছেড়ে

ফেরার পথে ডাকে যখন ঘর,
চলতে চলতে পথেই শুয়ে পড়ি;
ফিরতে গেলে দুপায়ে টক্কর
রাতবিরেতে কে দেখে কার ঘড়ি!

আমি তখন উড়াল আঁকি খুরে,
পথের সঙ্গে পথের জড়াজড়ি;
কেউ যায় না কাউকে রেখে দূরে,
হল্লা করে অপ্সরা অপ্সরী।

এ প্রকৃতি তোমার আমার স্মৃতি;
কাকে কখন কে দিলো নিষ্কৃতি?
ব্যস্ত ভীষণ পরস্পরার মন,
যুক্তিতর্কে নিত্য আলাপন।

সাঁকো কিম্বা সেতুর ওপর ঘর;
বাস্তু ছেড়ে কে বলো কার পর?

২. বৃষ্টি এলে

বাবার বাড়ির ছাদ যখন আকাশ
পুকুর পাড়ে খুঁজি আমার ঘর,
সাগর বলে কোথায় তোমার বাস
বাড়ি আমার চরের পরে চর

ততক্ষণে বৃষ্টি আনে জলেশ্বরীর ঢল
ছুটতে ছুটতে কুড়াই বাবার ছাতা
জোড়পুকুরে ফেনার কোলাহল
চড়ুই নীড়ের সুরক্ষা দেয় পাতা
মানুষ চড়ুই নিরাশ্রয় নয় নিজে
উঠোন জুড়ে জলে সে সাঁতরায়;
বৃষ্টিতে সব উড়ু ডানা ভিজে
যখন ক্লান্ত, পায়রারা কাতরায়;

কবির বাড়ি বাবার বাড়ির ছাদ
বৃষ্টি এলে ছাদে ছাদে কবিতা আবাদ

আষাঢ়ের ব্যাকরণ
গোলাম রববানী

পুরাতন সংস্কৃতি সেকেলে অযাপিত জীবনের প্রাণ
আগামীর জীবন অযাচিত আগামীতে প্রবাহমান;
কথার ব্যারাম সেই খোঁড়ার পায়ে যেন দৌড়ান
এইখানে আষাঢ়ের গল্প আঁধারে আরো অনুজ্জ্বল

মেঘ ধুয়ে যায় বৃষ্টি, ত্যক্ত ভূমির ঘৃণা থুথুতে ভরা
জমে আছে জনমন পোক্ত গোটা বাংলাভূমি
বাঘা বাঘা মান্যবর দায়লাঠি যেন প্রগতির ফাঁদে
শুদ্ধ মানুষ হারিয়ে যায়, আজব গঠনতন্ত্রের বাঁকে

সৃজনের সীমাহীন রোটেশন যেন লাটিমের ঘূর্ণি
নতুনত্ব আসে উন্মুক্ততায় ব্যাপ্ত সময়ের চোখে
ভুলে যায় মাননীয় মান্যবর আলোর গতিতে হায়
সকল বিমূর্ত-মূর্ত মরে এইখানে বাকযন্ত্র ও কলমে

চৈত্রের শুষ্কে বিরহিত হয় সোঁদা জলে ছলাভিষিক্ত
যেমন করে বৃক্ষমাটি আষাঢ়-শ্রাবণে হয় খাঁটি
কোথা গেলে দেখা যাবে সেই আনন্দের বৃষ্টি
দৃষ্টি তাকিয়েই আছে নতুন প্রাণের স্বপ্ন স্পন্দনে

রাত্রি
জরিনা আখতার

বসতবাড়ির আলোগুলো ক্রমশ নিভে যেতে যেতে
রাত্রি ক্রমশ ধূসর হতে থাকে–
ওভারকোট পরিহিতা এক রহস্যময়ী মনে হয় তখন রাত্রিকে,
তার দীর্ঘ কেশদাম শয্যা পাতে নগরীর ফুটপাতে–
সেই শয্যায় রাত্রি যাপনের আয়োজন করে
এক ছিন্নমূল নারী
সঙ্গে তার দুই খুদে সন্তান,
ওরা একটু পরে ঘুমিয়ে পড়বে
ঘুমিয়ে ঘুমিয়ে স্বপ্নের দেশে যাবে–
দেখবে শানশওকতে ভরপুর এক প্রাণোচ্ছল রঙিন জীবন
রাত্রির মতো ধূসর নয়,
ভোরের আলোয় আবার ফিরে আসবে নিজেদের ছিন্নমূল জীবনে;
গলির মোড়ে ঝুপড়ি চায়ের দোকানটি তখনো খোলা–
দূর নক্ষত্রের মতো একটি বাল্ব মিটমিট করে জ্বলছে সেখানে
নড়বড়ে বেঞ্চিতে বসে আছে দুএকজন চাখোর
রাতের চায়ে শেষ চুমুকটি দেবার জন্য,
সামনে বহুতল ভবনের পাঁচতলা বাড়ির ঝুলবরান্দা থেকে
এইসব দৃশ্যপট আত্মসাৎ করে কেউ একজন ছুটে গেল
লেখার টেবিলে।

দক্ষিণের মানুষ
রুদ্র সাহাদাৎ

আমি দক্ষিণের মানুষ খুঁজি হারিয়ে যাওয়া হরিকেল জনপদ
কাহ্নপা লুইপা ভূসুকু পার মতো পাগলামন পঙক্তি সাজায় কারণ অকারণ
স্বপ্নে ঝুলে থাকে স্বপ্ন আমার অসহায় হরিণ চোখ শুধুই লাফায়
সোনাদিয়া কাঁদে সবুজ প্রকৃতি শোকে
মহেশখালী বাঁকে উড়ে যায় সাদা গাঙচিল
ছোট ডিঙি নৌকায় হাসে জলপুত
সী ট্রাক চলে যায় গন্তব্যে যাত্রী বোঝাই ডানবাম
আমি দক্ষিণের মানুষ পাহাড় নদী সাগর ঝর্ণাধারা দেখে সময় কাটাই
জানা নেই জীবনের সঠিক সংজ্ঞা– যাযাবর যৌবন

জুমঘরের কবিতা
আবু আফজাল সালেহ

একদিন লামার সুখিয়া ভ্যালিতে
একদিন সুখিয়া ভ্যালির অরণ্যে
মেঘ এসেছিল মাঝে
বৃষ্টিও নিয়ে এসেছিল খানিক।

একদিন লামার সুখিয়া ভ্যালিতে
একদিন সুখিয়া ভ্যালির অরণ্যে
দুচোখে স্বপ্নের জাল- দিগন্ত জুড়ে
মনে জেগেছিল হিল্লোল- অনাবিল
জুমঘরের বারান্দা থেকে নদী
জুমঘরের বারান্দা থেকে প্রকৃতি
কী যে ভালো লাগে! কী যে ভালো লাগে!

মনীষা এসে দাঁড়ায় চোখের জানালায়
প্রকৃতি এসে দোলে মনের কোণে!
ফিসফিস করে বলে, কবিতা লেখো
কবিতা লেখার সময় এখন।

ব'লছি শিলাকেই
জহীর হায়দার

বুঝেছো শিলা?

পাগল হওয়ার মতো
গরম এখানে:

এতো ক্ষ্যাপা– এতো উচ্ছৃংখল গরম কখনোই দেখিনি আমি–
না,
দেখিনি কোথাও আর কখনোই:

মনে হচ্ছে, জন্মান্ধ এই জীবনটাকে গুটিয়ে,
অন্য কোনো নিরব, কোনো নিস্তব্ধ শীতল গ্রহে চলে যাই,
না, কখনোই

ফিরে আর না আসি এখানে–

ষোল আষাঢ়
মোস্তফা মঈন

যতই আড়ালে থাকি, শব্দেরা জেনে যায়
জানালা গলিয়ে আসে; ফিসফিসিয়ে কথা
বলতে আসে কানে কানে

কিছু শব্দ শস্য হয়ে আসে; পাকা ধানের
প্রাণজুড়ানো ঘ্রাণ ছড়িয়ে আসে– ইচ্ছেমতো
দৃশ্যায়ন করে
আষাঢ়ের বৃষ্টি নামায় রিমঝিম

কিছু শব্দ ডাকাতের মতো ঢুকে পড়ে
আমাকে খোঁচাতে খোঁচাতে কবিতা লেখায়!

গোধূলি রঙের স্বপ্ন হাস্নাহেনা ফুলের গন্ধ
মিসির হাছনাইন

আমাকে ভুলে যেও না হে সময়
ফুরিয়ে গেছে হাস্নাহেনা ফুলের গন্ধ
প্রিয়মুখ হারিয়েছে নগরের পায়ে পায়ে
লাল মাটির ধূলা প্রাচীন নক্ষত্রের গায়ে
মিটিমিটি জ্বলছে সময় দূর আকাশে
আমাকে খুঁজে পাবে না তোমার পাশে

আমাকে ভুলে যেও না হে প্রিয়
জীবনানন্দের কবিতার চাঁদ ডুবেছে
কাঁধে রাখা মাথার চুলে ফুরিয়েছে কথা
শাড়িতে আঁকা স্নিগ্ধ চালতা ফুলের লতা
গোধূলি রঙের স্বপ্ন হাস্নাহেনা ফুলের গন্ধ
আমাকে খুঁজে পাবে না তোমার পাশে

আমাকে ভুলে যেও না হে কবিতা
চাপা পড়া নগরের বিষণ্ন অন্ধকারে
একাকী জীবনের পোড়া চোখে
মনে রেখো আলতো ছোঁয়া রাগে
প্রেম যমুনায় উত্তাল বেদনার গানে

মুনা'র জ্যামাইকা ওয়েষ্ট চ্যাপ্টারের বারবিকিউ পার্টি অনুষ্ঠিত

শেষ পৃষ্ঠার পর ইউএনএ'র।

অনুষ্ঠানে অংশ নিয়ে শুভেচ্ছা বক্তব্য রাখেন জ্যামাইকা মুসলিম সেন্টারের ট্রাষ্টি বোর্ডের চেয়ারম্যান ডা. মাহমুদুর রহমান, মুনা'র এসিস্ট্যান্স ফাইন্যান্স ডিরেক্টর অধ্যাপক জালাল উদ্দিন, মুনা সোস্যাল সার্ভিসের অপারেশন ডিরেক্টর ড. জাহাঙ্গীর কবীর, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের পরিসংখ্যান বিভাগের সাবেক চেয়ারম্যান ও ডীন অধ্যাপক ড. আব্দুল করীম, সাবেক উপজেলা চেয়ারম্যান আলমগীর হোসেন, মুনা'র নিউইয়র্ক নর্থ জোনের সভাপতি মমিনুল ইসলাম মজুমদার ও সহ সভাপতি মাওলানা তোয়া আমীন খান, আমার সিলেট.কম-এর সম্পাদক এমদাদ চৌধুরী দীপু প্রমুখ।





অনুষ্ঠান পরিচালনা করেন মুনা'র জ্যামাইকা ওয়েস্ট চ্যাপ্টার সেক্রেটারী মাহফুজুর রহমান ও আনিসুর রহমান।

উল্লেখ্য, মুনা একটি অলাভজনক দাওয়াহ ভিত্তিক সমাজ সেবামূলক জাতীয় সংগঠন হিসেবে ১৯৯০ সালে নিউইয়র্কে প্রতিষ্ঠিত হয়। মুনা প্রতিষ্ঠার মূল লক্ষ্য হলো ব্যক্তিগত, নৈতিক ও মানুষের জীবনের সামাজিক মানোন্নয়নের মাধ্যমে মহান আল্লাহ তা'য়ালার সন্তুষ্টি অর্জন। ইতোমধ্যে যুক্তরাষ্ট্রের ৫০টি অঙ্গ রাজ্যে মুনা'র কার্যক্রম বিস্তৃতি লাভ করেছে। মুসলমানদের সামাজিক, ধর্মীয় ও নাগরিক জীবনকে সমৃদ্ধ করার পাশাপাশি কমিউনিটির সেবায় নিয়োজিত করতে মুনা মুসলমানদের সুসংগঠিত করতে সদা সচেষ্ট। মুনা মুসলমানদেরকে তাদের ব্যক্তিগত ও সামাজিক জীবনে ইসলাম চর্চার আহবান জানিয়ে ভিন্ন ধর্মাবলম্বীদের কাছেও ইসলামের দাওয়াত পৌছাতে চেষ্টা করে। এছাড়া আমেরিকায় বিভিন্ন সমাজসেবামূলক কাজকর্মের সাথে মুনা অত্যন্ত সক্রিয়ভাবে জড়িত।

চলতি বিশ্বকাপ ফুটবল-২০২৬ ঘিরে মুসলিম উম্মাহ অব নর্থ আমেরিকা (মুনা) দুই মাসব্যাপী বিশেষ দাওয়াতী কর্মসূচী গ্রহণ করেছে। গত ১ জুন থেকে শুরু হওয়া এই কর্মসূচী চলবে জুলাই পর্যন্ত। এই কর্মসূচীর আওতায় যুক্তরাষ্ট্রের ৫০টি রাজ্যে মানুষের মধ্যে ইসলামের দাওয়াত পৌছে দেয়া হবে। এজন্য নতুন প্রজন্মকে টার্গেট পিপল হিসেবে বেশী গুরুত্ব দেয়া হচ্ছে। - প্রেস রিলিজ



নরসিংদী জেলা সমিতির বার্ষিক বনভোজন সম্পন্ন

শেষ পৃষ্ঠার পর তিক সংগঠনের নেতৃবৃন্দসহ বিভিন্ন শ্রেনী পেশের মানুষ উপস্থিত ছিলেন। বনভোজন উপলক্ষে সংগঠনের পক্ষ থেকে একটি উপ কমিটি গঠন করা হয়, পাঁচ শতাধিক লোকের সমাগমের মাধ্যমে এই উপ-কমিটি একটি সফল সার্থক মহা মিলন মেলায় পরিনত করেছেন।

বনভোজনে প্রধান অতিথি ছিলেন কুইন্স সোস্যাল এডাল্ট ডে কেয়ারের প্রেসিডেন্ট ইঞ্জিনিয়ার মাহফুজুল হক। উদ্বোধক আই ডি পি এস এর প্রেসিডেন্ট আবুল কাসেম খান, গেষ্ট অব অনার নরসিংদী জেলা সমিতির সাবেক সভাপতি আহসান হাবিব, বিশেষ অতিথির মধ্যে ছিলেন রুপসী চাঁদপুর ফাউন্ডেশনের সভাপতি মোঃ মাহাবুর রহমান, কুইন্স সোসাল এডাল্ট ডে কেয়ারের কর্মকর্তা তানিয়া চোধুরী, বিশিষ্ট ব্যাবসায়ী আকমল খান, বাংলাদেশে এসেম্বলী অব ইউ এস এ এর প্রেসিডেন্ট শামিম হাসান, আমন্ত্রিত অতিথীবৃন্দের মধ্যে উপস্থিত ছিলেন বাংলাদেশে শিল্প ব্যাংকের সাবেক জি এম সাদেকুর রহমান ভূইয়া, শিবপুর। শহিদ আসাদ কলেজের সাবেক অধ্যক্ষ সেলিনা বেগম, ডিজিটাল গ্রাফিক্সের প্রেসিডিন্ট মোঃ মনিরুল ইসলাম, ব্যাংক কর্মকর্তা মোঃ নাবিদ আহমেদ, বিশিষ্ট ব্যাবসায়ী মোঃ সামসুল হক, রিয়েল এস্টেট ব্যাবসায়ী মোঃ সেলিম রেজা, প্রধান পৃষ্ঠপোষক মোঃ জাহিদুল হক খান অরুন, উপদেষ্টা পরিষদের সদস্য মোল্লা মনিরুজ্জামান মনির, মোঃ আসাদুজ্জামান আসাদ, মোঃ সাখাওয়াত হোসেন, প্রধান নির্বাচন কমিশন মোঃ বুরুজ আফ্রাদ, কমিশনার মনিরা বেগম, মোঃ এহসানুল করিম রাসেল, কমিউনিটি এক্টিভিস্ট, মোঃ মানিক মিয়া, মোঃ ফজলুল করিম, মোঃ মতিন ভূইয়া। সকাল ১০ ঘটিকায় সংগঠনের সভাপতি মোঃ হারুন অর রশীদ, সাধারন সম্পাদক মোঃ গোলাম কিবরিয়া, সহ সভাপতি মোঃ তরিকুল ইসলাম তুহিন, বনভোজন উপ কমিটির আহবায়ক আলহাজ্জ সহন ভূঁইয়া, সদস্য সচিব মোঃ কামরুজ্জামান ভূঁইয়া , প্রধান সমন্বয়কারী মোঃ বেলাল হোসেন, সহ আমন্ত্রিত সকল অতিথীবৃন্দ, উপদেষ্টমন্ডলীর সদস্যবৃন্দ সংগঠনের বর্তমান ও সাবেক কর্মকর্তাদের সাথে নিয়ে বনভোজনটি শুভ উদ্বোধন করা হয়। সকাল ৯টা থেকে বনভোজনে আগত সবাইকে সকালের নাস্তা পরিবেশন করা হয়, রকমারি নাস্তার মধ্যে ছিল ক্রোসেন্ট, কলা, মিষ্টি জুস, সিঙ্গারা, পুরি, চা, তরমুজ সহ অন্যান্য খাবার। দুপুর ১২টায় ছোট-বড় সকলের জন্য ছিল খেলাধুলা বড়দের জন্য ফুটবল প্রতিযোগিতা বনভোজনে আগত সকল বাচ্চাদের মধ্যে বিভিন্ন ধরনের খেলনা সামগ্রী বিতরন করা হয়। যোহরের নামাজের বিরতির পর বাচ্চাদের বিনোদনের জন্য বিশেষ আকর্ষন ছিল ব্রাউন ফেইস আর্ট, ট্যাট্টু আকা, কটন ক্যান্ডি, বেলুন এনিমেল। বনভোজনে সংগীত পরিবেষন করেন, প্রবাসের অত্যান্ত জনপ্রিয় ক্লোজ আপ ওয়ানের শিল্পি শশী, শিল্পি রোজী আজাদ, কে এম জাবির সহ সংগঠনের শিল্পিবৃন্দ। ২টায় দুপুরের রকমারি খাবার পরিবেশন করা হয়। দুপুরের খাবারের পর মহিলাদের জন্য আকর্ষনীয় পিলো খেলা অনুষ্ঠিত হয়। পিলো খেলতে প্রায় দুই শতাধিক মহিলা অংশগ্রহন করেন। পিলো খেলায় অংশগ্রহনকারী সবইকে সান্তনা পুরুষ্কার প্রদান করা হয় এবং বিজয়ীদের মধ্যে বিশেষ পুরুষ্কার প্রধান করা হয়। বনভোজনে রাফেল ইভেন্টে ১০টি আকর্ষনীয় পুরুষ্কার প্রদান করা হয়। বনভোজনে রাফেল ড্র লটারীতে প্রথম পুরুষ্কার ছিল নগদ এক হাজার ডলার। ১ম পুরুষ্কারটি জিতেছেন বিশিষ্ট ব্যাবসায়ী মোঃ সামসুল হক, দ্বিতীয় পুরুষ্কার ছিল আইফোন ১৪, তৃতীয় পুরুষ্কার ছিল ৬৫ এলইডি টেলিভিশন, বিজয়ী হয়েছেন অনুষ্ঠানের গেস্ট অব অনার আসান হাবীব। এছাড়াও আরও ৭টি সহ সর্বমোট ১০টি পুরুষ্কার ছিল । দুপুরের খাবার পর সবার জন্য ফিরনি, মিষ্টি, চা, পান সুপারী পরিবেশন করা হয়। একই সংগে ছিল স্পটে ভাজা সিঙ্গারা এবং পুরি, তরমুজ, ইত্যাদি। বিকাল ৫টায় সংগঠনের পক্ষে থেকে বিশেষ অবদানের স্বকৃতিস্বরূপ ১২ জনকে ক্রেষ্ট প্রদান করা হয় ।



বনভোজন উপলক্ষে প্রতিবছরের ন্যায় এবারও একটি স্মরণিকা 'সোনাইমুড়ী টেক-৩, নামে প্রকাশ করা হয়। স্মরণিকাটি সম্পাদন করেন সম্পাদক মোঃ ওবায়েদুর রহমান ভূঁইয়া ইমন, উপ-সম্পাদক মোঃ কামাল হোসেন। সম্পাদক সাহেব অতিথীবৃন্দ এবং সংগঠনের নেতাবৃন্দকে সঙ্গে নিয়ে ম্যাগাজিন উদ্বোধন করেন এবং উপস্থিত সকলের মধ্যে বিতরন করেন।

বনভোজন সংগঠনের নেতৃবৃন্দের মধ্যে আরো উপস্থিত ছিলেন সহ-সভাপতি বাবু সন্তোষ সাহা, মোঃ তাজুল ইসলাম কামাল, সাাবেক সাধারণ সাংগঠনিক সম্পাদক মোঃ আসাদ উজ জামান বাবু, আইন ও আন্তজার্তিক বিষয়ক সম্পাদক মোঃ তোফাজ্জল হোসেন কাজী বাবুল, সমাজ কল্যান সম্পাদক মোঃ আশরাফুল আজিজ মুরাদ, দপ্তর সম্পাদক মোঃ মাসুম ভইয়া। -প্রেস রিলিজ



নিউইয়র্কে সাউথ এশিয়ান ইউনিটি প্যারেড ৯ আগস্ট









শেষ পৃষ্ঠার পর

গুলশান ট্যারেসে মঙ্গলবার (৭ জুলাই) বিকেলে আয়োজিত এক জনাকীর্ণ সংবাদ সম্মেলনে 'সাউথ এশিয়ান ইউনিটি প্যারেড' কমিটির নেতৃবৃন্দ উপরোক্ত তথ্য জানান।

বাংলাদেশ সোসাইটির ট্রাষ্টি বোর্ড চেয়ারম্যান, বিশিষ্ট ব্যবসায়ী শাহ নেওয়াজ-এর সভাপতিত্বে আয়োজিত সংবাদ সম্মেলনে প্যারেডের বিস্তারিত জানিয়ে লিখিত বক্তব্য পাঠ করেন সোসাইটির সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী। এর আগে প্যারেড অনুষ্ঠানের প্রতি সমর্থন জানিয়ে সংক্ষিপ্ত বক্তব্য রাখেন প্যারেড কমিটির আহ্বাক ও সোসাইটির সিনিয়র সহ সভাপতি মহিউদ্দিন দেওয়ান, প্যারেড কমিটির সদস্য সচিব ও সোসাইটির সহ সভাপতি মোহাম্মদ কামরুজ্জামান, প্রধান সমন্বয়কারী শাহ শহিদুল ইসলাম, জেবিবিএ'র সাবেক সভাপতি হারুন ভূইয়া, চিটাগাং এসোসিয়েশন অব ইউএসএ'র (একাংশ) সভাপতি মাকসুদুল হক চৌধুরী, জ্যাকসন হাইটস এলাকাবাসীর সভাপতি শাকিল মিয়া ও সাধারণ সম্পাদক মোহাম্মদ নমি।

এছাড়াও শুভেচ্ছা বক্তব্য রাখেন বাংলাদেশ সোসাইটির অন্যতম ট্রাষ্টি সদস্য আজহারুল হক মিলন। সোসাইটির অপর ট্রাষ্টি সদস্য নাঈম টুটুল, সাংগঠনিক সম্পাদক ডিউক খান ও প্রচার সম্পাদক রিজু মোহাম্মদ সহ কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ এসময় উপস্থিত ছিলেন।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে মোহাম্মদ আলী সাউথ এশিয়ান ইউনিটি প্যারেড (এসএইউপি) আয়োজনের কথা জানিয়ে বলেন, 'এক অঞ্চল ও এক সংস্কৃতি এবং এক ভবিষ্যৎ' এই প্রতিপাদ্যকে সামনে নিয়ে আমাদের এবারের প্যারেড আয়োজন করা হয়েছে। আমরা বিশ্বাস করি, ভাষা, সংস্কৃতি কিংবা জাতীয়তার ভিন্নতা থাকলেও পারস্পরিক শ্রদ্ধা, সম্প্রীতি ও ঐক্যের মধ্য দিয়েই আমরা আরও শক্তিশালী একটি সমাজ গড়ে তুলতে পারি। আমাদের জন্য এটি অত্যন্ত গর্বের বিষয় যে, ২০২৬ সালের সাউথ এশিয়ান ইউনিটি প্যারেডের হোস্ট কান্ট্রি হিসেবে বাংলাদেশ নির্বাচিত হয়েছে। একই সঙ্গে উত্তর আমেরিকায় বসবাসরত বাংলাদেশীদের সর্ববৃহৎ ও আমব্রেলা সংগঠন বাংলাদেশ সোসাইটি এই বছরের হোস্ট অর্গানাইজেশন হিসেবে দায়িত্ব পালন করছে।

তিনি বলেন, আগামী ৯ আগস্ট ২০২৬, রোববার সকাল ৯টা থেকে দুপুর ২টা পর্যন্ত কুইন্সের জ্যাকসন হাইটসের ৩৭ অ্যাভিনিউ, ৬৯ স্ট্রিট থেকে ৮৭ স্ট্রিট পর্যন্ত এই বর্ণাঢ্য শোভাযাত্রা অনুষ্ঠিত হবে। এটি শুধু একটি প্যারেড নয়, এটি আমাদের সংস্কৃতি, ঐতিহ্য, সম্প্রীতি ও বৈচিত্র্যকে একসঙ্গে উদযাপনের একটি উৎসব। শোভাযাত্রার পাশাপাশি থাকবে রঙিন সাংস্কৃতিক পরিবেশনা, ঐতিহ্যবাহী পোশাক, বিভিন্ন দেশের খাবার এবং দক্ষিণ এশিয়ার সমৃদ্ধ সংস্কৃতির নানা দিক তুলে ধরার আয়োজন। এই আয়োজন মূলত দক্ষিণ এশিয়ার বৈচিত্রময় সংস্কৃতির এক মহা মিলনমেলা। এবারের প্যারেডে এক সুতোয় গাঁথা হবে এই অঞ্চলের সাতটি দেশ বাংলাদেশ, ভারত, পাকিস্তান, নেপাল, শ্রীলঙ্কা, ভুটান ও মালদ্বীপকে। আমরা অত্যন্ত আনন্দের সঙ্গে জানাচ্ছি যে, এই দেশগুলোর প্রবাসী ভাই-বোনেরা তাদের নিজস্ব ঐতিহ্য, কৃষ্টি ও সংস্কৃতি নিয়ে বর্ণিল সাজে এই প্যারেডে অংশগ্রহণ করবেন, যা প্রবাসের মাটিতে আমাদের পারস্পরিক সৌহার্দ্যকে এক অনন্য উচ্চতায় নিয়ে যাবে।

এ বছর বাংলাদেশ হোস্ট কান্ট্রি হওয়ায় আমাদের ইতিহাস, সংস্কৃতি ও ঐতিহ্যকে বিশেষভাবে তুলে ধরা হবে। তবে এই আয়োজন শুধু বাংলাদেশের নয়; এটি দক্ষিণ এশিয়ার সকল দেশের মানুষের মিলনমেলা। আমরা চাই, সবাই একসঙ্গে অংশগ্রহণ করুক, একে অপরের সংস্কৃতিকে জানুক এবং সম্প্রীতির এই বার্তাকে আরও শক্তিশালী করুক।

মোহাম্মদ আলী বলেন, বাংলাদেশ সোসাইটির পক্ষ থেকে সকল সামাজিক, সাংস্কৃতিক, পেশাজীবী, ক্রীড়া, ব্যবসায়ী, যুব ও কমিউনিটি সংগঠনকে এই আয়োজনে অংশগ্রহণের জন্য আন্তরিক আমন্ত্রণ জানানো হবে। পাশাপাশি আমাদের সিটি, স্টেট এবং ফেডারেল পর্যায়ের সম্মানিত জনপ্রতিনিধিদেরও আমরা এই আয়োজনে অংশ নেওয়ার জন্য আমন্ত্রণ জানাবো।

প্যারেডে আহ্বায়ক হিসেবে দায়িত্ব পালন করছেন সোসাইটির সিনিয়র সহ-সভাপতি মোহাম্মদ মহিউদ্দিন দেওয়ান, সদস্য সচিব হিসেবে রয়েছেন সোসাইটির সহ-সভাপতি মোহাম্মদ জামান এবং প্রধান সমন্বয়কারী হিসেবে দায়িত্ব পালন করছেন শাহ শহিদুল হক। প্যারেডে সার্বিক তত্ত্বাবধানে রয়েছেন বাংলাদেশ সোসাইটির বোর্ড অব ট্রাস্টিজ-এর চেয়ারম্যান শাহ এম. নেওয়াজ, সোসাইটি সভাপতি আতাউর রহমান (সেলিম) ও সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী। এছাড়াও বাংলাদেশ সোসাইটির বোর্ড অব ট্রাস্টিজ এবং নির্বাহী কমিটির সকল সদস্যের সম্মিলিত প্রচেষ্টায় এই আয়োজনের প্রস্তুতি এগিয়ে চলছে।

সংবাদ সম্মেলনে মোহাম্মদ আলী বলেন, এই ধরনের একটি বৃহৎ আয়োজন কোনো একক ব্যক্তি বা একটি প্রতিষ্ঠানের পক্ষে সফল করা সম্ভব নয়। এর জন্য প্রয়োজন পুরো কমিউনিটির আন্তরিক সহযোগিতা। তাই আমরা বিনীতভাবে আপনাদের সকলের সহযোগিতা, পরামর্শ ও সক্রিয় অংশগ্রহণ কামনা করছি। বিশেষ করে আমাদের গণমাধ্যমের বন্ধুদের প্রতি অনুরোধ থাকবে, আপনারা এই আয়োজনের সংবাদ ও বার্তা সবার কাছে পৌঁছে দিয়ে আমাদের পাশে থাকবেন। আর কমিউনিটির সকল সংগঠন ও সদস্যদের প্রতি আহ্বান, আসুন আমরা সবাই একসঙ্গে এই আয়োজনকে সফল করি।

আমরা বিশ্বাস করি, আপনাদের সবার অংশগ্রহণে সাউথ এশিয়ান ইউনিটি প্যারেড ২০২৬ শুধু একটি সফল অনুষ্ঠানই হবে না, বরং এটি দক্ষিণ এশিয়ার ঐক্য, সম্প্রীতি ও সাংস্কৃতিক বৈচিত্র্যের এক অনন্য দৃষ্টান্ত হয়ে থাকবে। আগামী ৯ আগস্ট, পরিবার-পরিজন, বন্ধু-বান্ধব ও সহকর্মীদের নিয়ে সবাইকে এই প্যারেডে অংশ নেওয়ার আন্তরিক আমন্ত্রণ জানাচ্ছি। চলুন, আমরা সবাই মিলে ঐক্যের এই উৎসবকে স্মরণীয় করে তুলি। জয় হোক সম্প্রীতির। জয় হোক ঐক্যের।'

সংবাদ সম্মেলনে এক প্রশ্নের উত্তরে শাহ নেওয়াজ বলেন, সম্প্রতি অনুষ্ঠিত বাংলাদেশ ডে প্যারেড এর সাথে সাউথ এশিয়ান ইউনিটি প্যারেড-এর কোন সম্পর্ক নেই বা প্রতিদ্বন্দ্বিতাও নেই। বাংলাদেশ সহ এশিয়ার ৭টি দেশকে তুলে ধরাই এই প্যারেডের মূল লক্ষ্য। আমার উদ্যোগে একটি রেজিষ্টার্ড সংগঠন প্রতিষ্ঠার মাধ্যমে এই প্যারেড করা হচ্ছে। তিনি বলেন, বাংলাদেশ ডে প্যারেডের অন্যতম উদ্যোক্তা ফাহাদ সোলায়মান আমাদের সাথে রয়েছেন, তবে তিনি বিশেষ কাজে ব্যবস্ততার জন্য আকের সংবাদ সম্মেলনে উপস্থিত হতে পারেননি।

অপর এক প্রশ্নের উত্তরে শাহ নেওয়াজ বলেন, প্যারেডের বিষয়ে এশিয়ার দেশগুলোর প্রতিনিধির সাথে ব্যক্তিগতভাবে আমার কথা হয়েছে। তবে অচিরেই আমরা তাদের সাথে আনুষ্ঠানিকভাবে বসবো।

মোহাম্মদ আলী বলেন, যেহেতু বাংলাদেশ সোসাইটি এই প্যারেডের আয়োজক সংগঠনের মর্যাদা পেয়েছে সেহেতু আমাদের হাতে সময় কম বলেই প্যারেডের দিন-তারিখ ঘোষণা করতেই তাড়াহুড়া করে আয়োজিত সংবাদ সম্মেলনে দক্ষিণ এশিয়ার অন্য দেশগুলোর প্রতিনিধি আজ উপস্থিত হতে পারেননি। তবে অচিরেই দক্ষিণ এশিয়ার ৭ দেশের প্রতিনিধিদের সাথে কথা বলে পূর্ণ কমিটি গঠন করা হবে।

অপর এক প্রশ্নের উত্তরে শাহ নেওয়াজ বলেন, প্রথমবারের মতো এই প্যারেডের আয়োজক সংগঠন হিসেবে বাংলাদেশ সোসাইটি দায়িত্ব পালন করবে। পরবর্তী বছরগুলোতে পর্যায়ক্রমে অন্যান্য দেশ আয়োজক সংগঠনের দায়িত্ব পালন করবে।

Charles Rutenburg Realty Inc.
255 Executive Drive, Suite 104, Plainview, New York 11803
Office: (516) 575-7500 | Fax: (516) 575-7501
www.crrli.com

আমরা বাড়ী ক্রয়-বিক্রয় করিতে সহায়তা করে থাকি।

One Key® MLS



Shamsud Doha
Licensed Real Estate Salesperson
(718) 415-0013
doha57@aol.com

● RESIDENTIAL ● CO-OP & CONDO ● SHORT SALE ● FORECLOSURES

নিউইয়র্ক পোস্টের সমালোচনার মধ্যেও জনপ্রিয় মেয়র মামদানি!

শেষ পৃষ্ঠার পর কমেনি; বরং সাম্প্রতিক জরিপে জনসমর্থন আরও বেড়েছে। রাজনৈতিক বিশ্লেষকদের মতে, সামাজিক যোগাযোগমাধ্যমে সরাসরি মানুষের সঙ্গে যোগাযোগের কৌশল এবং নিজের বার্তা নিজেই পৌঁছে দেওয়ার সক্ষমতা তাকে রাজনৈতিকভাবে শক্ত অবস্থানে রেখেছে।

দ্য গার্ডিয়ানের প্রতিবেদনে বলা হয়, ২০২৪ সালের শেষ দিকে মেয়র নির্বাচনের প্রচারণা শুরু করার পর থেকেই নিউইয়র্ক পোস্ট জোহরান মামদানিকে লক্ষ্য করে ধারাবাহিক সমালোচনা চালিয়ে আসছে। কখনও তাকে কমিউনিস্ট, কখনও পুলিশবিরোধী, কখনও ইহুদিবিদ্বেষী, আবার কখনও ধনীদের সিটি ছেড়ে যেতে বাধ্য করছেন প্রতিবেদনে এমন অভিযোগও করেছে নিউইয়র্ক পোস্ট।

গার্ডিয়ানের প্রতিবেদনে বলা হয়, মেয়র হিসেবে দায়িত্ব নেওয়ার ছয় মাস পর দেখা যাচ্ছে, এসব সমালোচনা তার জনপ্রিয়তায় তেমন নেতিবাচক প্রভাব ফেলতে পারেনি। বরং জুন মাসে অনুষ্ঠিত ডেমোক্র্যাটিক প্রাইমারিতে তিনি যেসব তিনজন কংগ্রেস প্রার্থীকে সমর্থন দিয়েছিলেন, তারা সবাই জয়ী হয়েছেন।

জুনের শেষ দিকে প্রকাশিত সিয়েনা ইউনিভার্সিটির এক জরিপে দেখা যায়, ৫৮ শতাংশ নিউইয়র্কবাসী মামদানির কাজের প্রতি সন্তুষ্টি প্রকাশ করেছেন। বিপরীতে ২৬ শতাংশ তার প্রতি অসন্তোষ জানিয়েছেন। জরিপে তার জনপ্রিয়তা ডেমোক্র্যাটিক পার্টির সামগ্রিক জনসমর্থনের চেয়েও বেশি বলে উল্লেখ করা হয়েছে।

প্রতিবেদনে আরো বলা হয়, চলতি সপ্তাহে মাত্র তিন দিনে নিউইয়র্ক পোস্ট মামদানিকে নিয়ে ২৯টি প্রতিবেদন প্রকাশ করেছে। এসব প্রতিবেদনে ইসরায়েল নীতি, সরকারি সুপারমার্কেট চালুর পরিকল্পনা, সরকারি বিদ্যালয়ে বিনিয়োগ বৃদ্ধি, নিউইয়র্কের অভিবাসী অধ্যুষিত এলাকার মানচিত্রে 'লিটল ইতালি' বাদ পড়া এবং এমনকি তার স্ত্রীর ব্যক্তিগত ভ্রমণ নিয়েও সমালোচনা করা হয়েছে।

রাজনৈতিক বিশ্লেষক ও লেখক রস বারকান গার্ডিয়ানকে বলেন, নিউইয়র্ক পোস্ট অতীতে অনেক উদারপন্থী মেয়রের জনপ্রিয়তায় প্রভাব ফেলতে সক্ষম হয়েছিল। কিন্তু মামদানির ক্ষেত্রে এখন পর্যন্ত এমন কোনো সমালোচনার ভাষা তারা খুঁজে পায়নি, যা সাধারণ ভোটারদের মধ্যে কার্যকরভাবে প্রভাব ফেলতে পারে।

তিনি বলেন, সাবেক মেয়র বিল ডি ব্লাসিওর বিরুদ্ধে পোস্ট দ্রুত একটি কার্যকর রাজনৈতিক বর্ণনা তৈরি করতে পেরেছিল। কিন্তু মামদানির ক্ষেত্রে সেই কৌশল এখনো সফল হয়নি।

মিডিয়া ম্যাটার্স ফর আমেরিকা-এর সভাপতি অ্যাঞ্জেলো কারুসোনে বলেন, মামদানি প্রচলিত সংবাদমাধ্যমের ওপর নির্ভর না করে নিজেই সামাজিক যোগাযোগমাধ্যমের মাধ্যমে মানুষের কাছে সরাসরি নিজের বক্তব্য পৌঁছে দিচ্ছেন। ফলে তার বিরুদ্ধে আনা অনেক সমালোচনা আগের মতো প্রভাব ফেলছে না।

প্রতিবেদনে আরও বলা হয়, নির্বাচনের আগে নিউইয়র্ক পোস্ট দাবি করেছিল, মামদানি নির্বাচিত হলে বড় বড় কোম্পানি ও ধনীরা নিউইয়র্ক ছেড়ে চলে যাবে, অপরাধ বেড়ে যাবে এবং শহর আর্থিক সংকটে পড়বে। তবে এখন পর্যন্ত এসব আশঙ্কার পক্ষে স্পষ্ট কোনো প্রমাণ পাওয়া যায়নি। বরং ২০২৬ সালের প্রথম প্রান্তিকে নিউইয়র্কে আগের তুলনায় অফিস ভাড়ার পরিমাণ বেড়েছে, যা ব্যবসা প্রতিষ্ঠানগুলোর কার্যক্রম অব্যাহত থাকার ইঙ্গিত দেয়।

বিশ্লেষকদের মতে, ধারাবাহিক সমালোচনা সত্ত্বেও মামদানির রাজনৈতিক অবস্থান এখনো শক্ত রয়েছে। সাধারণ নিউইয়র্কবাসীর একটি বড় অংশ এসব সমালোচনাকে অতিরঞ্জিত হিসেবে দেখছেন, যার কারণে সেগুলো এখন পর্যন্ত তার জনপ্রিয়তায় উল্লেখযোগ্য প্রভাব ফেলতে পারেনি।









অর্থনৈতিক সমস্যার সমাধানে নিউইয়র্কসহ পুরো যুক্তরাষ্ট্রে সাউথ-ইস্ট গ্রুপ নিয়ে এলো

Micro Credit ও Micro Finance



- দরিদ্র ও স্বল্প আয়ের মানুষরা মাইক্রো ক্রেডিটের মাধ্যমে লোন পেতে পারেন সহজ শর্তে।
- ক্ষুদ্র ব্যবসায়ী, ফুড ভেন্ডার ও অন্যরা মাইক্রো ফাইন্যান্সের মাধ্যমে পেরেন পারেন সহজ শর্তে লোন।
- এছাড়াও পেতে পারেন সোলার প্যানেল ও উইন্ডমিলের জন্য লোন।
- চাষাবাদের জন্য লোন

যাদের ক্রেডিট স্কোর কম, কিংবা ব্যাড ক্রেডিট তাদের ক্রেডিট লাইন বিল্ড করে দেব।

বিস্তারিত জানার জন্য যোগাযোগ করুন

Southeast USA Group Inc.

74-09 37th Avenue, Suite # 206, Jackson Heights, NY 11372
Phone: 917-566-1612
www: southeastusagroup.com

Multiservices Inc

মাল্টিসার্ভিস অফিস



বাংলাদেশী আমেরিকান কমিউনিটির জন্য
আমরা নিম্নলিখিত সার্ভিস সমূহ প্রদান করে থাকি

- মানি অর্ডার।
- ই-পাসপোর্ট এর জন্য আবেদন করা।
- ই-পাসপোর্ট এপ্লাই করার পর পাসপোর্টের স্ট্যাটাস/অবস্থান নিয়মিতভাবে আবেদনকারীকে অবহিত করা।
- মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) এর জন্য আবেদন করা।
- এনআইডি/ভোটার আইডি কার্ড আবেদন করা।
- জন্ম সনদের জন্য আবেদন পূণঃ মুদ্রণ/সঠিক তথ্য করা/পরিবর্তন আবেদন করা।
- পাওয়ার অব এ্যাটর্নি তৈরী করা।
- নো ভিসা ফরম পূরণ করা।
- দ্বৈত নাগরিকত্ব-এর জন্য আবেদন করা।
- তালাক নোটিশ তৈরী করা।
- এয়ার টিকেট।
- সকল প্রকার ইমিগ্রেশন ফাইল করা।
- ওয়ার্ক পারমিট রিনিউর আবেদন করা।
- ক্যাশ এসিসটেন্স আবেদন করা।
- ফুড স্ট্যাম্প আবেদন করা।
- ক্রেটাল এসিসটেন্স আবেদন করা।
- ট্যাক্স ফাইল।
- বাংলাদেশে ট্যাক্স রিটার্ন জমা দেয়া/ই-টিন করা।
- বাংলাদেশে বাড়ী/ফ্ল্যাটের বাৎসরিক পৌর কর জমা করা।
- EB-3 আবেদন প্রসেস করা।
- ভারতীয় ভিসার আবেদন করা।
- সৌদি ওমরাহ ভিসার আবেদন করা।

Tel (917)-776-1235 646-461-0919

বিশ্বস্ত সেবার অন্যতম বাংলাদেশী প্রতিষ্ঠান

31-10 37th Avenue,
Suite- 206, (2nd Floor), NY 11101
Email: fsr2024@yahoo.com

GRAND OPENING! JACKSON HEIGHTS OFFICE

GEHI & ASSOCIATES

Attorneys and Counselors at Law
www.gehilaw.com

ফ্রি কনসালটেশন



Naresh Gehi, Esq.

74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911

ইমিগ্রেশন ব্যাংক্র্যাপসি ক্রেডিট কার্ড মেটার ডিভোর্স চাইল্ড কাস্টডি চাইল্ড সাপোর্ট
অর্ডার অব প্রোটেকশন সিটিজেনশিপ সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।

- Do you want apply for a green card?
- Are you being deported?
- Are you having credit card problems?
- Are you unable to pay your debts?
- Has your bank account been sealed?
- Are you getting harrassed by creditors?

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.

আমরা ৭ দিন খোলা
We are open 7 days

আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।



Suryia Rahman, Esq

Call: 718-263-5999

- তুলনামূলকভাবে কম ফি
- সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

বাংলাদেশী মেডিকেল গ্রুপ



ডাঃ আতাউল ওসমানি
এম.ডি
ফ্যামিলি মেডিসিন বিশেষজ্ঞ
৭১৮-৬৩৬-০১০০

ডাঃ ফেরদৌস খন্দকার
এম.ডি, এফএসিপি
মেডিসিন বিশেষজ্ঞ

Brooklyn
20 Arlington Place
(Across the Fulton St.)
(Betw. Bedford & Nostrand Ave)
Brooklyn, NY 11216
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

Jackson Heights
70-17 37th Avenue
(Betw. 70 & 71st Street)
East Side of BQ Express Way
Jackson Heights, NY 11372
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

TODAY'S DENTAL

86-30 Broadway, 2nd Fl, Elmhurst, NY 11373.
Corner of Broadway & Justice Ave
Tel: 718-760-5500



আমরা সব ধরনের ইন্সুরেন্স গ্রহন করে থাকি।



দাত ও মাড়ির সর্বাধুনিক সুচিকিৎসার জন্য



আপনাদের সেবায়

ডা: কাজী জাফরি সাত্তার
ডা: এ. এ. আব্দুল কাদের ডিডিএস (ইউনিক ডেন্টাল)

আমরা বাংলায় কথা বলি

REQUEST A FREE CONSULTATION
718-760-5500

HOW TO REACH US
Top of Grand Ave Station
By Train - M, R Train
By Bus - Q 53, Q 58, Q 60 Queens Blvd.

ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব



কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া **লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:**

● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (স্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সাপোর্ট/ কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজুরী/ স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং গ্রোসারি ষ্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মাল্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

All Service Provided by Attornys Admittied in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com

MAMUN'S TUTORIAL

: Directed by :
SHEIKH AL MAMUN, Certified School Teacher
MS Math Ed, MA Pure Math, Principal, Mamun's Tutorial



Our Programs:
Summer Program will start from July 5th

SAT
8 Weeks Course
4 Hours Each Class
Total 32 Classes (4 days/week)
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

SHSAT
8 Weeks Course
5 days/week
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

COMMON CORE MATH & ENGLISH
1st Grade to 6th Grade
8 weeks course
3 Hrs./day, 4 days/week
Cost : 600.00

Get **25%** Discount
sign up by 4th July

Admission going on
K-6 & Common Core Regents Classes

Bronx Branch:
1504 Olmstead Avenue, Bronx, NY 10462
Phone : 347-657-0530, 917-561-1090

Jackson Heights Branch:
37-21 72nd Street, Jackson Heights, NY 11372
Phone : 718-507-2113, 917-561-1090

Congratulations to all our Students who made into Specialized High School

Quality Education Is Our Priority!

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ

অফিসের অধীনে শেভনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেণী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।



অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'

আমেরিকা যে কোন স্থানে ব্যবসা বাণিজ্যের নতুন বিনিয়োগে যাবার Treaty (E-2) ভিসার অধীনে এদেশে বসবাস করার সুযোগ পেতে পারেন এবং পাসপোর্টে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হতে পারেন।

আমেরিকায় ১ মিলিয়ন বা তদুর্ধ্ব ৩ লাখ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।

বিশ্বব্যাপী এদেশে আপনার বিনিয়োগের অর্থ অনায়াসে আমাদের সাহায্যে পাঠাতে পারেন।

দেশে কোন প্রোপার্টি ফরিদ/পরিচালনার ব্যাপারে আপনি ও আপনার পরিবার ৫ বছরের সুবিধা নিয়ে পারেন এবং তুরন্ত গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।

আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?

- আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এমাইলামসহ সর্বপ্রকার ক্রিমিনাল এন্টেট প্ল্যানিং, পারসোনাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিপ্রাসাইজেশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
- আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
- আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।

Law Offices of Ashok K. Karmaker, P.C.

Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282, Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klplic@gmail.com, Web: www.k-lplic.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711

SNS এসএনএস একাউন্টিং এন্ড জেনারেল সার্ভিসেস



(একটি বিশ্বস্ত ও নির্ভরশীল প্রতিষ্ঠান)

একাউন্টিং
ইনকাম ট্যাক্স, ব্যক্তিগত(Individual all States), কর্পোরেশন, পার্টনারশীপ, নট ফর প্রফিট ট্যাক্স, সেলস ট্যাক্স, বুককিপিং এন্ড একাউন্টিং এবং আইআরএস -এর সাথে সমস্যা সমাধানে পরামর্শ।

ইমিগ্রেশন
সিটিজেনশীপ পিটিশন, নিকটাত্মীয়দের জন্য পিটিশন, এ্যাফিডেভিড অব সাপোর্ট, বার্থ সার্টিফিকেট এর এ্যাফিডেভিড এবং অন্যান্য ইমিগ্রেশন সংক্রান্ত বিষয়াদি।

Authorized e-file PROVIDER

Electronic Filing & Direct Deposit
2021
For Accurate Faster & Secure Refund

প্রফেশনাল করস্পন্ডেন্স, ট্রান্সলেশন সার্ভিস।
নোটারী পাবলিক
ফ্যাক্স সার্ভিস
রেজুমি
দক্ষতার সাথে রেজুমি ও কভারিং লেটার প্রস্তুত করা হয়।
রেজিস্ট্রেশন
বিজনেস সার্টিফিকেট ও কর্পোরেশন রেজিস্ট্রেশন

দ্রুততম উপায়ে আমেরিকার বিভিন্ন স্টেটের কাস্টমার্সদের ইনকাম ট্যাক্স ও ইমিগ্রেশন বিষয়ক সার্ভিস দেওয়া হয়।

অফিস সময় : সোমবার থেকে শুক্রবার সকাল ১০টা- রাত ৮টা। শনি ও রোববার সকাল ১১ টা-রাত ৮টা

"EXPERIENCE COUNTS, TRUST US, WE SERVE YOU BETTER"
আমাদের রয়েছে ২৫ বছরের বেশি- বিধিসম্মত -নির্ভুল ট্যাক্স ফাইলিং এর দক্ষতাও অভিজ্ঞতা

যোগাযোগ করুন ঃ **এম এ কাইয়ূম**
৩৫-৪২ ৩১ স্ট্রীট, এস্টোরিয়া, নিউইয়র্ক- ১১১০৬
ফোন ঃ ৭১৮-৩৬১-৫৮৮৩,৭১৮-৬৮৫-২০১০ ফ্যাক্স ৭১৮-৩৬১-৬০৭১
(এন এবং ডব্লিউ ট্রেনে ৩৬ এভিনিউ সাবওয়ের নিকটে)

Wasi Choudhury & Associates LLC

আপনি কি I.R.S./STATE নোটিশ নিয়ে চিন্তিত?

SERVICES
- **Represent Taxpayers for I.R.S./ State Audit**
- **Tax Preparation:** Individual, Corporation, Partnership, LLC, Not-for-Profit, etc.
- **Accounting:** Payroll, Sales Tax, etc.
- **Business Licenses**
- ইমিগ্রেশন সংক্রান্ত নিয়মাবলী প্রয়োজনে ফলো করা হয়।

IRS e-file IRS AUTHORIZED E-FILE PROVIDER

Wasi Choudhury, EA
Admitted to Practice before the IRS
সদস্য, বোর্ড অব ট্রাস্টি, বাংলাদেশ সোসাইটি ইন্ক

Member : naea



Tel: 718-440-6712
718-205-3460
Fax: 718-205-3475
Email: wasichoudhury@yahoo.com

ক্রেডিট কার্ড এর মাধ্যমে ও পেমেন্ট করতে পারেন

37-22, 61st St., 1st Fl, Woodside, NY 11377

SECI
Sonali Exchange Co. Inc.
Secure, Fast, Reliable.



বাংলাদেশে টাকা পাঠাবেন? সোনালী এক্সচেঞ্জে আসুন
রবিবার জ্যামাইকা ও জ্যাকসন হাইট্স ব্যতীত অন্যান্য শাখা বন্ধ

- আমরা দিচ্ছি সর্বোচ্চ রেট
- আমরা টাকা পাঠাতে কোন ফি নেই না
- আমরা সকল ব্যাংকে একই রেট দিয়ে থাকি
- আমাদের ক্যাশ পিকআপ ও বিকাশ রেটও সমান
- আমরা দিচ্ছি ২.৫০% সরকারী প্রণোদনার নিশ্চয়তা

ঘরে বসে টাকা পাঠাতে
আপনার মোবাইল থেকে
Sonali Exchange App.
ডাউনলোড করে রেজিস্ট্রেশন করুন
যোগাযোগ- ২১২-৮০৮-০৭৯০

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্‌ক
SONALI EXCHANGE CO. INC.
সোনালী ব্যাংক পিএলসি এর একটি অঙ্গ প্রতিষ্ঠান
LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE DFS NY, DF&I NJ, DFS MI, DB&F GA, OCFR MD AND FLOFR FL
NMLS NO. 1098789

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।
রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

ASTORIA 718-777-7001	ATLANTA 770-936-9906	BROOKLYN 718-853-9558	JACKSON HTS 718-507-6002	BRONX 718-822-1081
JAMAICA 347-644-5150	MANHATTAN 212-808-0790	MICHIGAN 313-368-3845	OZONE PARK 347-829-3875	PATERSON 973-595-7590

আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সুযোগ দিন

DR. SADI ALAM, DPM
Foot Specialist
